Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

1·5

2/2333 41/56

দাস্য-মধুর

শ্রী

শ্রীসীতারামদাস ওঙ্কারনাথ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দাস্য-মধুর

11/56

LIBRARY 11/56
No. 353 1213
Shri Shri Ma Anandamayee Ashram
B...

শ্রীসীতারামদাস ওঙ্কারনাথ

মূল্য—২৲

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশক

কিঙ্কর নারায়ণদাস

প্রথম সংস্করণ

১৪ই অগ্রহায়ণ—১৩৬১

সঙ্ঘ প্রেস হইতে

কুমারী নির্ম্মলা ঘোষ কর্ত্তৃক মুদ্রিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

11/১৯৮৫

ভূমিকা

শেষ পর্য্যন্ত "দাস্য মধুরের" ভূমিকা লিখিবার ভার আমার উপরই আসিয়া পড়াতে একদিকে যেমন গৌরব বোধ করিতেছি, তেমনি আবার নিজের অযোগ্যতা স্মরণ করিয়া লজ্জিত ও সঙ্কুচিত হইতেছি। মধুর অভাবে গুড়ের ব্যবস্থা অবশ্য বহুকালের রীতি, কিন্তু এবার ব্যবস্থা হইল নিমের।

"দাস্য মধুর" ভক্তিরসাশ্রিত একখানি নাটক—খানিকটা পৌরাণিক, খানিকটা ঐতিহাসিক। এই নাটকের দুইটি প্রধান চরিত্র—গোস্বামী তুলসীদাস ও ভক্তিমতী মীরাবাঈ—ঐতিহাসিক চরিত্র। ভারতীয় ভক্তিধর্ম্ম ও সাহিত্যের ইতিহাসে ইঁহারা উভয়েই স্বমহিমায় সমাসীন। ইঁহাদের জীবনকে কেন্দ্র করিয়া বহু কথা, বহু কাহিনী গড়িয়া উঠিয়াছে। পাঠক লক্ষ্য করিবেন—ইঁহাদের সম্পর্কে প্রচলিত প্রায় সমস্ত কিংবদন্তি নাটকে স্থান পাইয়াছে।

গোস্বামী তুলসীদাসের জীবন সামান্য একটি ঘটনায়, একটি কথায়, একটি ইঙ্গিতে পরিবর্ত্তিত হইয়া গেল। একদিকে যে অত্যাসক্তি ছিল, তাহাই ধারা পরিবর্ত্তন করিয়া তেমনি অথবা ততোধিক তীব্রবেগে অন্য পথে ছুটিল। মহাত্মা বিল্বমঙ্গল ঠাকুরের জীবনের সহিত খানিকটা সাদৃশ্য লক্ষ্য করা যায়। ইষ্ট দর্শনের জন্য কি অসীম আকুলতা! আকাঙ্ক্ষিত ইষ্ট দর্শনের পর তুলসীদাস জগৎ-কল্যাণে ব্রতী হইলেন। রাম-গুণগান ও রামনাম প্রচার তাঁহার জীবনের ব্রত হইল। নামের প্রত্যক্ষ প্রভাব দেখাইয়া ইনি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবিশ্বাসীর নাস্তিকতা ও পণ্ডিতের অহঙ্কার চূর্ণ করিলেন। ইহার পর যে কেহ তাঁহাব সংস্পর্শে আসিতেছে তাহারই পরিবর্ত্তন হইতেছে। এই ভক্তজীবনের অমর কাহিনী নাটকে অতি সুন্দর ভাবে রূপায়িত হইয়াছে।

আর মীরাবাঈ—শৈশব হইতে একটী অপার্থিব সত্বা লইয়া যিনি লীলা করিতে আবির্ভূত হইয়াছিলেন, গিরিধারীর ভুবনমোহন রূপ যাহার হৃদয় মন এমন করিয়া ভরিয়া দিয়াছিল যে অন্য কোন দিকে ভ্রুক্ষেপ করিবার অবসর পাইলেন না—এই নাটকের আর একটি চরিত্র। রাজকুলবধূ মীরা, লৌকিক সুখের উপাদানের কোন অভাব ছিল না—কিন্তু দূরের আকর্ষণ যাঁহাকে টানিয়াছে, নিকটের জিনিষকে লইয়া তিনি স্থির হইবেন কি করিয়া? বন্ধু শত্রু হইল, সমস্ত সংসার বিরূপ হইয়া দাঁড়াইল—ঘরে বাহিরে সমালোচনা, নিন্দা, কুৎসা। গিরিধারীর চরণে চিত্তেন্দ্রিয়কায় সঁপিয়া দিয়া হাসিমুখে মীরা সমস্ত সহ্য করিতে লাগিলেন। যেদিন দুঃসহ দুঃখ সহের সীমা নিতান্তই অতিক্রম করিল, সেদিন গিরিধারী প্রিয়সখীকে আপনার বুকে টানিয়া লইলেন। মীরার জীবন বাস্তবিকপক্ষে বাসনা-কামনা দ্বন্দ্ব-কলহের ধূলি-মলিন এই পৃথিবীতে স্বর্গ হইতে বিচ্যুত যেন একখণ্ড দিব্যজীবন স্বর্গের স্বপ্ন-সুষমা লইয়া মুহূর্ত্তের জন্য দেখা দিয়াছিল। সংগীতে সংলাপে নানা বাধা বিপর্য্যয়ের মধ্য দিয়া এই জীবনের কাহিনী অগ্রসর হইয়াছে—কাহিনী শেষ হইয়া গেলেও পাঠকের অশ্রু-বাষ্পাচ্ছন্ন নয়নের সম্মুখে মীরার সমাধি-মগ্ন মূর্ত্তি ভাসিতে থাকিবে, আনন্দ বেদনায় উদ্বেলিত হৃদয়ের মধ্যে মীরার বাণী অনুরণিত হইতে থাকিবে—

'জয় জয় গিরিধারী গোপাল, জয় জয় গিরিধারী গোপাল।'

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধর্ম্ম-মূলক নাটকের সম্পূর্ণ রস-সিদ্ধির জন্য যে মানসিক পরিমণ্ডল গড়িয়া উঠা প্রয়োজন, অজস্র ভক্তিরসাশ্রিত সংগীত সে প্রয়োজন সিদ্ধ করিয়াছে।

এই দুইটি জীবনের কাহিনী ফুটাইয়া তুলিবার সংগে সংগে নাট্যকার সুকৌশলে আরও একটি জিনিষের অবতারণা করিয়াছেন। দাস্য বড় না মধুর বড়—এই বিতর্ক নাটকের গোড়া হইতে শেষ পর্য্যন্ত চলিয়াছে। দাস্য মধুরের কলহ নাটকের আর একটি উপভোগ্য জিনিষ। প্রায় শেষের দিকে সমস্ত রসের যিনি আধার তিনিই এই সমস্যার মীমাংসা করিয়া দিয়াছেন। দাস্যও ভাল, মধুরও ভাল—কারণ 'আমি সর্ব্বরস, রসের আধার—রসতম আমি'।

নাটক দৃশ্যকাব্য—মাত্র পাঠ করিয়া ইহার সম্পূর্ণ রস গ্রহণ করা সম্ভব নয়। অভিনয়ের মধ্য দিয়া চরিত্রগুলি যখন জীবন্ত হইয়া উঠে, নানা সংঘাতে বেদনার্ত্ত হৃদয়ের ব্যথা যখন সংলাপের মধ্য দিয়া অভিব্যক্তি লাভ করে, দর্শক যখন জীবনকে নানা উত্থান-পতনের মধ্য দিয়া প্রত্যক্ষ করেন, তখনই নাটকের পূর্ণ রস-সম্ভোগ সম্ভবপর হয়। কল্পনা নেত্রে নিরীক্ষণ করিতেছি—একটি প্রশস্ত স্থানে মঞ্চ নির্ম্মাণ করিয়া 'দাস্য-মধুর' নাটকের অভিনয় হইতেছে—ঠাকুরের ভক্তিমান শিষ্যগণ নাটকের বিভিন্ন ভূমিকায় অংশ গ্রহণ করিয়াছেন—সহস্র সহস্র উৎসুক নরনারী নিস্তব্ধ হইয়া বসিয়া রহিয়াছেন—ইহাদের মধ্যে একটি স্থানে নাট্যকার স্বয়ং আসন গ্রহণ করিয়াছেন। দৃশ্যের প দৃশ্য অভিনীত হইতেছে, ঠাকুর মুহুর্মুহু সমাধিস্থ হইতেছেন, প্রতীক্ষমান বিরাট জনতা সমস্বরে মধ্যে মধ্যে জয়ধ্বনি করিয়া উঠিতেছে, সমস্ত রসের যিনি আধার তাঁহাকে সম্মুখে দেখিয়া অভিনেতৃগণ প্রাণ ঢালিয়া দিয়া অভিনয় করিয়া চলিয়াছে—সমস্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্থান ব্যাপিয়া একটি শুদ্ধ সাত্ত্বিক পরিবেশ গড়িয়া উঠিয়াছে। অদূর ভবিষ্যতে সেই শুভদিন যেদিন সত্যই আসিবে তখন যাঁহারা এই নাটকের অভিনয় দর্শন করিবেন, দাস্য-মধুরের পূর্ণ আস্বাদ সেইদিন তাঁহারা পাইবেন। আজ পড়িয়া মনে হইবে ভাল, কিন্তু সেদিন দেখিয়া বলিতে হইবে—এত ভাল যে হইবে তাহা ভাবি নাই।

১১ই অগ্রহায়ণ, ১৩৬১
প্রেসিডেন্সী কলেজ, কলিকাতা।

শ্রীশশাঙ্কশেখর বাগ্‌চী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রস্তাবনা

শ্রীশ্রীগুরবে নমঃ

শ্রীঃ

শ্রীগুরুদেবের কৃপায় "দাস্য মধুর" লেখা শেষ হইল। পূজ্যপাদ বৈষ্ণবাচার্য্য স্বর্গীয় রসিকমোহন বিদ্যাভূষণ মহাশয়ের "শ্রীশ্রীলীলামাধুরী" পাঠে শ্রীমতী মীরাবাঈয়ের লীলা আস্বাদনের অভিলাষ হয়। "শ্রীশ্রীলীলামাধুরী"ই আমাদের প্রধান অবলম্বন। হিন্দী, সংস্কৃত, বাঙ্গলা ভক্তমাল ও সন্ত অঙ্ক প্রভৃতি হইতে দুইটী ভক্ত লীলার উপাদান প্রয়োজন মত গ্রহণ করিয়াছি।

মীরাবাঈয়ের জীবনী কর্ণেল টড্ সাহেব লিখিয়াছেন। গুজরাটি পণ্ডিত মাধব রায়, গোবর্দ্ধন রায় ত্রিপাঠি, হিন্দুস্থানী ভাষায় প্রথম ইতিহাস লেখক ঠাকুর শিব সিং সের্দ্দার, কার্ত্তিক প্রসাদ ক্ষেত্রী প্রভৃতি সকলেই টড্ সাহেবের মত সমর্থন করিয়াছেন। "মেবার-মহিমা" প্রণেতা শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায় মহাশয়ও টড্ সাহেবের মতের সমর্থক। আমরা সেই মত গ্রহণ করিয়াছি।

কামতোঽকামতো বাপি যৎ করোমি শুভাশুভম্।
তৎ সর্ব্বং ত্বয়ি সন্ন্যস্তং ত্বৎপ্রযুক্তঃ করোম্যহম্॥

শ্রীমন্দির
লীলাচল আশ্রম পুরীধাম
১৫।৪।৫৮

শ্রীবৈষ্ণব সীতারামদাস ওঙ্কারনাথ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাত্র-পাত্রী

শিব, নারায়ণ, রাম, লক্ষ্মণ, কৃষ্ণ, গিরিধারী, মহাবীর, তুলসীদাস, শ্রীজীব গোস্বামী, হরিদাস, কুম্ভ, আকবর, তানসেন, ভক্ত, কৃষ্ণদাস, রণজিৎ, সাধু, দাতুজী, সুবল, পূজক, ব্রাহ্মণ, বৈষ্ণবগণ, ছদ্মবেশী বৈষ্ণব, ভূত, প্রমথগণ, কুষ্ঠরোগগ্রস্ত বৃদ্ধ, সুখপাল, প্রহরী, নাগরিকগণ, শিবরাম, ভৃত্যদ্বয়, চৌর, বানরদল।

দুর্গা, মীরা, রত্নমালা, মধুর, দাস্য, মহারাণী, তারাবাঈ, উদাবাঈ, চপলা, চামেলী, চম্পা, মীরার সঙ্গিনীগণ, গোপীগণ, ব্রাহ্মণী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

11/52

দাস্য মধুর

প্রস্তাবনা

[প্রমথগণ সহ রাম নাম গান ও নৃত্য করিতে করিতে শিবের প্রবেশ ; নৃত্য গীত]

রাম রাম রাম রাম রাম রাম রাম রাম
রাম রাম রাম রাম রাম রাম রাম রাম
রাম রাম রাম রাম রাম রাম রাম রাম
রাম রাম রাম রাম রাম রাম রাম রাম
বোম বোম বোম বোম বোম বোম বো বোম বোম
বোম বোম বোম বোম বোম বোম বো বোম বোম
জয় রাম জয় রাম জয় রাম জয় রাম
জয় রাম জয় রাম জয় রাম জয় রাম

[দুর্গার প্রবেশ]

দুর্গা— হে আনন্দময়,
এত আনন্দের আবির্ভাব কিসের কারণে ?
মহাতাণ্ডবেতে তব
কাঁপিছে কৈলাস থরথর করি।

শিব— শঙ্করি, কবে নিরানন্দ তোমার শঙ্কর ?
ক্ষেপা ভোলা হর
চিরদিন উন্মত্ত রাম নাম গানে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্মশানে মশানে থাকি।
ভূতগণে লয়ে নাচি
গাই রাত্রিদিন রাম রাম রবে।

১ম প্রমথ— বাবা আবার নাচ্‌বো।

দুর্গা— আজি নৃত্য গীতে কিছু বিশেষত্ব হেরি
হইতেছে মনে, অবশ্যই ইহা নহে নিষ্কারণ।

শিব— ভবানি, অন্তর্যামিনী তুমি।
কিছু নাহি অবিদিত তব।
সত্যই প্রাণ আজ হয়েছে আনন্দে আকুল
এক শুভ সংঘটনে।

দুর্গা— তোমার শ্রীমুখে চাই শুনিবারে
সে আনন্দ বারতা।

শিব— শুন প্রিয়ে,
বাল্মীকি পুনরায় রামনাম প্রচারিতে
হয়েছেন অবতীর্ণ ধরাধামে।
রাম নামে রাম গুণ গানে
মরতে আবার আসিবে আনন্দের
মহাপ্লাবন, ভাসিবে মানব-বৃন্দ আনন্দসাগরে।
আদিকাব্য রামায়ণ
বুঝিবার সামর্থ্য নাই কলিহত জীবের,
তাই ভাষা রামায়ণ করি প্রণয়ন
রাম গুণ সুধা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মূর্খ বিদ্বান ব্রাহ্মণ চণ্ডাল নরনারীগণে
করাইবেন পান।
এক গ্রন্থ শ্রবণে মননে নরনারীকুল
পাবে পরিত্রাণ। রাম রাম রাম রবে
পূর্ণ হবে ধরাধামে যতদিন
চন্দ্র সূর্য্য রহিবে গগনে।
শুধু ইহা নহে, আনন্দের অপর
কারণ হইয়াছে উপস্থিত।

দুর্গা— কিবা সে কারণ?

শিব— আমার নাথ বঙ্গদেশে ধরি নরকায়
নামের বন্যায়
ভাসাইয়া বঙ্গ উড়িষ্যা
শ্রীবৃন্দাবন, শেষে নীলাচলে
গম্ভীরায় ব্রজরস আস্বাদন করি,
সে মধুর ব্রজরস অন্তরঙ্গগণে
করিয়া প্রদান এবে স্বধামে
করেছেন আগমন। সেই মধুর
রসের তরঙ্গ শুষ্ক মরুভূমিসম
রাজস্থানে তুলিবার তরে, এক
ব্রজবালারে করেছেন তথায়
প্রেরণ, মীরা নামে সেই গোপী,
দেহ করিয়াছে পরিগ্রহ।
অচিরে মীরার মধুর রসের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হিল্লোলে রাজস্থান গোলোকে হবে
পরিণত, গোলোকবিহারী হরি
মেবারের মহারাণী মীরাবাই
সাথে খেলিবেন প্রেমের খেলা।
কণ্ঠে কণ্ঠে মীরার ভজন গান
হইবে ধ্বনিত, দাস্য-মধুর রসের
তরঙ্গে ভাসিবে ধরণী। তাই দেবী
আনন্দে হয়ে আত্মহারা
করিতেছি রামনাম গান।

দুর্গা— বড় সুসংবাদ। কলির পীড়নে
আকুল তনয়গণ মোর,
কাঁদে প্রাণ তাহাদের তরে, পাইবে
উপায় তারা রাম নামে,
কৃষ্ণ নামে, রাম ও কৃষ্ণের লীলাগুণ গানে।
সংসার বৈকুণ্ঠে করি পরিণত
আনন্দিত মনে দিন করিবে যাপন।

শিব— মেবারের কুলদেবী তুমি হবে
উপেক্ষিতা মীরার নিকটে।
না নমিবে না পূজিবে তোমারে
সেই শ্যাম-সোহাগিনী।

দুর্গা— আমার শ্যামে আমার রামে
যে করে আত্মদান
সেতো আমারই নাথ, তাঁর সেবায় পূজায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কোটি গুণ তৃপ্তি পাই আমি,
মম পূজা হতে।

[নারায়ণের প্রবেশ]

নারায়ণ— আমিও কোটিগুণ লভি মা আনন্দ
আমার মার আমার শিবের সেবায়।
শিব-দুর্গাভক্ত
প্রাণাপেক্ষা প্রিয় মোর।

[পরস্পর প্রণাম আলিঙ্গন]

শিব— একি দয়াময়!
তব আগমন আশার অতীত।

দুর্গা— অহৈতুকী কৃপা তব হে মুকুন্দ
হেরিয়া নয়নে ওরূপ মাধুরী,
আনন্দেতে পূর্ণ হল প্রাণ
কোথা কমলা আমার?

নারায়ণ— জগৎ পিতা আর মাতারে
করিয়া দর্শন
আমিও কৃতার্থ হলাম জননি।
শঙ্করের আকুল আহ্বানে আসিনু ছুটিয়া,
কমলারে সংবাদ দিবার পাই নাই
অবকাশ।

শিব— তুলসীদাস মীরাবাই প্রচারিতে
তোমার নাম লীলা গুণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়াছে অবতীর্ণ ধরণী মাঝারে।
তাই আনন্দে আকুল হয়ে
ভূতগণ সাথে করিতেছি
তব নাম গান।

নারায়ণ— তব সুধা নাম গান।
করি আকর্ষণ আনিল
হেথায় মোরে। তুলসীদাস
তব কৃপাবলে মোর পাবে
দরশন। মহাবীর রূপে তারে
সতত হইবে উপদেশ দিতে।

শিব— পরম সৌভাগ্য মোর
ভক্ত সঙ্গে করি অবস্থান
শুনিব ভক্তমুখে রাম নাম।

নারায়ণ— মা জগজ্জননি বিপদবারিণি
মীরার রক্ষার ভার কর মা গ্রহণ,
সেই প্রেম-পাগলিনী
মীরারে আমার বহু অত্যাচার
করিবে আত্মীয় স্বজন, সকল
বিপদ হতে রক্ষা করো তুমি
তারে মাতা।

দুর্গা— বিপদ-বারণ তব নাম
ভক্তগণে নিয়ত করয়ে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রক্ষণ, তথাপি কৃপা করি দিলে
মোরে মীরার রক্ষার ভার, কৃতার্থা
হইনু আমি।

শিব— আয়রে প্রমথগণ আয়
সবে মিলি, হরের আরাধ্য
নিধি সাধনার ধন ভক্তি-
মুক্তি-দাতা ভগবানে প্রদক্ষিণ
করিতে করিতে করি নাম গান।

[নারায়ণকে মধ্যস্থলে রাখিয়া তাঁহাকে প্রদক্ষিণ করত
শিব ও প্রমথগণের নৃত্যগীত]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রথম অঙ্ক

প্রথম দৃশ্য

রাজপুর—তুলসীদাসের বাড়ীর সংলগ্ন পথ—নাগরিক দ্বয়ের প্রবেশ

১ম—এ বাড়ীটা কার ভাই ?

২য়—তুমি বুঝি তাও জাননা ? তুলসীদাস দোবেজীর !

১ম—আমি তো ভাই এখানে থাকিনে, কি করে জান্‌বো বল, ইনি-কে ?

২য়—আত্মারাম দুবে বলে একজন অতি সজ্জন রাজার পুরোহিত ছিলেন, ইনি তাঁর পুত্র। এঁর ব্যাপার বড় অদ্ভুত।

১ম—কি ভাই ?

২য়—ইনি মাতৃগর্ভ-থেকে ভূমিষ্ঠ হলেন রাম রাম করতে করতে।

১ম—বলকি ভাই ? এমন কথা তো কখন শুনিনি। তার পর, তার পর ?

২য়—দুপাটি দাঁতওয়ালা রাম রাম বলা সদ্যোজাত শিশুকে দেখে ধাই আর আর যারা আঁতুড়ে ছিল একেবারে আঁতকে উঠে হৈ-চৈ করতে আরম্ভ করলে।

১ম—এ তো হৈ-চৈ এরই কথারে ভাই ! একবারে দুপাটী দাঁত সঙ্গে সঙ্গে রাম রাম বলা। কেবল রাম রাম করছিল ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২য়—রাম রাম রাম রাম নামের বিরাম ছিল না। সকলে তাড়াতাড়ি গিয়ে আত্মারামকে জানালে এক অদ্ভুত শিশু জন্মেছে। তিনি অপূর্ব্ব শিশুর কথা শুনে জ্যোতিষীগণকে ডাকালেন, তাঁরা বল্লেন এরকম তো কখন শুনিনি। তিন দিন যাক— তারপর আমরা এর ব্যবস্থা করবো।

১ম—তারপর ?

২য়—এর মাতা নিজের শরীরের অবস্থা বুঝে মৃত্যু সন্নিকট জেনে একজন দাসীকে আপনার গহনা দিয়ে বল্লেন—আমি মরবার পর তুই একে নিয়ে চলে যাবি, তোর হাতে একে দিলাম।—তারপর তিনি দেহত্যাগ করেন, ঝি এঁকে নিয়ে চলে যায়।

১ম—আত্মারাম ছেলের কোন সন্ধান করলেন না ?

২য়—তিনি পত্নীশোকে আকুল হয়ে অলক্ষুণে ছেলের সংবাদ নেবার প্রয়োজনই বোধ করেন নি।

১ম—তারপর ?

২য়—ঝি অন্যত্র নিয়ে গিয়ে মানুষ করতে থাকে, পাঁচ বৎসর হতে না হতে সেও দেহত্যাগ করে।

১ম—হা দুরদৃষ্ট, তারপর, তারপর ?

২য়—ইনি রাস্তায় গাছের তলায় পড়ে থাকতেন, অলক্ষুণে বলে কেউ বাড়ীতে ডাকতোনা, খেতেও দিতনা। সকলের বিশ্বাস হয়েছিল ও রাক্ষুসে ছেলে যার কাছে যাবে তাকেই খেয়ে ফেলবে।

১ম—আহা, মা মরা হতভাগ্য বালক না খেয়ে কি করে বাঁচলো ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২য়—এইরূপ প্রবাদ যে জগন্মাতা এঁকে নিত্য এসে খাইয়ে যেতেন।

১ম—ভাইরে, যার কেউ নেই, তার সেই বিশ্বমাতা ভিন্ন আর গতি কি! এ যে গল্পের মত অপূর্ব্ব কথা ভাই!

২য়—সেই রকমই। তারপর এক সাধু এসে ছেলেটিকে গাছতলায় পড়ে থাকতে দেখে গাঁয়ের লোকের কাছে বল্লেন—আমি ছেলেটিকে নিয়ে যেতে চাই, আপনাদের মত কি? গ্রামবাসিগণ বল্লেন—এখনি, এখনি! ঐ অলক্ষুণে ছেলে গাঁ থেকে গেলে গাঁয়ের মঙ্গল।

১ম—তারা মানুষ না কি?

২য়—মানুষ বৈকি! সকলের মূলে ভগবানের ইচ্ছেরে ভাই!

১ম—তারপর কি হলো?

২য়—তিনিই এঁকে লেখাপড়া শেখান। তিনি দেহত্যাগ করলে ইনি এখানে আসেন। কি একটা শাপাশাপির ব্যাপারে আত্মারাম ডুবে মারা যান, বাড়ী সমভূম হয়।

১ম—কি শাপ ভাই?

২য়—আমার সেকথা ঠিক মনে নেই। গ্রামের লোক এঁকে পেয়ে যথেষ্ট আনন্দিত হলেন। যত পণ্ডিত তত রাম ভক্ত, রামনাম মুখে লেগেই আছে, দেখে সকলে এর ঘরদ্বার করে দিয়ে বসবাস করালেন, ইনি বিয়ে করতে রাজী হননি, গ্রাম শুদ্ধ লোক অনুরোধ করে তবে বিয়ের মত করান। বিয়ে থাওয়া হল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১ম—এখন আর উড়ু উড়ু মন নেই তো? আনন্দ করে সংসার কচ্ছেন তো?

২য়—হাঁ, কেউ কেউ বলে স্ত্রীর খুব অনুরক্ত।

১ম—আচ্ছা, আজ বেলা হয়েছে আর একদিন এসে দুবেমশাই-এর সঙ্গে আলাপ করা যাবে।

[উভয়ের গমন]

[দ্বার খুলিয়া রত্নমালা বহির্গত হইলেন—ভিতর হইতে তুলসীদাস]

রত্নমালা—রত্নমালা

রত্নমালা— উত্তর দিবনা—দেখি কি করেন।

(ভিতর হইতে)

ও রত্নমালা রত্নমালা—সাড়াও নেই, শব্দও নেই।

ও রত্নমালা, কোথা গেলে?

[রত্নমালার নীরবে অবস্থান—তুলসীদাসের প্রবেশ]

তুলসী—বা'রে, এইখানে দাঁড়িয়ে রয়েছ, সাড়া দিচ্ছ না।

রত্ন—এইতো তোমার কাছ থেকে এলাম। কেন ডাকছো?

তুলসী—অনেকক্ষণ তোমায় দেখিনি তাই।

রত্ন—এর নাম অনেকক্ষণ?

তুলসী—দেখ রত্নমালা, তোমায় না দেখলে পলকে প্রলয় হেরি।

রত্ন—আচ্ছা তুমি কি বল দেখি, সর্ব্বদা সঙ্গে সঙ্গে ঘুরছো, একটু লজ্জা করেনা তোমার?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুলসী—না লজ্জা করেনা, কিছুক্ষণ তোমায় না দেখলে আমার সব হারিয়ে গেছে মনে হয়।

রত্ন—বিয়ের আগে বাবার মুখে শুনেছিলাম তুমি খুব ভক্ত, সর্ব্বদা রাম রাম কর, সে সব তোমার কোথায় গেল ?

তুলসী—সত্যই রাম নাম করতাম, রামকে ভালও বাসতাম। যেমন তোমার সঙ্গে শুভদৃষ্টি হল—ব্যস—রামকে তাড়িয়ে দিয়ে হৃদয় জুড়ে তুমিই বসলে।

রত্ন—দেখ, তুমি আমায় খুব ভালবাস, এ আমার সৌভাগ্যের কথা। লোকাচার আছে তো ? সকল সময়ে কাছে থাকো বলে কোন পাড়াপড়সী মেয়েরা বাড়ীতে আসে না। পথে ঘাটে দেখা হলে চোখ টেপাটেপী করে কত ঠাট্টা করে। এত বাড়াবাড়ি কি ভালো ?

তুলসী—বাইরে কতটুকু দেখেছ রত্নমালা ? ভেতরের কথা শুনবে ? সন্ধ্যা করতে বসে ওঁ বিষ্ণু বলতে রত্নমালা বলে ফেলি। প্রাত র্গায়িত্রীং কুমারীং বলে ধ্যান করতে গিয়ে দেখি তুমি দাঁড়িয়ে আছ, রামচন্দ্রের ধ্যান করবার সময় দেখি হৃদয় পদ্মে রত্নমালা, ঘুমিয়ে ঘুমিয়ে স্বপ্নে দেখি রত্নমালা, আমার জপের মন্ত্র রত্নমালা, ধ্যানের দেবতা রত্নমালা।

রত্নমালা—(গলায় বস্ত্র দিয়া প্রণাম করত) তোমার এ ভালবাসায় আমার নারীজন্ম সার্থক, আমি সৌভাগ্যবতী এতে সন্দেহ নাই। তথাপি এতটা কি ভাল, লোকে তোমায় স্ত্রৈণ বলে তা জানো ?

তুলসী—তুলসীদাসের কাছে জগৎ নেই, লোক নেই, আছে কেবল কেবল রত্নমালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রত্ন—আমি যদি মরে যাই ?

তুলসী—তুলসী দাসও মরবে।

[শিবরামের প্রবেশ—উভয়কে প্রণাম]

তুলসী—কি শিবরাম ভাল আছ ?

শিব—হাঁ দাদাবাবু।

রত্ন—হাঁরে শিবু, মা বাবা দাদা বাড়ীর আর সবাই ভাল আছেন ?

শিব—হাঁ দিদি।

তুলসী—তারপর শিবরাম, হঠাৎ কি মনে করে ?

শিব—মা পাঠিয়ে দিলেন। দিদিকে চার পাঁচ বছর দেখেননি, একবার দিদিকে পাঠাতে হবে।

তুলসী—এযে ভয়ানক কথা বলছো শিবরাম! তোমার দিদিকে পাঠিয়ে দিলে আমি তো বাঁচবো না।

শিব—পাঁচদিনের জন্য পাঠান, আমিই আবার রেখে যাবো।

তুলসী—তোমার বিয়ে হয়নি, কি বুঝবে ভাই ? পাঁচদিন তো দূরের কথা, এক বেলার জন্যও পাঠাতে পারবোনা।

রত্ন—দেখ আজ ৪।৫ বৎসর মাকে বাবাকে দেখিনি। আমার বড্ড দেখতে ইচ্ছে করছে। তোমার বাপ মা নেই, তুমি নিশ্চিন্ত। তিন দিনের জন্য মত কর, একবার সবাইকে দেখে আসি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুলসী—তিনদিন কি? এক ঘণ্টার জন্য আমি তোমাকে চোখ ছাড়া করতে পারবোনা।

রত্ন—যতবার মা নিতে পাঠান ততবার তুমি অমত কর। তোমার পায়ে পড়ি একদিনের জন্যও পাঠিয়ে দাও।

তুলসী—রত্নমালা, তুমি ওকথা ছাড়া যা বলবে তাই শুনবো।

শিব—(উভয়কে প্রণাম করিয়া) তবে আসি দাদাবাবু।

তুলসী—আরে তাকি হয়? খাওয়াদাওয়া করে বিকেলে যেও

শিব—না আমি থাকবো না।

তুলসী—ওহে রাগ করোনা, রাগ করোনা। রত্নমালা, তোমার ভাইকে বাড়ী নিয়ে এস।

[তুলসীদাস বাটীর ভিতর প্রবেশ করিলেন]

রত্নমালা—দেখ্ শিবু, তুই পরশু ভোরে আসিস, ইনি বাড়ী থাকবেন না। তোর সঙ্গে চলে যাবো, বলে কয়ে যাওয়া সম্ভব হবেনা। কিছুতেই পাঠাবেন না। আয়, জল খাবি আয়।

(প্রস্থান)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয় দৃশ্য

(মেরতা দাদুজীর ভবন, গিরিধারী গোপাল বিগ্রহ সিংহাসনে সমাসীন, পূজার আয়োজন, পুষ্প চন্দন মাল্য ধূপ ধুনা)

সাধু—

নবীন মেঘ সন্নিভং সুনীল কমলচ্ছবিম্ ।
সুহাস্য রঞ্জিতাধরং নমামি কৃষ্ণ সুন্দরম্ ॥১॥
মুকুন্দ নন্দ নন্দনং প্রফুল্ল পদ্ম লোচনম্ ।
সুবর্ণ চারু অম্বরং নমামি কৃষ্ণ সুন্দরম্ ॥২॥
ময়ূর পুচ্ছ ধারণং বিনোদ চূড়া শোভিতং ।
কদম্ববৃক্ষ হেলনং নমামি কৃষ্ণ সুন্দরম্ ॥৩॥
ব্রজেন্দ্র নন্দ নন্দনং অসুরদর্প হারিণম্ ।
দুকূল পীতোজ্জ্বলং নমামি কৃষ্ণ সুন্দরম্ ॥৪॥
কিশোর কৃষ্ণ কেশবং করীন্দ্র মত্ত মর্দ্দনম্ ।
কদম্বদাম ভূষণং নমামি কৃষ্ণ সুন্দরং ॥৫॥
রসিক কান্তি শেখরং খগেন্দ্র পৃষ্ঠে আসনম্ ।
গোকুল গোপরক্ষকং নমামি কৃষ্ণ সুন্দরম্ ॥৬॥
বিচিত্র বংশীধারকং বিনোদ বেশ রঞ্জিতম্ ।
নূপূর পদে শোভিতং নমামি কৃষ্ণ সুন্দরম্ ॥৭॥
ভবাদিদেব বন্দিতং অনাদিদেব বাঞ্ছিতম্ ।
বকাসুরাদি নিধনং নমামি কৃষ্ণ সুন্দরম্ ॥৮॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অরিষ্ট কেশি নাশনং নৃসিংহ বেশ মাধবম্ ।
নারদাদি সেবিতং নমামি কৃষ্ণ সুন্দরম্ ॥৯॥
যশোদানন্দ নন্দনং সুরেন্দ্র পাদবন্দনম্ ।
সুবর্ণরত্ন মণ্ডনং নমামি কৃষ্ণ সুন্দরম্ ॥১০॥
ভবাব্ধি কর্ণ ধারকং ভবাব্ধি ভয় নাশকং ।
মুমুক্ষু মুক্তি দায়কং নমামি কৃষ্ণ সুন্দরম্ ॥

(স্তবান্তে সাধু বিগ্রহকে প্রণাম করিয়া মীরাকে বলিলেন)

সাধু—মীরা তুমি কাঁসর বাজাও আমি আরতি করি।

(সাধু পঞ্চপ্রদীপ, কর্পূর, শঙ্খ, বস্ত্র, পুষ্পাদি দ্বারা আরত্রিক করিতে লাগিলেন, মীরা কাঁসর বাজাইতে লাগিলেন—আরত্রিক শেষ হইল। উভয়ে বিগ্রহকে প্রণাম করিলেন)

সাধু—মীরা তুমি গান গাইতে পার ?

মীরা-- পারি।

সাধু—একটি গান গিরিধারী গোপালকে শোনাও।

মীরা—

মনরে, পরশি হরিকে চরণ ।
সুভগ শীতল কমল কোমল ত্রিবিধ জ্বালা হরণ ।
জিন চরণ প্রহ্লাদ পরশে, ইন্দ্রপদবী ঘরণ ।
জিন চরণ ধ্রুব অটল কোনে হো রাখি আপনে শরণ ।
জিন চরণ ব্রহ্মাণ্ড ভেট্যো নখ শিখ শিরী ধারণ ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জিন চরণ প্রভুকে পরশিয়ে লিনোতরি গৌতম স্মরণ ॥
জিন চরণ কালীনাগ নাথ্যো গোপলীলা করণ।
জিন চরণ ধার্য্যো গোবর্দ্ধন, মঘবা গর্ব্ব হরণ ॥
দাসী মীরা লাল গিরিধর অগমতারণ কারণ ॥

সাধু—(মীরার পিঠ চাপড়াইয়া) বা' বা বেশ গান। এই বালিকা এমন সুন্দর গান বেঁধেছে! তা হবেনা কেন? বংশ কেমন? দাদামহাশয় বাবা বাড়ীর সকলে মহাভক্ত সাধুসেবী, সর্ব্বদাই ভগবৎ প্রসঙ্গ নিয়ে আছেন। আজ দশবার দিন এসেছি, দাতুজী আমাকে কিছুতেই ছাড়ছেন না। মীরা, তোমার গান শুনে আমার গিরিধারী গোপাল খুব সন্তুষ্ট হয়েছেন।

মীরা—ও গিরিধারী তোমার বৈকি? ওতো আমার। তুমি বেটাছেলে গিরিধারীর সেবার কি জানো?

সাধু—আহা বৈষ্ণবের বংশ! এর মধ্যেই মার আমার সেবায় অনুরাগ এসেছে। এই বালিকা 'গিরিধারী আমার' কিরকম মিষ্টি কস্রে করে বললে। সত্যি মা, আমি অতি অধম, গিরিধারী গোপালের সেবা কিছুই জানি না। কোন রকমে ঠাকুরের পায়ে জল তুলসী দিই। গিরিধারী তোমার অনুরাগ দৃঢ় করুন। তুমি ব্রজবালার মত কৃষ্ণসেবা নিয়েই দিন যাপন কর।

মীরা—সাধুবাবা, আমার গিরিধারী আমার দিকে চেয়ে হাসছে কি বলছে। ও গিরিধারী গোপাল, তুমি কি বলছো? আমার কাছে থাকবে? এসো এসো।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধু - মরি মরি, মায়ের কি ভাব। ঠাকুরের সঙ্গে কথা কচ্ছে।

মীরা—ও গিরিধারী গোপাল, আমার কাছে আসবে? এসো।

(ঠাকুর লইতে যাইলেন)

সাধু—[বাধা দিয়া] ছুঁয়োনা মা ছুঁয়োনা, ঠাকুর ছুঁতে নেই মা।

মীরা—আমার গিরিধারী আমি ছোঁবনা কেন? তুমি বাধা দেবার কে? দাও আমার গিরিধারী আমায় দাও।

সাধু· তুমি ছেলেমানুষ, বড় হও, তখন তোমায় ভাল গিরিধারী দেবো।

মীরা—আমি বড় হয়েছি—আমি ঐ গিরিধারীই নেবো। আমার কাছে রাখবো, ফুলের মালা গেঁথে গিরিধারীকে সাজাবো, গিরিধারীকে আমার খাবার খেতে দেবো, গিরিধারী আমার বিছানায় শোবে, কেমন গিরিধারী? ঐ দেখ সাধুবাবা, গিরিধারী ঘাড় নেড়ে আমার কাছে থাকবে বলছে। এস গিরিধারী এস।

(মীরা গিরিধারীকে লইবার চেষ্টা করিতে লাগিল, সাধু বাধা দিতে লাগিল)

মীরা—আমার গিরিধারী কেন তুমি আমায় দেবে না? ছেড়ে দাও শীগগীর, আমি গিরিধারী নেবই।

সাধু—কি বিপদে পড়লাম, একে থামানোত শক্ত হল। এর চোখ মুখের যা অবস্থা দেখছি এতো ঠাকুর কেড়ে নেবে। কি করি, কর্ত্তাবাবুকে কে সংবাদ দেয়?

মীরা—দাও আমার গিরিধারী আমায় দাও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধু—কর্ত্তাবাবু কর্ত্তাবাবু।

(দাদুজীর প্রবেশ গিরিধারীকে প্রণাম পূর্ব্বক)

দাদুজী—কি হয়েছে ? মীরাকে ধরে রয়েছেন কেন ?

সাধু—মীরা আমার গিরিধারী গোপালকে কেড়ে নিতে আসছে।

মীরা—দেখ দাদা, আমার গিরিধারী সাধুবাবা আমায় দিচ্ছেন না।

দাদু—(মীরাকে কাছে লইয়া গায়ে হাত বুলাইতে বুলাইতে) তা ভাই তোর গিরিধারী গোপাল কি করে হ'ল ? সাধু মহারাজইতো ওঁকে নিয়ে এসেছেন, উনিইতো পূজো করেন, ওঁরইতো ঠাকুর ।

মীরা—এতদিন ওঁর ছিলেন এখন আমার কাছে আসবেন বলছেন। ওই দেখ ওই দেখ দাদা, গিরিধারী আমার কোলে আসবার জন্য হাত বাড়াচ্ছেন।

দাদু—ভাল তোরই গিরিধারী সাধু মহারাজ পূজা করবেন, তুইও মালা গেঁথে গিরিধারীকে দিবি। গিরিধারীকে গান শুনিয়েছিস তো ?

মীরা—হাঁ।

দাদুজী—কোন গানটা শোনালি ?

মীরা—"মনরে পরশি হরিকে চরণ"

দাদুজী—তা বেশ তুই থাবি আয়।

(সাধুর প্রতি) বাবা আপনি গিরিধারীর ভোগের ব্যবস্থা করবেন আসুন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধু—চলুন আমি যাচ্ছি।

(দাদুজী ও মীরার গমন]

প্রথম মনে করেছিলাম মীরার ছেলেমানুষী আবদার, ও কিছু নয়। কিন্তু এখন যা দেখছি এতো তা নয়—এযে পূর্ব্বরাগ। মীরার চোখ মুখের অবস্থা স্বতন্ত্র। মীরা আমার গিরিধারীকে কেড়ে নেবে। গিরিধারী আর নয়, রাজভোগে কাজ নাই, তোমায় ভিক্ষে করে খাওয়াবো। মা' মরা আবদারে নাতনী দাদুজী নিশ্চয়ই গিরিধারীর জন্য অনুরোধ করবেন। তখন উভয় সঙ্কটে পড়বো। তার চেয়ে কাউকে কিছু না বলে আজ ভোরে ভোরে মেরতা ত্যাগ করাই শ্রেয়স্কর, কি বল গিরিধারী। যাই—ভোগের ব্যবস্থা করিগে।

গমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয় দৃশ্য

তুলসীদাসের শ্বশুরালয়—অন্তঃপুরস্থ কক্ষ রত্নমালা ও চপলা

চপলা—দেখ ভাই ঠাকুরঝি অনেকদিন পরে তোমায় দেখে আমার খুব আনন্দ হল। আমাদের জন্য তোমার মন কেমন করতো না?

রত্ন—করতো বৈকি ভাই কিন্তু কি করবো তিনি একদণ্ড চোখছাড়া করে থাকতে পারেন না। মা যতবার আনিতে পাঠিয়েছেন ততবার অমত করেছেন।

চপলা—যাই বল তোমার ভাগ্যি ভাল, ঠাকুরজামাই তোমায় খুব ভালবাসেন।

রত্ন—আমি যে ভাগ্যবতী সে সম্বন্ধে কোন সংশয় নাই কিন্তু ভালবাসা সীমা ছাড়িয়ে উঠেছে। সদা সর্ব্বদা পিছু পিছু ঘুরেন, বাটীতে অন্য কোন মেয়েছেলেরা আসেনা। নাইতে যাবো তাও দূরে দূরে সঙ্গে যান। এই এসেছি তা তিনি জানেন না, জানলে আসতে দিতেন না। বিশেষ প্রয়োজনে একটা জায়গায় গেছেন ফিরতে রাত হবে। আমি সুযোগ বুঝে শিবরামের সঙ্গে চলে এলুম।

চপলা—তারপর বাড়ী এসে যখন তোমায় দেখতে পাবেন না।

রত্ন—কোন রকমে বাড়ীতে রাত কাটিয়ে সকালে এখানে চলে আসবেন।

চপলা—তুমি কিন্তু ভাই তাঁর মত না নিয়ে এসে ভাল করনি। বাড়ীতে এসে তোমাকে না দেখতে পেলে তাঁর কি অবস্থা হবে?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রত্ন—যা হয় হোকগে। আজ ৪।৫ বৎসর বাবা মা ও তোমাদের দেখিনি। আমি থাকতে পারলাম না। কি জান ভাই স্বামীই হন আর যেই হন যেটা রয়সয় সেটা করলে দেখতে শুনতে সব দিকে ভাল। তাঁর অতি ভালবাসায় আমি অস্থির হয়ে পড়েছি।

(দূরে বহির্দ্বারে)

শিবরাম—শিবরাম—

চপলা—কে শিবরামকে ডাকছে।

রত্ন—এযে তাঁরই গলা।

(নেপথ্যে শিবরাম দ্বার খুলিয়া)

যাই দাদাবাবু—আসুন, আসুন।

(শিবরামের সহিত তুলসীদাসের প্রবেশ)

শিব—দিদি, দাদাবাবু এসেছেন।

রত্ন—(প্রণাম পূর্ব্বক) তাতো দেখছি।

চপলা—ঠাকুরজামাই আমাকে চিনতে পারেন ?

তুলসী—বিয়ের পর তো আর দেখা হয়নি তবে অনুমানে বুঝছি আপনি বড় বৌদিদি।

(প্রণাম করিতে উদ্যত হইলেন)

চপলা—থাক থাক আপনি ব্রাহ্মণ সাধু আপনি আমায় প্রণাম করবেন না।

রত্ন—খাওয়া হয়নি তো।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুলসী—খাওয়া—

রত্ন—তা তোমার মুখ দেখেই বুঝেছি (চপলার প্রতি) ইনি সমস্তদিন উপবাসী। যাও ভাই শীগগির খাবার জোগাড় করগে। শিবরাম, তুই তোর দাদাবাবুর হাত পা ধোবার জল নিয়ে আয়, মাকে বল।

[চপলা ও শিবরামের গমন]

তুলসী—বেশতো তুমি।

রত্ন—আমি বেশ না তুমি বেশ ?

তুলসী—জানো তোমাকে না দেখলে আমি এক দণ্ড থাকতে পারিনে আর তুমি আমায় না বলে চলে এলে।

রত্ন—তুমি রাজাপুরে কখন পৌছলে।

তুলসী—সন্ধ্যের সময় বাড়ী গিয়ে দেখি সব অন্ধকার দারুণ জমাট বাঁধা অন্ধকার, বাড়ী পোড়ো বাড়ীর মত খাঁ খাঁ করছে। তুমি নাই চারদিকে খোঁজাখুঁজি করছি-ঝি বললে মা ঠাকরুণ তাঁর ভায়ের সঙ্গে সকালে বাপের বাড়ী গেছেন। আমার মাথায় যেন বজ্রাঘাত হ'লো, মাথাটা ঘুরতে লাগলো, বুকটা কেমন করতে লাগলো। দুহাতে বুকখানা চেপে ধরে বসে পড়লুম, সবশূন্য সব অন্ধকার। ঝি-বললে মা ঠাকরুণ আপনার জন্য খাবার তৈরী করে রেখে গেছেন—হাত পা ধুয়ে আপনি আহার করুন। হরি হরি, হায়রে আহার কে করবে? তুলসীদাসের দহটা পড়ে আছে আত্মা নেই। ,আমি ধূলোপায়েই ছুটলাম। ঝি বারণ করলে তার কথা কে শোনে, শুনবে রত্নমালা রাজাপুর থেকে আমি সারা পথ রত্নমালা রত্নমালা জপ করতে করতে দৌড়ুতে দৌড়ুতে এসেছি। কি নিষ্ঠুর তুমি, কি কঠিন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হৃদয় তোমার। তোমায় না দেখে আমার অবস্থা কি হবে (গদ্‌গদস্বরে) একবার ভাবলেনা। এই একান্ত অনুগতের উপর এত নিষ্ঠুরতা (তুলসীদাসের নয়ন অশ্রুসিক্ত হইল)।

রত্ন—তুমি আমার স্বামী পরম গুরু। তোমাকে আমার কোন কথা বলা উচিত নয়, তবু আজ না বলে থাকতে পারছিনা। এই হাড়-মাসের খাঁচা পচা গলা দুর্গন্ধ নারীদেহ—এ দেহের প্রতি এত অনুরাগ, একেবারে কাণ্ডজ্ঞানশূন্য উন্মাদ হয়ে গেছ। মরবো বাঁচবো কোন জ্ঞান নাই পেছু পেছু ছুটে এসেছো? এই অনুরাগের শতাংশের একাংশও যদি রঘুনাথের উপর হ'ত তা'হলে ইহলোকে পরলোকে কৃতার্থ হয়ে যেতে। ছি ছি ধিক তোমাকে।

তুলসীদাস বাহুরদ্বারা বক্ষবন্ধন করত কিছুক্ষণ দণ্ডায়মান রহিলেন !

তুলসী— তাইতো একি প্রহেলিকা !
একি ঘুমঘোর, কোথায় ছুটেছি আমি উন্মত্তের মত।
রাম রাম কৃপাময় অপার করুণা তব,
করিলে হে অপসৃত অন্ধ যবনিকা নয়ন হইতে,
কই কই কোথা তুমি, কেমনে পাইব দর্শন তোমার।
দেবি গুরু তুমি দেখাইলে পথ মোরে
জ্ঞান অঞ্জনে উন্মীলিত করে দিলে লোচন যুগল
তব মহাদানের প্রতিদান দিবার
নাহি কিছু মোর। লহ দেবি লহ গুরো
প্রণাম আমার।

(তুলসীদাস রত্নমালাকে প্রণাম করিতে উদ্যত হইলেন)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রত্ন—(সরিয়া যাইয়া) ওকি ওকি—আমি তোমার স্ত্রী আমায় প্রণাম করতে আসছো কেন ?

তুলসী— নহ দেবী তুমি পত্নী মোর আজ
যেই পথ দেখালে আমারে—
হেন পথপ্রদর্শক দুর্লভ জগতে
গুরু, গুরু তুমি লহ নমস্কার।
কই রাম, কোথা রাম
কেমনে সে রামের আমি
পাব দরশন ? (বেগে প্রস্থান)

রত্ন—ওগো কোথা যাও গো, ওরে ও শিবরাম, দেখ তোর দাদাবাবু কোথা গেলেন। ওগো—কি সর্ব্বনাশ করলাম—কেন মরতে ও কথা বললাম—দেখি, দেখি কতদূর গেলেন।

(গমন)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্থ দৃশ্য।

[নেরতা, দাদুজীর ভবন। দাস্থ মধুর গীত গাহিতে গাহিতে প্রবেশ ।]

মধুর—

চিকনকালা গলায় মালা
বাজন নূপুর পায়।
চূড়ার ফুলে ভ্রমর বুলে
তেরছা নয়নে চায়॥
কালিন্দীর কূলে কি পেখিনু সই
ছলিয়া নাগর কান।
ঘরকে যাইতে নারিনু সই
আকুল করিল প্রাণ॥
চাঁদ ঝলমলি ময়ুরের পাখা
চূড়ায় উড়য়ে বায়।
ঈষৎ হাসিয়া মধুর বাঁশরী
মধুর মধুর গায়॥
রসের ভরে অঙ্গ না ধরে
কেলি কদম্বের ছলা।
কুলবতী সতী যুবতী জনার
পরাণ লইয়া খেলা॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রবন চঙ্গল মকর কুণ্ডল
পিন্ধন পিঙ্গল বাস।
রাঙ্গা উৎপল চরণ যুগল
নিছনি গোবিন্দ দাস॥

(নৃত্যগীত)

মধুর—দাস্য কেমন লাগলো?

দাস্য—ও ঠিক বুঝিনা।

মধুর—আমাকে বোঝা তোমার কর্ম্ম নয়। তোমার স্থান কোথায় জানতো?

দাস্য—চরণে—

মধুর—আর আমার স্থান বক্ষে। তুমি আমার ভাব কি বুঝবে?

দাস্য—তোমার ভাব তোমাতেই থাক আমার বোঝবার দরকার নেই। তোমার পাল্লায় যে পড়বে তার চোখের জল সার হবে। বুকে তো তোমার স্থান বলছো, তারপর বল।

মধুর—তারপর কি?

দাস্য—গেলুমরে মলুমরে হাহুতাশ চোখের জলে নদী, বিরহ যন্ত্রণায় ছট্‌ফট্‌।

মধুর—ওই যন্ত্রণার মধ্যে কত আনন্দ আছে তুমি বেরসিক কি বুঝবে?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দাস্য—তোমার মত রসিক হয়ে সারাজীবন হাহুতাশ করতে রাজী নই। তোমার কৃপা যার উপর হয় তাকে আর কিছু করতে হয় না। দেখ দেখি ছোট মেয়ে মীরা ওর ভিতরে ঢুকে ওকে কি যন্ত্রণাই দিতে আরম্ভ করেছো। গিরিধারীকে সাধু ভোরে ভোরে নিয়ে যাওয়ায় মীরা আজ তিন দিন খায়নি, কেবল হা গিরিধারী হা গিরিধারী করছে। এখনই এই শেষে মীরার চোখের জলে নদী করে ছাড়বে।

মধুর—ওর ভেতর কি আনন্দ আছে তা তোমার বোঝবার সাধ্য নাই।

দাস্য—তোমার আনন্দ তোমার কাছে জমা থাক (নেপথ্যে মীরা—'হা গিরিধারী') ওই তোমার আনন্দধ্বনি শোনো, বেশ করে শোনো, একবার নেচে নাও।

মধুর—এসো আমার সঙ্গে বৃন্দাবনে, সেখানে তোমায় ভাল করে বুঝিয়ে দেবো। এসো, মীরা এসে পড়লো।

(দাস্যের হাত ধরিয়া আকর্ষণ—উভয়ের প্রস্থান)

মীরার প্রবেশ।

মীরা—হা গিরিধারী ! তুমি এত নিষ্ঠুর। তুমি যদি চলে যাবে তবে কেন তুমি হাসলে, কেন তুমি কথা কইলে, কেন তুমি আমার কাছে থাকবে বললে ? আমার কাছে থাকবে বলে চুপি চুপি চলে গেলে। তোমার দোষ কি ? সেই সাধুই তোমায় নিয়ে গেছে। তুমি তো সাধুকে বলতে পারতে আমি মীরার কাছে থাকবো, মীরাকে ছেড়ে যাবো না। গিরিধারী গোপাল—আমার গিরিধারী গোপাল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দাদুজীর প্রবেশ।

দাদুজী—মীরা, আমি চারিদিকে লোক পাঠিয়েছি তোর গিরিধারীকে আনবার জন্য, আজ তিন দিন জল পর্য্যন্ত খাসনি মীরা খাবি কিছু খা—

মীরা—দাদা, আমার গিরিধারী আমায় ছেড়ে চলে গেছে, আমার বেঁচে সুখ কি—আমার এখনি মরণ হোক।

দাদুজী—তুই কিছু খা। আমি নিশ্চয় বলছি তোর গিরিধারীকে এনে দেব।

মীরা—দাদা, তুমি আমায় খাবার কথা বলোনা। যতদিন গিরিধারীকে না পাব ততদিন আমি অন্য কিছু তো দূরের কথা জল পর্য্যন্ত খাবো না।

দাদুজী—তাইতো, কি করি, মেয়েটাকে বাঁচান দায় হোলো। (জনৈক প্রহরীর প্রবেশ, প্রণাম) কিছু সংবাদ পাওয়া গেছে ?

প্রহরী—না, চারদিক থেকেই লোক ফিরে এসেছে, সে সাধুর কোন সন্ধান করতে পারে নাই।

দাদুজী—তুমি যাও, আটজন অশ্বারোহীকে চারিদিকে পাঠাও, সেই সাধুকে খুঁজে আনতেই হবে। নচেৎ মীরাকে বাঁচানো যাবেনা।

প্রহরী—(প্রণামপূর্ব্বক) যে আজ্ঞা।

(গমন)

মীরা—গিরিধারী গোপাল—আমার গিরিধারী গোপাল! গিরিধারী ও গিরিধারী! কোথায় তুমি গিরিধারী ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দাদুজী—(মীরার গায়ে হাত বুলাইতে বুলাইতে) মীরা, তুই এত ভালবাসা কোথায় পেলি ভাই ? তোর ভালবাসার কনামাত্র পেলে আমি কৃতার্থ হতাম।

মীরা—(চক্ষু মুদ্রিত করিয়া) গিরিধারী—গিরিধারী—ও আমার গিরিধারী !

দাদুজী—(কৃতাঞ্জলি) হে গিরিধারী ! তুমি কৃপা করে এস, তোমার এই বালিকা ভক্তার জীবনরক্ষার জন্য এস, তুমি না এলে মীরা বাঁচবেনা। এসো—গিরিধারী এসো।

মীরা—গিরিধারী ও আমার গিরিধারী !

গিরিধারীসহ সাধুর প্রবেশ

সাধু এই নে মা, তোর গিরিধারী তুই নে।

মীরা—কই, কই আমার গিরিধারী কই—

সাধু গিরিধারী মীরাকে দিলেন।

মীরা—(গিরিধারীকে বক্ষে ধারণ করিয়া) গিরিধারী—আমার গিরিধারী !

দৃঢ়ভাবে ধারণ করত স্থির হইয়া রহিল।

সাধু—মা, আমি তোকে লুকিয়ে গিরিধারীকে নিয়ে গেছলাম। কাল রাত্রে গিরিধারী স্বপ্নে বললেন—ওরে তুই আমার মীরার কাছ থেকে কেন আমায় এনেছিস, তুই সেবার কি জানিস ? মীরার মত সেবা করবার সাধ্য তোর নাই। যদি আত্মকল্যাণ চাস তাহলে সকাল হতে না হতে তুই আমাকে মীরার কাছে দিয়ে আসবি। সে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আজ তিন দিন আমার বিরহে কেবল কাঁদছে, জল পর্য্যন্ত খায় নাই। তার জন্য আমার প্রাণ বড় অস্থির হয়েছে, সত্বর আমাকে দিয়ে আয়।

মীরা—গিরিধারী—ও আমার গিরিধারী—তুমি কোথায় গিছলে, আমার জন্য তোমার মন কেমন করেনি ?

সাধু—যথেষ্ট মন কেমন করেছিল মা তোর মত গিরিধারীও তোর জন্য আকুল। এতদিন আমার গিরিধারী মনে করে জল তুলসী দিয়েছি কাল রাত্রে গিরিধারী স্পষ্টই বললেন আমি মীরার তোর নই। নে মা তোর গিরিধারী গোপাল। আমি চল্লাম।

প্রস্থান

দাতুজী—কোথা যান, সেবা করে যাবেন।

(নেপথ্যে সাতু—আমায় আর অনুরোধ করবেন না। দাতুজীর সে কি হয় সে কি হয় বলিয়া গমন ও প্রত্যাগমন)

দাতুজী—সাধুজীকে ধরা গেলোনা, তিনি অতি দ্রুত চলে গেলেন। মীরা, এইবার তো তোর গিরিধারীকে পেয়েছিস, কিছু খা।

মীরা—গিরিধারীকে পূজো করে খাইয়ে তবে খাবো।

দাতুজী—আচ্ছা আমি তোর পূজোর জিনিষ নিয়ে আসছি।

(গমন)

মীরা—(গিরিধারীকে সিংহাসনে বসাইয়া)

বসৌ মেরে নৈনময়ে নন্দলাল।
মোহনি মূরতি সাঁবরি সুরতি নৈনবনৈ রসাল॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মোর মুকুট মকরাকৃতি কুণ্ডল
অরুণ তিলক দিয়ে ভাল।
অধর সুধারস মুরলি বাজতি
উর বৈজন্তী মাল ॥
ক্ষুদ্র ঘন্টিকা কটিতট শোভিত
নূপুর শব্দ রসাল।
মীরা প্রভু সন্তন সুখদাই ভকত বছল গোপাল ॥

[নৃত্যগীত ও পটক্ষেপ]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চম দৃশ্য

শ্রীবৃন্দাবন—যমুনাপুলিন। স্বামী হরিদাসের প্রবেশ।

হরিদাস—কই তুমি, কোথা তুমি প্রিয়তম! এই যে কথা কচ্ছিলে, এর মধ্যে কোথা চলে গেলে! জানো আমি তোমার প্রেমাধিনী, তোমায় ছেড়ে ক্ষণকাল থাকতে পারিনে। নাথ! প্রিয়তম! প্রাণের দেবতা! এ চরণসেবিকা যে তোমা ভিন্ন আর কিছু জানে না। এই যে, এই যে, এই যে তুমি এসেছো। মুখ গম্ভীর কেন? হাস, আমি ও রকম গম্ভীর মুখ দেখতে ভালবাসিনে। হাসি মুখ দেখতে চাই, হাস। কি—কি বলছো? গান শুনবে? তাই বল—

ঢল ঢল কাঁচা অঙ্গের লাবণি
অবনী বহিয়া যায়।
ঈষৎ হাসির তরঙ্গ হিল্লোলে
মদন মুরছা পায়॥
কিবা সে নাগর কি খেনে দেখিনু
ধৈরয রহুল দূরে।
নিরবধি মোর চিত বিয়াকুল
কেন বা সদাই ঝুরে॥
হাসিয়া হাসিয়া অঙ্গ ডুলাইয়া
নাচিয়া নাচিয়া যায়।

(বসিলেন)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নয়ন কটাক্ষে বিষম বিশিখে
পরাণ বিঁধিতে চায়॥
মালতীফুলের—
মালতীফুলের—
মালতীফুলের—

ভাবাবিষ্ট হইলেন।

দাস্য ও মধুরের প্রবেশ

মধুর—দাস্য, কেমন বৃন্দাবন দেখছো?

দাস্য—দেখছি তো বেশ, চোখের জলে বৃন্দাবনের মাটী বড় নরম, পা বসে যাচ্ছে। এ শুধু কান্না আর কান্না। যে তোমার পাল্লায় পড়েছে তার দফা একেবারে শেষ করেছো। কেবল দিবারাত্রি হা গোবিন্দ হা প্রাণনাথ বলে কাঁদা সার হয়েছে।

মধুর—(হরিদাসকে দেখাইয়া) এই দেখ—

দাস্য—তাতো দেখছি। এ ভক্তটিও তোমার পাল্লায় পড়ে ঘর দ্বার ছেড়ে বৃন্দাবনে এসে হা গোবিন্দ হা গোবিন্দ করছেন, চোখের জলে বুক ভেসে যাচ্ছে—

মধুর—বল দেখি কেমন মধুর বৃন্দাবন?

দাস্য মধুর বৃন্দাবন আর বলোনা। কৃষ্ণ-বিরহে গোপিগণের তপ্ত শ্বাসে বৃন্দাবনের গাছপালা সব জলে গেছে। বৃন্দাবনে আছে শুধু জ্বালা আর জ্বালা। তোমায় ও তোমার বৃন্দাবনকে প্রণাম করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হরিদাস—(নিমীলিত নয়নে)

মালতীফুলের—

মালতীফুলের—

মালতীফুলের—

মধুর—চলে এসো। (উভয়ের প্রস্থান)

হরিদাস—(ক্রমে প্রকৃতিস্থ হইয়া) গোবিন্দ—গোবিন্দ—প্রাণবল্লভ!

জনৈক ভক্তের প্রবেশ।

ভক্ত—বাবা, বিহারীজীর জন্যে এই আতর এনেছি।

হরিদাস—আতর? কই দাও—গোবিন্দ—প্রাণবল্লভ—

আতর মাটীতে ঢালিয়া ফেলিলেন।

ভক্ত—ও বাবা, আমি যে বিহারীজীর জন্যে আতর এনেছিলাম।

হরিদাস—অ্যাঁ, ও—কই—কি বলছো?

ভক্ত—আতর বালির গাদায় ঢেলে ফেললেন—

হরিদাস—ও—আতর—বালির গাদা—না—বালির গাদা কেন? আচ্ছা, তুমি বিহারীজীকে দেখে এস।

ভক্তের গমন।

হরিদাস—(ভাবাবিষ্ট হইয়া) তুমি আমার গায়ে রঙ দেবে? কেমন হয়েছে তো—সব ভিজে গেছে তো—আর রঙ দিতে আসবে?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হোলি খেলিতে হবে হরি বলিতে হবে
নীরস কে হেন নীরব রবে।
এসেছে প্রেমিক অলি রসরাজ বনমালী
হৃদয়-কমলে বসি হাসি ফুটাবে॥

ভক্তের প্রবেশ।

ভক্ত—(প্রণাম পূর্ব্বক) বাবা আমার অপরাধ ক্ষমা করুন, আমি আপনার মহিমা বুঝতে পারিনি।

হরিদাস—হোলি খেলিতে হবে—কি বলছো?

ভক্ত—বিহারীজীর ঘর আতরের গন্ধে ভুরভুর করছে, তাঁর মাথা থেকে সর্ব্বশরীর আতরে ভিজে গেছে।

হরিদাস—তাঁর লীলা আমরা কি বুঝবো?

ভক্ত—তাঁর লীলা তো আমি দেখতে পেলুম না, দেখলাম আমার বাবার লীলা। বালির গাদায় আতর ঢাললেন আর বিহারীজীর সমস্ত শরীর ভিজে গেলো।

হরিদাস—ওই তো তাঁর লীলা বাবা। তাঁকে স্মরণ করে যেখান থেকে যে কেউ যা কিছু দিক না কেন, তিনি তা গ্রহণ করেন।

সুবলদাসের প্রবেশ

সুবল—(স্বামীজীর চরণে পতিত হইয়া) বাবা আমায় কৃপা করে চরণে স্থান দিন, আমাকে সংসার-সাগর থেকে উদ্ধার করুন, আমি আপনার শরণাগত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হরিদাস—ওঠ, কে তুমি, কি চাও বল ?

সুবল—-আমার নাম সুবলদাস, বাড়ী বঙ্গদেশ, আমায় কৃষ্ণদীক্ষা দান করতে হবে। আমায় কৃষ্ণপ্রেম-ধনে ধনী করুন দয়াময় !

হরিদাস—বাবা, কৃষ্ণপ্রেম লাভ করতে চাও—সে যে অতি কঠিন কথা। যতক্ষণ জগতে আমার বলতে কিছু থাকবে ততক্ষণ তো বাবা কেউ কৃষ্ণপ্রেম পেতে পারবে না।

সুবল—আমি শুদ্ধ কৃষ্ণপ্রেম লাভের জন্য সর্ব্বত্যাগ করে এসেছি।

হরিদাস—সর্ব্বত্যাগ করে এসেছো—ঠিক বলছো সর্ব্বত্যাগ করেছো ? বাইরের বিষয় ত্যাগ করছো, আচ্ছা বল—তোমার কাছে কিছু নেই ?

সুবল—আজ্ঞে, আজ্ঞে—

হরিদাস—বল, সত্য বল।

সুবল—আজ্ঞে এই স্পর্শমণি আছে।

(বাহির করিয়া দেখাইল)

হরিদাস—এখনও তোমার সময় হয়নি, রজোগুণী বস্তুতে যখন প্রীতি রয়েছে তখন কৃষ্ণপ্রেম সুদূর পরাহত। আমি তোমায় দীক্ষা দিতে পারবো না।

সুবল—বেশ যদি স্পর্শমণি থাকলে কৃষ্ণপ্রেম লাভ না হয় তাহলে এখনি যমুনায় ফেলে দিয়ে আসছি।

বেগে গমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভক্ত—আপনি অন্তর্য্যামী, ওর কাছে স্পর্শমণি আছে ঠিক জানতে পেরেছেন।

হরিদাস—বাবা আমি জানতে পারিনি, বিহারীজী জানিয়ে দিলেন।

হোলি খেলিতে হবে হরি বলিতে হবে
নীরস কে হেন নীরবে রবে।

(সুবলের প্রবেশ—দণ্ডবৎ প্রণাম পূর্ব্বক)

সুবল—এইবার আমায় কৃপা করুন।

(চরণে পতিত হইল)

হরিদাস—(উত্তোলন পূর্ব্বক আলিঙ্গন করিয়া) এসো—বিহারীজীর ঘরে—

পট পরিবর্ত্তন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ষষ্ঠ দৃশ্য

মেরতা—দাদুজী ভবন।

(নেপথ্যে শঙ্খধ্বনি, হুলুধ্বনি, কোলাহল)

তারাবাঈ—(নেপথ্যে) ওরে তোরা বাসর সাজাগে, বর-কনেকে জল খাইয়ে নিয়ে যাচ্ছি।

ফুলের তোড়া, বিছানা, তাকিয়া, বাতিদান প্রভৃতি লইয়া মীরার সঙ্গিনীগণের প্রবেশ। বরের আসন রচনা।

১মা—ভাই মেবারের মহারাণা কুম্ভের সম্মান কি করে করবো, আমাদের যে কিছুই নেই।

২য়া—যাই বলিস ভাই, মীরার ভাগ্যি ভাল, একেবারে যেচে এসে মহারাণা মীরাকে বিয়ে ব[illegible]। মীরা আজ আমাদের সে মীরা নয়, আজ চিতোরের মহারাণী মীরা।

৩য়া—তা হবেনা কেন ভাই, ও রকম ভক্তি কার? গিরিধারী গোপালকে নিয়েই আপনহারা।

১মা—এইবার দেখা যাবে কেমন সে গিরিধারী গোপালকে ভালবাসে।

২য়া—তা বলে মনে করিস্না যে মীরা গিরিধারী গোপালকে ভুলে সংসারে মেতে যাবে।

১মা—চক্ষুকর্ণের বিবাদ ভঞ্জনের বেশী বিলম্ব হবে না, আজই বুঝা যাবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তারাবাঈ, মহারাণা কুম্ভ, মীরা ও সঙ্গিনী চতুষ্টয়ের প্রবেশ

তারাবাঈ—আপনি বসুন বাবা।

কুম্ভ—মা আমি আপনার সন্তান, আমাকে আপনি বলবেন না।

তারাবাঈ—বাবা, তুমি চিতোরের মহারাণা। তোমাকে তুমি বলতে জিভটা আটকে যাচ্ছে।

কুম্ভ—সন্তানের বাইরে যতই সম্মান থাকুক সে মাতার কাছে শিশুপুত্র।

তারাবাঈ—পিতৃপুরুষগণের পরম সৌভাগ্য আর মীরারও জন্ম-জন্মান্তরের যথেষ্ট পুণ্য তাই তোমাকে আমরা পেলাম বাবা। নচেৎ তোমাকে দর্শন করবার সামর্থ্য আমাদের নাই। ও মায়েরা, তোরা বাবাকে রাত্রে একটু ঘুমুতে দিস—বাবার আমার কত কষ্ট হচ্ছে।

১মা—জেঠাইমা, তোমাকে সে জন্য কিছু ভাবতে হবে না, আমরা সব ঠিক করে নেবো।

তারাবাঈ—আসি বাবা!

কুম্ভ—(প্রণাম পূর্ব্বক) যান, আপনি জল খানগে।

তারাবাঈ-এর গমন

১মা—এস তো মহারাণা, আপনাকে আমরা কি বলবো ?

কুম্ভ—তুমি বলবে।

২য়া—বসো ভাই, এইখানে বসো (বসাইয়া ফুলের তোড়া সজ্জিত করণ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১মা—মীরা তুই বাঁদিকে বোস।

৩য়া—মীরাকে একটু সমীহ করে বল, মীরা আমাদের সে মীরা আর নেই। চিতোরের মহারাণী মীরা!

মীরা—যাঃ

১মা—তা ভাই বর বাসরে গান গাইতে হয় গান-টান জানা আছে তো?

কুম্ভ—আমাকে আর গাইতে হবে না তোমাদের সখীর কাছে কি আমার গাইবার শক্তি আছে?

২য়া—মীরা গাইতে পারে কে তোমায় বললে?

কুম্ভ—শুধু গাইতে, নাচতে পর্য্যন্ত পারে।

৩য়া—কোথায় মেবার কোথায় মেরতা এ সব কথা মহারাণা জানলে কি করে?

কুম্ভ—ফুল ফুটলে বাতাসে সুগন্ধ চারিদিকে ছড়িয়ে পড়ে। মীরার নাচ গানের কথা কেবল লোকমুখে শুনিনি, স্বচক্ষে স্বকর্ণে দেখে শুনে গেছি।

২য়া—বল কি ভাই তুমি কবে কি করে দেখলে?

কুম্ভ—ছদ্মবেশে এসে দেখে গেছি।

৩য়া—ওমা এর মধ্যে শুভদৃষ্টি আগে থেকেই হয়ে গেছে? তাতো জানিনে, কবে এসেছিলে?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুম্ভ—এখান থেকে দেখে যাওয়ার পরই মা এখানে লোক পাঠান।

১মা—মীরা পাথরের গিরিধারী পূজো করে এতদিনে জ্যান্ত গিরিধারী পেলে।

২য়া—মীরা আজ তোর গিরিধারী গোপাল কোথা ?

মীরা—(বক্ষ হইতে বাহির করিয়া দেখাইল) এই যে।

৩য়া—ওমা, বিয়ের সময় গিরিধারীকে বুকে করে রেখেছিলি ?

মীরা—গিরিধারীকে আর কোথায় রাখবো ?

১মা—তা মীরা পাথরের গিরিধারীর সেবা করে একেবারে কামদেবের মত জ্যান্ত গিরিধারী পেয়েছিস।

মীরা—আমার গিরিধারী পাথরের বুঝি ?

৩য়া—আমরা তো তাই দেখি।

মীরা—তোমরা দেখতে জানো না।

২য়া—যাক এখন নূতন মহারাণী গিরিধারীকে গান শোনাতে লজ্জা করবে ?

মীরা—লজ্জা করবে কেন ?

১মা—তোর গিরিধারীর সিংহাসন আনি (গমন, সিংহাসন সহ প্রত্যাগমন) তোর গিরিধারীকে রেখে গান গা নাচ।

[মীরা গিরিধারীকে রাখিল]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুম্ভ—মীরার গান তো শুনবই, তোমাদের একটা গান শুনি।

১মা—আমরা কি মীরার মত গাইতে পারবো ?

কুম্ভ—মীরার সঙ্গিনী যখন কেন পারবে না।

২য়া—আয় ভাই সবাই মহারাণাকে গান শোনাই। মীরার গিরিধারী আছে, মীরা আছে, যা তা গাইলে তো হবে না।

৩য়া—আয়, গিরিধারীরই গান গাই, আয়।

(সকলের নৃত্যগীত)

নব জলধর তনু থির বিজুরি জনু
পীত বসনাবলী তায়।
চূড়া শিখি দল বেড়িয়া মালতী মাল
সৌরভে মধুকর ধায়॥
শ্যামরূপ জাগয়ে মরমে।
পাশরিব মনে করি যতনে ভুলিতে নারি
ঘুচাইল কুলের ধরমে॥
কিবা সেই মুখশশী উগারে অমিয়ারাশি
আঁখি মোর মজিল তাহায়।
গুরুজন ভয়ে যদি ধৈরজ ধরিতে চাহি
দ্বিগুণ আগুন উপজায়॥
এ তিন ভুবনে যত রস সুধানিধি কত
শ্যাম আগে নিছিয়ে ফেলিয়ে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এ দাস অনন্ত কয় হেনরূপ রসময়
না দেখিলে প্রাণ না জীবয় ॥

১মা—(গীতান্তে) এই ভাই আমরা যা জানি গাইলুম।

কুম্ভ—সুন্দর, অতি সুন্দর।

২য়া—মীরা তোর গান ভাল লাগলো ?

মীরা—বেশ গান।

৩য়া—শুধু বেশ গান বললে তো হবে না, গাইতে হবে, নাচতে হবে, নূতন গিরিধারীর কাছে লজ্জা করবে না তো ?

কুম্ভ—লজ্জা কেন করবে ?

১মা ভাই বর, তুমি বল নইলে মীরা গাবে না।

কুম্ভ—মীরা, তোমার গিরিধারীকে গান শোনাও তো।

মীরা—(গিরিধারীকে ও কুম্ভকে প্রণাম করিয়া নৃত্যগীত)

জীবনে মরণে সাথী তুমি হে আমারি।
মনে পড়ে তব কথা দিবা বিভাবরী ॥
তুমি তো জান হে হৃদয় আমার,
তোমা পানে চেয়ে থাকি অনিবার,
উঠি উচ্চস্থানে আমি বার বার,
তব আশাপথ নিয়ত নেহারি ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কেঁদে কেঁদে মোর অন্ধ দু' নয়ন
তোমা বিহনে অলীক ভুবন
সকলি অসার দেহ কুল মান
শুন নিবেদন হে রাসবিহারী ॥
করি হে প্রার্থনা জুড়ি দুই কর
দেহ কর্ণ তুমি কথায় আমার
লয়ে চল মোরে চরণে তোমার
মীরা হৃদিরঞ্জন গিরিধারী ॥

পটক্ষেপ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয় অঙ্ক

প্রথম দৃশ্য

মেবার—দুর্গা মন্দির। পূজক পূজা করত কৃতাঞ্জলি।

নমস্তে শরণ্যে শিবে সানুকম্পে
নমস্তে জগদ্ব্যাপিকে বিশ্বরূপে।
নমস্তে জগদ্বন্দ্য পদারবিন্দে
নমস্তে জগত্তারিণি ত্রাহি দুর্গে॥ ১

নমস্তে জগচ্চিন্ত্যমানস্বরূপে
নমস্তে মহাযোগিনি জ্ঞানরূপে।
নমস্তে সদানন্দনন্দস্বরূপে
নমস্তে জগত্তারিণি ত্রাহি দুর্গে॥ ২

অনাথস্য দীনস্য তৃষ্ণাতুরস্য
ভয়ার্ত্তস্য ভীতস্য বদ্ধস্য জন্তোঃ।
ত্বমেকা গতি র্দেবি নিস্তারকর্ত্রি
নমস্তে জগত্তারিণি ত্রাহি দুর্গে॥ ৩

অরণ্যে রণে দারুণে শত্রু-মধ্যে
অনলে সাগরে প্রান্তরে রাজগেহে।
ত্বমেকা গতির্দেবি নিস্তার হেতু
নমস্তে জগত্তারিণি ত্রাহি দুর্গে॥ ৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অপারে মহাতুস্তরেঽত্যন্ত ঘোরে
বিপৎসাগরে মজ্জতাং দেহভাজাম্।
ত্বমেকা গতির্দেবি নিস্তার নৌকা
নমস্তে জগত্তারিণি ত্রাহি তুর্গে॥ ৫

নমশ্চণ্ডিকে চণ্ডদোর্দ্দণ্ড লীলা
লসৎখণ্ডিতাখণ্ডলাশেষভীতে।
ত্বমেকা গতির্বিঘ্ন সন্দেহ হন্ত্রী
নমস্তে জগত্তারিণি ত্রাহি তুর্গে॥ ৬

ত্বমেকা জিতারাধিতা সত্যবাদি
ন্যমেয়াজিতাক্রোধনাক্রোধনিষ্ঠা।
ইড়াপিঙ্গলা ত্বং সুষুন্না চ নাড়ী
নমস্তে জগত্তারিণি ত্রাহি তুর্গে॥ ৭

নমো দেবি তুর্গে শিবে ভীমনাদে
সরস্বত্যরুন্ধত্যমোঘ স্বরূপে।
বিভূতিঃ শচী কালরাত্রিঃ সতীত্বং
নমস্তে জগত্তারিণি ত্রাহি তুর্গে॥ ৮

শরণমসি সুরাণাং সিদ্ধবিদ্যাধরাণাং
মুনিদনুজনরাণাং ব্যাধিভিঃ পীড়িতানাম্।
নৃপতি গৃহগতানাং দস্যুভিস্ত্রাসিতানাং
ত্বমসি শরণমেকা দেবি তুর্গে প্রসীদ॥

(নেপথ্যে হুলুধ্বনি—শঙ্খবাদ্য)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহারাণী, কুম্ভ, মীরা, উদাবাঈ, চামেলী ও চম্পার প্রবেশ।

মহারাণী—বাবা কুম্ভ তুই মাকে পুষ্পাঞ্জলি দে, প্রণাম কর।

কুম্ভ—(পুষ্পাঞ্জলি দান ও প্রণাম করণ)

মহারাণী—বৌমা তুমি আমাদের কুলদেবী মা দুর্গাকে প্রণাম কর, পুষ্পাঞ্জলি দাও।

মীরা—(নীরবে অবস্থান করিতে লাগিলেন)

মহারাণী—মাকে প্রণাম কর।

মীরা—(নীরবে অবস্থান করিতে লাগিলেন)

মহারাণী—(গাত্রে হস্ত প্রদান করত) আমাদের কুলদেবীকে প্রণাম করতে হয়। আগে পুষ্পাঞ্জলি দিয়ে প্রণাম কর। দিন তো পুরুতমশাই বৌমার হাতে ফুল দিন তো।

পূজক—(পুষ্প হস্তে লইয়া) নাও মা!

মহারাণী—নাও ফুল নাও।

মীরা—আমি গিরিধারী গোপালকে পূজো করেছি, তাঁকে দেহ সমর্পণ করে দিয়েছি, আর কোন দেবতাকে প্রণাম করবো না।

মহারাণী—ছি, ও কথা বলতে আছে! ইনি আমাদের কুলদেবী, বাপ্পারাওয়ের প্রতিষ্ঠিতা। এঁকে প্রণাম কর, তোমার সৌভাগ্য লাভ হবে, মা তোমাকে চিরায়ুষ্মতী করবেন।

মীরা—গিরিধারী গোপালের চরণে অর্পিত এ দেহে আমার কোন অধিকার নাই আর গিরিধারীর আশীর্ব্বাদে আমি বিধবা হবোনা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উদাবাঈ—ও কি বৌ, মার কথা বার বার কেন অমান্য করছো, প্রণাম কর।

মীরা—(প্রতিমার মুখ পানে চাহিয়া) মা দুর্গা আমায় প্রণাম করতে বারণ করছেন।

মহারাণী—তাহলে তুমি মাকে প্রণাম করবে না ?

মীরা—না।

মহারাণী—ও কুম্ভ, তুই পছন্দ করে কাকে ঘরে আনলি বাবা ? এখনি এত অবাধ্য. এর পর কি হবে গো ? তাহলে তুমি মা দুর্গাকে প্রণাম করবে না ?

কুম্ভ—(নীরবে প্রতিমা পানে চাহিয়া রহিলেন)

মীরা—না।

মহারাণী—(ক্রুদ্ধ হইয়া) কুলদেবতার আশীর্ব্বাদ না নিলে তো আমি তোমাকে রাজভবনে নিয়ে যেতে পারবো না। যাই মহারাণাকে নববধূর স্পর্দ্ধার কথাটা বলি, দেখি তিনি কি ব্যবস্থা করেন।

(দ্রুত প্রস্থান)

উদাবাঈ—কেন ভাই এই আনন্দের দিনে নিরানন্দের সৃষ্টি করছো ? মা দুর্গাকে প্রণাম করলে কি তোমার বৈষ্ণবধর্ম্মের এত হানি হবে ? প্রণাম করো, অশান্তির আগুন জেলোনা, সে আগুনে কেবল তুমি নও সকলেই জলে পুড়ে সারা হবে।

মীরা—আমি গিরিধারী গোপালকে দেহ সমর্পণ করেছি, এ দেহ তাঁর, কি করে তাঁর দেহ দিয়ে দুর্গাকে প্রণাম করবো ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহারাণীর প্রবেশ।

মহারাণী—প্রণাম করলে না তো ?

উদাবাঈ—না মা, এ বড় কঠিন মেয়ে।

মহারাণী—মহারাণা বললেন একে ওই ফুল বাগানের মধ্যে যে ছোট্ট বাড়ীটা আছে সেখানে রাখতে। রাজভবনে এর প্রবেশের অধিকার নাই। চম্পা, চামেলী !

উভয়ে—মা !

মহারাণী—তোরা বৌমাকে ওই বাড়ীটায় নিয়ে রাখগে, তোদের উপর এর ভার রইল। আমি কুলদেবতার অপমানকারিণী বধূর মুখ দর্শন করতে চাহি না।

বেগে প্রস্থান।

চম্পা, চামেলী—এস মা আমার সঙ্গে। (কুম্ভের প্রতি) আপনিও আসুন।

উদাবাঈ—চল দাদা !

মীরা ব্যতীত সকলের দুর্গা প্রতিমাকে প্রণামপূর্ব্বক গমন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয় দৃশ্য

কাশীধাম—অসির তীর

তুলসীদাস ঘটী হস্তে

প্রভাতী

জাগিয়ে কৃপানিধান পন্থীগণ বোলে।
শশী কি কিরণ মন্দভয়ী
চকই পিয়া মিলনগয়ী
ত্রিবিধ মন্দ চলত পবন পল্লব দ্রুমডোলে।
প্রাতর্ভানু প্রগট্ ভয়ো রজনীকে তিমির গয়ো
ভৃঙ্গ করত গুঞ্জ গান কমলন দল খোলে
তুলসীদাস অতি আনন্দ নিরখিয়ে মুখারবিন্দ
দীননকো দেত দান ভূষণ বাহু মোলে।

গীতান্তে প্রস্থান

নাগরিকদ্বয়ের প্রবেশ

১ম—ইনি কে ভাই ?

২য়—এঁর নাম তুলসীদাস। খুব রামভক্ত, কেবল রাম রাম করেন, প্রকৃতিও খুব শান্ত।

১ম—কোথায় এঁর বাড়ী ?

২য় –সাধুদের বাড়ী সঙ্গে সঙ্গে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১ম – কতদিন কাশীতে আছেন ?

২য়—তা প্রায় বছরখানেক। আমি অমন লোক আর দেখিনি ভাই, সকলের সঙ্গে মিষ্ট কথা কন। এঁর মধুর ব্যবহারে কাশীর অনেকে এঁকে ভক্তি করেন।

১ম—আচ্ছা কাশীর মধ্যে এখন শ্রেষ্ঠ সাধু কে আছেন ?

২য়—শ্রীমৎ মধুসূদন সরস্বতী—যত বড় পণ্ডিত তত বড় সাধু, অদ্বৈতবাদী সাধু।

১ম—অদ্বৈতবাদ কাকে বলে ভাই ?

২য়—ব্রহ্ম সত্য, জগৎ মিথ্যা। অন্ধকারে যেমন দড়িতে সর্পভ্রম হয় তদ্রূপ ব্রহ্মে মিথ্যা জগতের ভ্রম হয়। শাস্ত্র শ্রবণ মনন দ্বারা আত্মজ্ঞান লাভ হয়। ব্রহ্মাস্মি—আমি ব্রহ্ম—এই ভাবে স্থিতি লাভ করার নাম জীবন্মুক্তি, অদ্বৈতবাদী জীবিতকালে জীবন্মুক্তি ও মরণের পর সদ্যোমুক্তি লাভ করেন।

১ম—ও সব মাথায় ঢুকবে না, এঁর ব্যাপার কি ?

২য়—কেহ এঁর সঙ্গে বিচারে পারত না, যে কেহ আসতেন তাঁকে যুক্তি ও তর্কের দ্বারা পরাস্ত করে দিতেন। এইরূপ শত শত বিদ্বান এঁর দ্বারা অপমানিত হয়ে দুঃখিত হন। একদিন এক উলঙ্গ পরমহংস স্বামীজীর কাছে আসেন। ইনি তাঁর স্বাগত সৎকার করার পর তিনি এঁকে বলেন—স্বামীজী আপনি তো অসঙ্গ হয়েছেন, আচ্ছা আপনার বুকে হাত রেখে বলুন তো এই সব বিদ্বানগণকে জয় করে আপনার অভিমান হয় কি না ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১ম—(ইতঃস্তত দৃষ্টি নিক্ষেপ)

২য়—তুমি ও রকম করছো কেন ?

১ম—কি জানি ভাই এখানে এলে গাটা কেমন ছম্‌ছম্ করে।

২য়—এই গাছটায় একটা ভূত আছে অনেকে তাকে দেখেছে।

১ম—তাই নাকি ! মুক্তিক্ষেত্র কাশীর কাছেও ভূত !

২য়—এটা হ'ল অসির দক্ষিণপাড়। ভূতটা মহাপাপী ও মহাপুণ্যবান।

১ম - দু'রকম কি করে ?

২য়—মহাপাপের ফলে ভূত হয়েছে ও মহাপুণ্যের ফলে কাশী-ধামের কাছে আছে।

১ম—আচ্ছা, তারপর তুমি বল।

২য়—যদি হয় তাহলে তাদের দুঃখী করার পাপ আপনাকে লাগবে। যদি অন্য কেউ এ কথা বলতো তাহলে স্বামীজী হেসে উড়িয়ে দিতেন। কিন্তু পরমহংসের বাক্যে প্রভাবিত হয়ে গেলেন, মুখ মলিন হয়ে গেল। তখন সেই পরমহংস বললেন—ভাই পুস্তকের পাণ্ডিত্য আর যুক্তির প্রাবল্য বড় বিক্ষেপ, উপাসনা করে এদের নষ্ট করতে না পারলে রসের অনুভূতি হয় না। তখন স্বামীজী তাঁর চরণ ধারণ করে মন্ত্র প্রার্থনা করেন। তিনি এঁকে কৃষ্ণমন্ত্র দান করে উপাসনার পদ্ধতি বলে দিয়ে বলেন—শ্রদ্ধা বিশ্বাসের সহিত যদি তুমি উপাসনা কর তাহলে তিন মাসের মধ্যে ভগবান শ্রীকৃষ্ণের দর্শন লাভ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করবে। অনন্তর ইনি পরমহংসের আজ্ঞামত উপাসনা করেন কিন্তু তা সফল হয় না। উদ্বিগ্ন হৃদয়ে স্বামীজী কাশী ত্যাগ করে চলে যান।

১ম—তাহলে সে পরমহংস যে সে ব্যক্তি নন, অত বড় পণ্ডিতকে এক কথায় কায়দা করে ফেললেন। তারপর—

২য়—স্বামীজী কপিলধারার কাছে যাওয়ার পর এক নীচ জাতি মানুষের সঙ্গে দেখা হয়। সে বলে—স্বামীজী লোকে ভগবানকে পাবার জন্য অনেক জন্ম ধরে উগ্র তপস্যা করেও দর্শন পায় না আর আপনি তিন মাসেই ঘাবড়ে গেলেন?

১ম—আরে এ কি করে জানতে পারলে, আশ্চর্য্য ব্যাপার তো?

২য়—স্বামীজী ভাবলেন—আমার সাধনার কথা এ কি রকমে জানলে। তিনি তাঁর চরণে পতিত হলেন, উঠে দেখলেন ইনি তাঁর গুরুদেব সেই পরমহংস। তিনি বললেন—এইবার তিন মাস প্রেমের সহিত জপ পূজা ধ্যান কর নিশ্চয় দর্শন পাবে। তিনি ফিরে এসে সাধনা করে শ্রীভগবান কৃষ্ণচন্দ্রের দর্শন পান। তিনি এঁকে গীতার টীকা লিখতে আদেশ করেন।

১ম—তিনি কোথায় থাকেন? চল ভাই তাঁকে দর্শন করে আসি।

উভয়ের গমন

রাম রাম করিতে করিতে ঘটী হস্তে তুলসীদাসের প্রবেশ, বৃক্ষমূলে জল দান
জনৈক ভূতের আবির্ভাব

ভূত—ভক্তবর, নিত্য আপনার প্রদত্ত জল পান করে আমি অত্যন্ত সন্তুষ্ট হয়েছি, বর প্রার্থনা করুন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুলসীদাস—কেই তুমি, কি হেতু এই প্রেতযোনি পেয়েছ? রাম, রাম!

ভূত - হে ভক্ত, আমার কথা শোনো, পূর্ব্বে আমি বিন্ধ্যরাজ্যের পুরোহিত ছিলাম। লোভী সংকর্মরহিত সাধুদ্বেষী পরনিন্দাকারী আমার মত আর কেহ ছিল না। রাজা ব্রাহ্মণগণকে ধনদান করতেন, আমি তাদের সামান্য দিয়ে সব আত্মসাৎ করতাম। একদিন কোন তৃষ্ণার্ত্ত ব্যক্তি আমার দ্বারে এসে জল চায়, আমি তাকে দূর দূর করে তাড়িয়ে দিই। সেজন্য সর্ব্বদা পিপাসিত হয়ে থাকতাম, অধুনা আপনার প্রদত্ত জল পানে আমার পিপাসার শান্তি হয়েছে।

তুলসীদাস—তুমি এখানে কি করে এলে?

ভূত—একদিন রাজা কাশীযাত্রা করেন, আমিও তাঁর সঙ্গে আসি। উদ্দেশ্য—তিনি কাশীতে দান করবেন—আমি তা পাবো। লোভহেতু কাশী আসি।

তুলসীদাস—তারপর?

ভূত—পথে আমায় সর্প দংশন করে, তাতেই মৃত্যু হয়। আমাকে নিতে যমদূতগণ আসে। তাদের ভীম বিনায়কদেব বলেন—'এ ব্যক্তি যত পাপী হোক যখন কাশী যাব বলে বাড়ী থেকে বেরিয়েছে তখন এর নরক হতে পারে না। এর উপর তোমাদের অধিকার নেই। এই মহাপাপী ক্ষুৎপিপাসাকুল কাশীর বাইরে কালভৈরবের দণ্ড যন্ত্রণা ভোগ করুক। রামভক্ত ব্রাহ্মণের শৌচাবশিষ্ট জল পান করে কাশী প্রাপ্ত হয়ে মুক্ত হবে। আমার সেই মুক্তিলাভের শুভক্ষণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এসেছে, আপনি যা চান বলুন আপনাকে দান করে আমি উর্দ্ধে গমন করি।

তুলসীদাস—হে ব্রহ্মন্, আপনি আমাকে রাম দর্শন করান।

ভূত—ভগবান রামচন্দ্রকে দর্শন করাবার শক্তি আমার নাই। তবে তার উপায় বলে দিচ্ছি। ওই যে উচ্চ মন্দির দেখা যাচ্ছে ওখানে নিত্য রামায়ণ পাঠ হয়। এক কুষ্ঠ রোগীর বেশে হনূমানজী সকলের আগে আসেন, সকলের শেষে যান। তাঁকে ধরুন, তাহলেই আপনি রামদর্শন লাভ করতে পারবেন। আমায় উর্দ্ধগমনের অনুমতি করুন।

তুলসীদাস—ভগবান শঙ্করের কৃপায় আপনি উদ্ধার লাভ করুন।

ভূত—(সহর্ষে)

জয় ভক্তরাজ তুলসীদাসের জয়।
জয় ভক্তরাজ তুলসীদাসের জয়।
জয় ভক্তরাজ তুলসীদাসের জয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয় দৃশ্য

মেবার—গিরিধারী গোপালের মন্দির—মীরার প্রবেশ

মীরা—এই যে আমি তোমার জন্য ফুল তুলতে গিয়েছিলাম। গিরিধারী গোপাল, ও আমার গিরিধারী গোপাল, কথা কচ্ছোনা কেন? তুমি চুপ করে থাকলে আমার বড় কষ্ট হয়। কথা কও, তোমার এখানে প্রথমে খুবই অসুবিধা হয়েছিল—এখনতো আর তা নেই। ভোগের ব্যবস্থা তো আমি নিজে হাতে করি। আমি তো রাঁধতে জানিনে—কোনদিন নুন হয়, কোনদিন বা ঝাল বেশী হয়, কই তুমি তো কিছু বল না। দেখ, তুমি ভিন্ন মীরার জগতে আর কেউ নেই। গিরিধারী, ও আমার গিরিধারী, দেহ মন প্রাণ আমার যা কিছু সব তোমার চরণে প্রথম দর্শনেই দিয়েছি—আমার বলতে আর কিছু নাই। স্বামী আমায় কত ভালবাসেন কিন্তু তাঁর প্রতিদান দেবার আমার কিছু নাই, সবই তুমি নিয়ে নিয়েছ। ও গিরিধারী, তুমি কথা কও, নইলে যে আমি কেমন হয়ে যাই, আমার সব শূন্য মনে হয়। ও গিরিধারী, ও দুষ্ট নীলমাণিক, আবার আমার মুখপানে চেয়ে হাসা হচ্ছে। যাও (ঘোমটা টেনে দিলেন)— তোমাকে না দেখে যে আমি থাকতে পারিনা। (ঘোমটা খুলিলেন) ক্ষিদে পেয়েছে? আম সন্দেশ দেবো? এখন খাবে না? সন্ধ্যার পর খাবে? ক্ষিদে পেয়েছে এখন খেলেই তো হ'ত—আমার কাছে তোমার লজ্জা কি? আচ্ছা একটা সন্দেশ খাও, সন্দেশও খাবেনা? তা খাবে কেন? আমি তো মা নন্দরাণী নই যে ঘাড় ধরে খাইয়ে দেবো। তা বলে মনে করোনা যে মীরার কাছে নিস্তার পাবে। দেখবে, দেবো সন্দেশ খাইয়ে দেবো?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উদাবাঈয়ের প্রবেশ

উদা—কার সঙ্গে কথা কচ্ছিলে ভাই ?

মীরা—আমার গিরিধারী গোপালের সঙ্গে !

উদা—গিরিধারী তোমার কথায় উত্তর দিচ্ছিলেন ?

মীরা—হাঁ।

উদা—আমরা তো তোমার গিরিধারীকে পাথরের ঠাকুর মনে করি।

মীরা—ও কথা বলতে নেই, আমার গিরিধারী সচ্চিদানন্দঘন।

উদা—দেখ দিদি, একটা কথা বলবো ?

মীরা—বল দিদি।

উদা—তোমার এই বৈষ্ণবগণের সঙ্গে মিশে নাচগান ভজনে মা বাবা অত্যন্ত অসন্তুষ্ট হয়েছেন। তুমি সূর্য্যবংশের কুলবধূ, চন্দ্রসূর্য্য পর্য্যন্ত এ বংশের বধূদের মুখ দেখতে পান না। আর তুমি ভাই এই সব তিলকধারী বৈষ্ণবগণের সুমুখে নাচো, এটাকি ভালো ? তোমার একটু সমীহ হয় না ?

মীরা—ভাই, আমার বলতে যে আর কিছু নাই, মন প্রাণ দেহ সব গিরিধারীর চরণে অর্পণ করেছি। নাচ গান ভজনে আমার স্বাধীনতা ন ই. গিরিধারীই এ দেহটাকে নাচান, গাওয়ান ও ভজন করান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উদা—তোমার প্রভাবের কথা তো সাধারণে বুঝবে না ভাই। তারা দেখছে চিতোরের ভাবী মহারাণী মীরাবাঈ কতকগুলো তিলকধারী দুষ্ট লোকের সঙ্গে নাচ গান করেন।

মীরা—ভাই আমার গিরিধারীর ভক্ত বৈষ্ণবগণকে ও কথা বোলোনা।

উদা—আমি আমার কথা বলছিনা ভাই। মেবারে তোমার এই নাচগান নিয়ে মহা হৈ চৈ পড়ে গেছে। কি আত্মীয়স্বজন, কি প্রজামণ্ডলী সকলেই ছি ছি করছে। বাবা মার দুঃখের সীমা নাই, দাদা সদা বিমনা। তুমি ভাই ঐ বৈষ্ণবদের নিয়ে নাচগান ছাড়ো। একলা একলা নাচ গাও।

মীরা—ভাই আমার গিরিধারী ভক্তকে বড় ভালবাসেন। তাঁর মীরার দেহ নিয়ে তিনি ভক্ত সঙ্গে থাকতে চান, ভক্তবৈষ্ণব সঙ্গ ছেড়ে মীরার তো থাকবার সাধ্য নাই।

উদা—কি বলবো বল? শেষ পর্য্যন্ত যে কি হবে তা বুঝতে পাচ্ছিনা।

মীরা—দিদি তুমি কিচ্ছু ভেবো না, আমার গিরিধারী গোপাল সব ব্যবস্থা করবেন। কি বল গিরিধারী, ওই দেখ ভাই গিরিধারী হাসতে হাসতে ঘাড় নেড়ে স্বীকার করলে।

উদা—তোমার মত চোখ পাইনি ভাই। যাক, তুমি সাবধান।

মীরা—মীরার গিরিধারী মীরাকে খুব সাবধানে রেখেছেন।

উদা—আচ্ছা আসি ভাই।

[গিরিধারীকে প্রণাম করিয়া প্রস্থান]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মীরা—ও গিরিধারী লোকে যে তোমার মীরার খুব নিন্দে করছে। সব শুনলে তো? আর নাচিও না। দুষ্টু মুখ টিপে টিপে হাসি হচ্ছে, চিতোরের ভাবী মহারাণী মীরা—তাকে ঐ বৈষ্ণবদের সঙ্গে নাচান কি ভাল? আর নাচিও না—হেসে একেবারে গড়িয়ে পড়লেন—গোলোক, গোলোক কি মেবারের চেয়ে বড়? গোলোকের রাজা তুমি, তাতে আমার কি? ছেলেবেলায় তোমায় বর বলতুম তুমি এখনও সে কথা ভোলনি? মনে করে রেখে দিয়েছ? বর কটা হয়? তুমি বর আবার মেবারের যুবরাজ বর—এ কথা শুনলে লোকে কি বলবে? ও তুমি সত্যি বর আর যুবরাজ মিথ্যা বর

"আজ কালকা নহি
যব য়হ ব্রহ্মাণ্ড ছায়া।"

তুমি আমার আজকালকার পতি নও, চিরদিনের পতি, অনন্ত জীবনের পতি। ব্রহ্মাণ্ড সৃষ্টির সময় থেকেই তুমি আমার পতি। ও—মুখে হাসি ধরে না, আরও বলব—

"পূরব জনম কী প্রীত পুরাণী সে ক্যুঁ ছোড়ী যায়।"

শত শত অতীত জন্মের ভালবাসা কেউ কখনও কি ভুলতে পারে?

নাও এই মালাগাছটি গলায় দাও

মাল্যদান

দেখ—

"তুম বীচ হাম বীচ অন্তর নহী জৈসে সুরজকী ধামা"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ও গিরিধারী তোমার আত্মা হতে আমাকে ভিন্ন দেখতে পারি না। সূর্য্য ও তাঁর রশ্মির যেমন ভেদ নাই, তেমনি তোমাতে আমাতে স্বাতন্ত্র্য নাই। তুমি সূর্য্য আমি তোমার রশ্মি, তুমি চন্দ্র আমি তোমার কিরণ, তুমি সমুদ্র আমি তোমার তরঙ্গ। মনের মত কথা হয়েছে—একেবারে হেসে আকুল।

চামেলীর প্রবেশ

চামেলী—মা!

মীরা—কে রে?

চামেলী—আমি তোমার চামেলী।

মীরা—তোর হাতে কি মা?

চামেলী—মহারাণা বিষ্ণুর চরণামৃত পাঠিয়েছেন।

মীরা—মহারাণার কি স্নেহ, আমার জন্য চরণামৃত পাঠিয়েছেন, দে।

চামেলীর চরণামৃত দান ও মীরার গ্রহণ

গিরিধারী! তাহলে তোমার চরণামৃত পান করি?

চরণামৃত পান ও হাস্য

চামেলী—মা তুমি চরণামৃত খেয়ে হাসলে?

মীরা—চরণামৃত বলে বিষ দিয়েছেন।

চামেলী—ও মা আমি কি সর্ব্বনাশ করলুম, তোমাকে আমি বিষ খাওয়ালাম? ও মা কি হবে গো? ও গিরিধারী, আমার মীরা মাকে রক্ষা কর গিরিধারী। আমি কি তা জানি? তাহলে কি আনতুম? কি হবে মা?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মীরা—তুই কেন ভাবছিস্? মীরা তো গিরিধারীর, তাঁর যা ইচ্ছা হয় করবেন। আচ্ছা গিরিধারী, তুমি বল তো আমি চরণামৃত খেলাম কি বিষ খেলাম? ওই শোন চামেলী—গিরিধারী বলছে চরণামৃত। তুই আরতির জোগাড় কর।

(চামেলী আরত্রিকের আয়োজন করিতে লাগিল)

করতাল লইয়া বৈষ্ণবগণের গীত গাহিতে গাহিতে প্রবেশ

জয় জয় গিরিধারী গোপাল।
জয় জয় গিরিধারী গোপাল।
জয় জয় গিরিধারী গোপাল।
জয় জয় গিরিধারী গোপাল।

১ম বৈষ্ণব—মা, এইবার আপনি আরতি করুন।

মীরা—(পঞ্চপ্রদীপ, কর্পূর, শঙ্খ, বস্ত্র, পুষ্পাদির দ্বারা ক্রমে আরতি করিতে লাগিলেন।)

বৈষ্ণবগণ খোল, করতাল, কাঁসরাদি সহ

জয় জয় গিরিধারী গোপাল।
জয় জয় গিরিধারী গোপাল।

গাহিতে লাগিলেন—মীরার আরত্রিক শেষ হইল—সকলে গিরিধারীকে প্রণাম করিলেন

১ম বৈষ্ণব—মা, আপনার ভজন এইবার হোক।

মীরা—

মেরে তো গিরিধারী গোপাল দোসরা ন কোই।
দোসরা ন কোই সাধো সকল লোক জোই॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাই ছোড়্যা বন্ধু ছোড়্যা ছোড়্যা যশা সোই।
সাধু সঙ্গ বৈঠ বৈঠ লোক লাজ খোই॥
ভ্যাত দেখো রাজা হই জগৎ দেখো রোই।
অঁসুবন জল সিচ সিচ প্রেম বেলি রোই॥
দধি মথ ঘৃত কাড়ি লিয়ো ভার দই ছোই।
রাণা বিষকো প্যালা ভেজো পিয়ে মগন হোই॥
অবতৌ বাত কৈল পরী জানে সব কোই।
মীরা এম লগন লাগো হোলি হোয় সে হোই॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্থ দৃশ্য

কাশীধাম—বনপথ

দাস্য ও মধুরের প্রবেশ

দাস্য—ও মধুর !

মধুর—কি দাস্য ?

দাস্য—চল একবার মেবার যাই, গিয়ে তোমার মীরার সুখটা দেখে আসি।

মধুর—মীরা তো সু   আছে।

দাস্য—সুখ কাকে বলে জানো কি ? গেলুম মলুম হা-হুতাশ চোখের জলে বন্যা—এই নিয়ে তো তুমি মধুর।

মধুর—মধুরের মধুর ভাব তোমার সাধ্য নাই যে বোঝো।

দাস্য—মরি মরি ! হা গোবিন্দ, হা গোবিন্দ, হা প্রাণকান্ত বলে গোপিগণের দিবানিশি হাহাকার তোমার ভাবের বিজয়-শঙ্খ। আহা, প্রেমময়ী কুসুমকোমলা সরলা শ্যামপ্রিয়া শ্যামময়ী "ামার রাধারাণী 'হা গোবিন্দ, হা গোবিন্দ কোথা তুমি, একবার এসে তোমার দাসীকে দেখা দাও' বলে যে মর্ম্মভেদী আর্ত্তনাদ করে সারা জীবন কাটিয়েছেন, ব্রজের বৃক্ষে বল্লরীতে, আকাশে বাতাসে, রাধারাণীর সেই করুণ আর্ত্তনাদ এখনও প্রতিধ্বনিত হচ্ছে। বুঝলে মধুর ?

মধুর—ওই আর্ত্তনাদের মধ্যে কত আনন্দ আছে জানো ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দাস্য—সে আনন্দ কেবলমাত্র তুমি বোঝো, জগতের আর কেউ বোঝে না। ব্রজবালাগণের ও রাধারাণীর অবস্থা দেখে লোকে তোমায় দূর থেকে প্রণাম করে। এই সেদিন শ্রীগৌরচন্দ্র তোমার পাল্লায় পড়ে কি দুঃখটাই না ভোগ করে গেলেন। বৃদ্ধা মাতা, যুবতী পত্নী, অনুগত অগণ্য ভক্ত সকলকে ত্যাগ করে আমার গৌরাঙ্গ গম্ভীরায় কেবল 'হা প্রাণনাথ, হা প্রাণনাথ' বলে মুখ ঘসেছিলেন এ কথা কে না জানে? শ্রীপুরুষোত্তমধামে শ্রীমন্মহাপ্রভুর দুর্গতি তোমার তো একেবারে জয় জয়কার ঘোষণা কচ্ছে।

মধুর—তোমার মত অরসিককে এ মহাভাবের কথা কি করে বোঝাই বল দেখি। তুমি কেবল কৈঙ্কর্য্য কৈঙ্কর্য্য করে সারা। এ প্রেমের কথা, এ শৃঙ্গার রস—সর্ব্বোত্তম রস বোঝবার শক্তি তোমার নাই।

দাস্য—রস বলে রস, রসের তরঙ্গে যমুনার কলেবর বৃদ্ধি হ'ল! জেলেদের জালে গৌরাঙ্গদেব উঠলেন—মরি মরি মধুর, তোমার বালাই নিয়ে মরে যাই। এস, আমার ভাব দেখবে তো এস। রামকে আমার মহাবীর বললেন—ঠাকুর তোমার নামকীর্ত্তন করে আমার তৃপ্তি হচ্ছে না, আমি যেন চিরদিন তোমার নাম করতে পারি। সেই দাস্যমূর্ত্তি মহাবীরের অনন্তগুণের কথা কে না জানে? সমুদ্র লঙ্ঘন, লঙ্কাদহন, সীতার সংবাদ দান—ঠাকুরের কত কাজ করেছেন। আজ পর্য্যন্ত যেখানে রামনাম হয় মাথায় অঞ্জলি বন্ধন করে তিনি সেখানে উপস্থিত হন। ভক্তগণের দুঃখ দূর করবার জন্য সতত ব্যাকুল। এখানে প্রাণভেদী আর্ত্তনাদ নাই, গেলুমরে মলুমরে নাই, হা প্রাণনাথ, তুমি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কোথায় বলে হাহাকারও নাই—আছে আনন্দ, আনন্দ কেবল আনন্দ। আচ্ছা তুমিই বল আমি কি একথা অতিরঞ্জিত করে বলছি ?

মধুর—না সত্যই বলছো।

দাস্য—যদি সত্যই বলছি তাহলে তোমার অত বড়াই কিসে ? আমাকে যখন তখন অরসিক বলে উপহাস করা কেন ?

মধুর—এ কেনর উত্তর আমি দিব না সেই মহাবীরই দিবেন, চল সেই মহাবীরের কাছে।

উভয়ের গমন

লাঠিহস্তে ধীরে ধীরে কুষ্ঠগ্রস্ত বৃদ্ধের প্রবেশ ও ইতস্তত দৃষ্টি নিক্ষেপ ; তুলসীদাস দ্রুত প্রবেশ পূর্ব্বক চরণ ধারণ করত পতিত হইলেন।

কুষ্ঠ—আরে যা যা—ছাড় ছাড়—কে রে ? কে রে ? শীগ্‌গির ছেড়ে দে—যা যা—

তুলসী—(পতিত থাকিয়া) আমায় কৃপা করতে হবে।

কুষ্ঠ—আমি কুঠে বুড়ো, কৃপা করবার আমার কি সাধ্য আছে ?

তুলসী—আপনি যে কে তা আমি জানি।

কুষ্ঠ—আমি কে ?

তুলসী—আপনি ভক্তরাজ মহাবীর।

কুষ্ঠ—দূর, কুঠে কখনও মহাবীর হয় ?

তুলসী—আমি এই পা ধরে পড়ে রইলাম, দেখি আপনার দয়া হয় কি না ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুষ্ঠ—জয় রাম (লম্ফ প্রদান—মহাবীর রূপ ধারণ) কে তুমি? কি চাও?

তুলসী—(উত্থিত হইয়া কৃতাঞ্জলিপুটে) এ অধম দাসের নাম তুলসীদাস, আমি রামচন্দ্রকে দর্শন করতে চাই—আমাকে দেখাতে হবে।

মহাবীর—ভক্তবর!

তুলসী—আমি ভক্ত নই, কামী দুরাচার।

মহাবীর—ভক্তবর, তুমি যে কে তা আমার অজ্ঞাত নাই এবং কি জন্য অবতীর্ণ হয়েছো তাও আমি জানি। আচ্ছা, চিত্রকূটে যাও, সেইখানে দেখা পাবে। জয় রাম, জয় রাম, জয় রাম।

তুলসী—আপনার দেখা কোথা পাব?

মহাবীর—আমি তোমার সঙ্গেই থাকলাম।

(রাম রাম করিতে করিতে তুলসীদাসের প্রণামপূর্ব্বক গমন)

মহাবীর— পুনঃ প্রচারিতে ধরামাঝে রাম নাম,
রামগুণগান
তুলসীদাসরূপ করি পরিগ্রহ
এসেছেন বাল্মীকি মুনিবর। এবার অজস্র
রাম নাম শুনি হইব কৃতার্থ আমি।

দাস্য ও মধুরের প্রবেশ

দাস্য মধুর—ও হনুমান দাদা!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহাবীর—তোরা কে রে ?

দাস্য—আমি তোমার দাস্য, আমায় চিনতে পারছো না ?

মহাবীর—ও—আরে আয় আয়। (আলিঙ্গন)

মধুর—আমি তোমার মধুর।

মহাবীর—আয় আয়। (আলিঙ্গন). জয় রাম—তোরা কোথা থেকে এলি ?

দাস্য—আমাদের কি থাকবার ঘরদোর আছে ? ঘুরে ঘুরে বেড়াই, ঘুরতে ঘুরতে এসে পড়েছি।

মহাবীর—আমার কাছে কিছু প্রয়োজন আছে ?

মধুর—বল না দাস্য।

দাস্য—দেখ দাদা, এই মধুর আমাকে বড় বেরসিক বলে ঠাট্টা করে—আচ্ছা তুমিই বল তো দাদা ওই লোককাঁদান মধুর ভাল, কি আমি ভাল ?

মধুর—হনুমান দাদা, তোমায় সত্যি করে বলতে হবে ওই দাস্য মধুর, কি আমি মধুর ?

মহাবীর—জয় রাম। তাই তো রে ভাই, তোরা বিপদে ফেল্‌লি, আমি বাঁদর, আমাকে মধ্যস্থ মানতে এলি কি বলে ?

মধুর—ও কথা আমরা শুনবো না। তোমায় বলতে হবে। হাত জোড় করে পায়ের তলায় বসে প্রভু হে প্রভু হে ভাল অথবা বুকে মুখ লুকিয়ে প্রাণনাথ প্রাণেশ্বর বলা ভাল ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দাস্য—শুধু প্রাণনাথ প্রাণেশ্বর বললে হবে কেন? গেলুম, মলুম, ছটফটানি, হা-হুতাশ সে সব বলো।

মহাবীর—দেখ ভাই দাস্য মধুর, এ মীমাংসা করবার সামর্থ্য আমার নেই। একদিন আমার সঙ্গে ঠাকুরটির কাছে যাস, একবারে তোদের সন্দেহ চিরদিনের মত মিটে যাবে।

উভয়ে—কবে যাবে?

মহাবীর—সময় মত তোদের ডেকে নেবো।

মধুর—আয় দাস্য বৃন্দাবনে।

দাস্য—বৃন্দাবনের কথা বলিসনে ভাই, বৃন্দাবন বললেই আমার রাধারাণীর জলভরা চোখ দুটি ও ডবডবে মুখখানি মনে পড়ে।

মধুর—চল চিতোরে।

দাস্য—চল মীরার দুর্গতি দেখিগে। ও হনুমান দাদা, তুই কোথা যাবি?

মহাবীর—যেখানে রাম নাম হয় সেখানেই আমি থাকি। আয় একটু নাম করি।

নৃত্যগীত

জয় রাম জয় রাম জয় জয় রাম।
জয় রাম জয় রাম জয় জয় রাম॥

দাস্য ও মধুরের যোগদান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চম দৃশ্য

যমুনাতীর

গোপীগণের কলসী কক্ষে প্রবেশ ও নৃত্যগীত

শ্যামসুন্দর স্মরণ আমার, শ্যাম শ্যাম সদা সার।
শ্যাম জীবন, শ্যাম প্রাণধন শ্যাম সে গলার হার॥
শ্যাম সে বেসর, শ্যাম বেশ মোর,
শ্যাম শাড়ি পরি সদা।
শ্যাম তনু মন, ভজন পূজন,
শ্যাম দাসী হ'ল রাধা॥
কোকিল ভ্রমর, করে পঞ্চস্বর,
বধুয়া পেয়েছে কোলে।
হৃদয় মাঝারে রাখিও শ্যামেরে
দ্বিজ চণ্ডিদাস বলে॥

গোপীগণের প্রস্থান

স্বামী হরিদাসের শিষ্য সুবলদাসের প্রবেশ

সুবল—গুরুদেব স্পর্শমণিটাকে প্রেম লাভের অন্তরায় বললেন আমি তখনি তা যমুনায় ফেলে দিলাম; কিন্তু মণিটার জন্য মাঝে মাঝে মনটা কেমন করে। যা তা মণি নয় তো—লোহাতে স্পর্শ করালেই সোনা, মণিটা থাকলে সাধুসেবা ভগবৎসেবা খুব হোত। এই বঙ্কুবিহারীজীর প্রকাণ্ড মন্দির করতাম, বৃন্দাবনের লোকেরা সে রকম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মন্দির কখনও চোখে দেখেনি, তারা সে মন্দির দেখে অবাক হয়ে যেত। প্রকাণ্ড ধর্ম্মশালা করতাম। শুনেছি বঙ্কুবিহারী নিধুবনে মাটির ভিতর ছিলেন, তাঁর আদেশে গুরুদেব তাঁকে মাটি খুঁড়ে বের করেন। এমন সুন্দর ভুবনমোহন রূপ—যদি সেই মণিটা থাকতো তাহলে হীরা মণি মুক্তায় বঙ্কুবিহারীকে মুড়ে ফেলতাম।

(নেপথ্যে 'রাধে জয় রাধে রাধাগোবিন্দ বল')

হরিদাস স্বামীর প্রবেশ

হরিদাস—সুবলদাস এখানে দাঁড়িয়ে দাঁড়িয়ে কি ভাবছো? এসো আমার সঙ্গে।

সুবল প্রণাম করিলেন—উভয়ের গমন

আকবর ও তানসেনের তানপুরাসহ প্রবেশ

আকবর—ওস্তাদজী, কোথায় আপনার গুরুদেবের দর্শন মিলবে?

তানসেন—এইখানেই দেখা পাবেন।

আকবর—দেখুন ওস্তাদজী, বৃন্দাবন দেখে আমার খুব আনন্দ হচ্ছে, বার বার সেই বংশীধারী কৃষ্ণের কথা মনে পড়ছে।

তানসেন—বৃন্দাবন অপ্রাকৃতধাম, সাধারণ চক্ষের দ্বারা এ ধাম দর্শন হয় না, তথাপি যা দেখা যায়, তা আর অন্য কোথাও নাই।

আকবর—আপনি বলছেন আপনার চেয়ে উৎকৃষ্ট গায়ক আপনার গুরুদেব। তাঁর মুখে গান শোনবার জন্য এসেছি, তিনি শোনাবেন তো?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তানসেন—ভগবান্ ভক্তের মনোবাঞ্ছা পূর্ণ করেন। আপনার যখন তাঁর গান শুনতে ইচ্ছা হয়েছে, অবশ্যই শোনাবেন। আসুন, যমুনার তীর থেকে ঘুরে আসি।

উভয়ের গমন

স্বামী হরিদাস ও সুবলদাসের প্রবেশ

সুবল—(চরণে পতিত হইয়া) আমার অপরাধ ক্ষমা করুন।

হরিদাস—তুমি একটি স্পর্শমণি যমুনার জলে ফেলে অনুশোচনা করছিলে, আমি তোমায় সহস্র সহস্র স্পর্শমণি দেখালাম। যাও যত পার স্পর্শমণি লয়ে এস।

সুবল— অধম সন্তান আমি, পারি নাই
বুঝিতে তব মহিমা অপার
বার বার চরণ-কমলে
চাহিতেছি ক্ষমা, অপূর্ব্ব অপূর্ব্ব
সহস্র সহস্র স্পর্শমণি স্তূপাকার
হয়ে পড়ে আছে ওই কাননের
মাঝে।

হরিদাস— বৎস, ত্রিলোকের ঐশ্বর্য্যরাশি
প্রেম পথের প্রধান কণ্টক।
যতদিন না হৃদয় হতে মুছে যাবে
জগতের সৌন্দর্য্যবোধ আর হেথাকার
কাম্যবস্তু মন করিবে
প্রার্থনা ততদিন হবেনাকো

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কৃষ্ণপ্রেম লাভ। যে চায় প্রেমসুধা
পানে উন্মত্ত হইতে
সকল বাসনা ত্যাগ অবশ্য কর্ত্তব্য তার।
নচেৎ নাহি পাবে
অনন্যাভক্তি তাঁর চরণ যুগলে।

সুবল— দেব, ঘুচে গেছে মনের চাঞ্চল্য
তব আশীর্ব্বাদে বুঝিয়াছি
তুচ্ছ—অতি তুচ্ছ স্পর্শমণি।

আকবর ও তানসেনের প্রবেশ—উভয়ের প্রণাম

হরিদাস—কে তানসেন? ভাল আছ? ইনি কে?

তানসেন—দিল্লীর সম্রাট আকবর শাহ।

হরিদাস—একি করেছ তানসেন, দিল্লীর সম্রাটকে এ দীনের কাছে কেন এনেছো—এঁর সম্মান কি করে রক্ষা করবো—সুবলদাস যাও সম্রাটের জন্য আসন নিয়ে এস।

(সুবলদাস আসন আনিলেন)

আকবর—(পদ প্রান্তে উপবেশন পূর্ব্বক) এই চরণ প্রান্তে একটু স্থান পেলেই দাস কৃতার্থ হবে।

হরিদাস—তানসেন, অনেক দিন তোমায় দেখিনি, তুমি কি দিল্লীতেই আছ?

আকবর—অনুগ্রহ করে আমার কাছেই আছেন, ওঁর মুখে আপনার অপার মহিমা এবং অপূর্ব্ব গীতশক্তির কথা শুনে দর্শন-বাঞ্ছা প্রবল হল, তাই এসেছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হরিদাস—বৃন্দাবন দর্শনে আনন্দ হল ?

আকবর—আমি যথেষ্ট আনন্দ পেলাম। যমুনা ও বৃন্দাবন যেন কৃষ্ণের স্মৃতিতে পূর্ণ।

হরিদাস—বৃন্দাবন যে তাঁর নিত্য নিবাসভূমি।

আকবর—শ্রীমুখে একটি গীত শুনবার বড়ই বাসনা হয়েছে, সেই জন্য দিল্লী থেকে এসেছি।

হরিদাস—তানসেন, তানপুরা দাও।

তানসেনের তানপুরা দান, হরিদাস তানপুরা বাঁধিয়া লইয়া গীত

এ সখি হামারি দুখের নাহি ওর।
এ ভরা বাদর মাহ ভাদর
শূণ্য মন্দির মোর॥
ঝম্পি ঘন গর জন্তি সন্ততি
ভুবন ভরি বরি খন্তিয়া।
কান্ত পাহুন কাম দারুণ
সঘনে খর শর হন্তিয়া॥
কুলিশ শত শত পাত মোদিত
ময়ূর নাচত মাতিয়া।
মত্ত দাদুরী ডাকে ডাহুকী
ফাটি যাওত ছাতিয়া॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তিমির দিগভরি ঘোর যামিনি
অথির বিজুরিক পাঁতিয়া।
বিদ্যাপতি কহ কৈছে গোঙায়বি
হরি বিনে দিন রাতিয়া॥

আকবর— অপূর্ব্ব, অপূর্ব্ব সঙ্গীত, হেন গীত
আর কভু শুনি নাই আমি।
সঙ্গীত লহরী এখনও হৃদয়ে মোর
করিতেছে খেলা, আনন্দ
হইয়া মূর্ত্ত নাচি:তছে প্রতি লোমকূপে
ধন্য ধন্য আমি।

হরিদাস—তানসেন, সম্রাটের ভোজনের কি ব্যবস্থা হবে?

তানসেন—শিবিরে সে সব ব্যবস্থা আছে।

আকবর—প্রভো, কিছু সেবার জন্য প্রার্থনা করছি।

হরিদাস—দিল্লীশ্বর, আমার বঙ্কুবিহারীর তো কোন বিষয়ের অভাব নাই।

আকবর—তা জানি, তবু কিছু আদেশ করুন, আমার জীবন ধন্য হোক।

হরিদাস—তাইতো, কি বলি? তুমি বানরগণের জন্য আহার প্রেরণ কর এবং ব্রজভূমির বৃক্ষাদির ছেদন কেহ না করে তার ব্যবস্থা কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আকবর—প্রভো, আমি এতে আত্মতৃপ্তি অনুভব করছি না, আরও কিছু অনুমতি করুন।

হরিদাস— কি দিবে আমার বন্ধু বিহারীরে তুমি ?
দিল্লীশ্বর, নেহার নয়নে
দিব্য রূপরাশি এ ব্রজভূমির।

(পট পরিবর্ত্তন, দিব্য বৃন্দাবন)

আকবর— একি—একি—আলো—আলো—
কি স্নিগ্ধোজ্জ্বল আলোক সাগর
খেলিতেছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয় অঙ্ক

প্রথম দৃশ্য

মেবার পুষ্পোদ্যান-সংলগ্ন পথ

ভৃত্যদ্বয়

১ম—ভাই বড় ঘরের বড় কথা, আদার ব্যাপারী জাহাজের খবরে আমাদের দরকার কি ?

২য়—দরকার নেই সত্য কিন্তু কানে তো তূলো দিয়ে থাকতে পারিনে। চতুর্দ্দিকে সবাই ছি ছি করছে, বলছে চিতোরের মহারাণী কতকগুলা বৈষ্ণব নিয়ে রাতদিন হৈ চৈ কচ্ছেন, ধেই ধেই করে নাচছেন, একি ভালো ?

১ম—ভাই, আমরা চাকর, আমাদের চাকরের মত থাকাই ভাল। যে যা বলছে বলুক। ও কথায় কান দিয়ে কাজ নেই।

২য়—আরে ভাই, ইচ্ছে করে কি কান দিই ? জবরদস্তী করে কানে ঢুকিয়ে দেয়। কত কথা সব প্রজারা বলছে তা আর কি বলবো ?

১ম—তুই কোনদিন রাণীমার কীর্ত্তন শুনতে গেছলি ?

২য়—একদিন গেছলাম। সে কীর্ত্তন শুনে তাঁর নাচ দেখে প্রাণটা যেন কি হয়ে গেল ! মার আমার কি ভক্তি, নিজের রচনা করা ভজন গানে যেন ভাই মধুবর্ষণ করতে লাগলেন।

১ম—এদিকে নিন্দাও করছে আবার এদিকে মীরা মার ভজন ছেলেবুড়ো বৌ ঝি সকলের মুখেই তো লেগে আছে—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মীরা কহে বিনা প্রেমসে
না মিলে নন্দলালা—

মেবারের পাঁচ বছরের ছেলেরাও গায়।

১য়—মহারাণা ও মহারাণীর রাণীমার উপর তো বিষদৃষ্টি—মা দুর্গার কাছে অবিরত তাঁর মৃত্যু কামনা করছেন।

১ম—শুধু কি মৃত্যু কামনা করছেন—মেরে ফেলবার চেষ্টায় আছেন। সেদিন চরণামৃত বলে কেউটে সাপের বিষ পাঠিয়ে দিয়েছিলেন।

২য়—তিনি খেয়েছিলেন ?

১ম—খেয়েছিলেন বৈ কি ? রাখে কৃষ্ণ মারে কে! তাঁকে গিরিধারী গোপাল রক্ষা কচ্ছেন, কিছুই হ'লো না।

২য়—মহারাণা কি করলেন ?

১ম—মহারাণা মৃত্যু সংবাদ শোনবার জন্য অপেক্ষা করছিলেন। মৃত্যু তো দূরের কথা সেই বিষ পান করে তাঁর দেহকান্তি শতগুণ বেড়ে গেছে শুনে মহারাণা তো একেবারে অবাক !

২য়—ভাই পেহ্লাদের কথা শুনেছিলাম আমাদের রাণীমা দেখছি সেই পেহ্লাদ।

১ম—আরও কি সব পরামর্শ চলছে, একজন সাপুড়েকে কাল রাজসভায় দেখলাম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২য়—গিরিধারী রাণীমাকে রক্ষা করুন। আত্মীয় স্বজন পাড়া-প্রতিবাসী রাজ্যবাসী সকলের মুখে কেবল তাঁর নাচ গানের কথা শুনে শুনে মহারাণা পাগলের মত হয়ে পড়েছেন।

১ম—ওই যুবরাজ আসছেন চল।

উভয়ের গমন

কুম্ভের প্রবেশ

কুম্ভ— সকল সৌন্দর্য্যরাশি একত্র করিয়া
গড়েছেন বিধাতা বসিয়া
বিজনে মীরারে আমার।
মরি মরি চন্দ্রও লজ্জা পায় হেরিয়া
মীরার বদন, আকর্ণবিস্তৃত নয়ন
আরক্তিম্ গণ্ডদ্বয়,
পক্কবিম্ব সম ওষ্ঠাধর, কুঞ্চিত
কেশদাম, ভাবমাখা তনুখানি
হেরিলে প্রাণ পূর্ণ হয়ে যায় মোর,
সরলা বালিকা উন্মাদিনী সম
গিরিধারী প্রেমে আত্মহারা।
একদিন বলিল আমারে
গিরিধারী পতি মোর জনমে জনমে।
কোনদিন অঙ্গস্পর্শ করিনিকো তার
হেরিয়া মীরারে কামভাব যায় পলাইয়ে
খেলে ভগবৎ প্রেমের তরঙ্গ হৃদয়ে আমার।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রূপেগুণে বিদ্যা বুদ্ধি ভকতিতে মীরা
মোর অতুলনা ভুবন মাঝারে।
কি রচনা নৈপুণ্য কণ্ঠে কণ্ঠে হতেছে ধ্বনিত
মীরার মধুর সেই ভজন সঙ্গীত।
মীরার অবাধ ভজনে
অসন্তুষ্ট পিতামাতা
মীরার মরণ তাঁদের হয়েছে বাঞ্ছিত।
পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতাহি পরমন্তপ।
পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতা॥

মহারাণীর প্রবেশ— কুম্ভের প্রণাম

মহারাণী—কুম্ভ!

কুম্ভ—মা!

মহারাণী—তুই একবারে উদাসীন হয়ে রইলি।

কুম্ভ—কোন বিষয়ে?

মহারাণী—কোন বিষয়ে; আজ মেবারের ঘরে ঘরে অন্য কথা নাই। কতকগুলা বৈষ্ণব নিয়ে মীরার নাচ গানের কথাই সকলের আলোচ্য হয়ে উঠেছে। আত্মীয়-স্বজন দাসদাসী প্রজা-পরিজন সকলে একবাক্যে ছি ছি করছে। উদা চম্পা চামেলীকে তার উপর বিশেষ লক্ষ্য রাখবার জন্য ব্যবস্থা করলাম তাদের মীরা বশ করে ফেলেছে। চম্পা চামেলী মা বলতে অজ্ঞান, উদাতো মীরার কাছ ছাড়া থাকতে পারে না। তুই এর একটা ব্যবস্থা কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুম্ভ—বলুন মা আমি কি করবো ?

মহারাণী—হাঁরে আমাকে বলতে হবে—তোর মনে কি এ সব কথা আঘাত করে না? মনে করে দেখ তোর কোন বংশে জন্ম। এই পবিত্র সূর্য্যবংশের অসূর্য্যম্পশ্যা কুলবধূ বৈষ্ণবের পাল নিয়ে ধেই ধেই করে নাচছে আর গান করছে। তুই তাকে কিছু বলতে পারিস না। জানিস এই বংশে মহারাজা রামচন্দ্র লঙ্কায় সীতাকে পরীক্ষা করেছিলেন, ব্রহ্মাদি দেবগণ ও অগ্নি সীতাকে পবিত্রা বলায় তবে তাঁকে অযোধ্যায় নিয়ে আসেন। সেই বহ্নিপূতা সীতাকে শুদ্ধা জেনেও প্রজারঞ্জনের জন্য তাঁকে বনে দিয়েছিলেন। তোর সেই সূর্য্যবংশে জন্ম, মীরা সেই সূর্য্যবংশের বধূ।

কুম্ভ—মা, বাবা রয়েছেন, আপনি রয়েছেন ও সম্বন্ধে আমার কোন কর্ত্তৃত্ব করা উচিত নয় বলে নীরবে আছি। বাবা যা ভাল বলে মনে করবেন তাই করুন। তাকে বর্জ্জন অথবা বিনাশ যা ইচ্ছা হয় করতে পারেন। আমি জানি আমার পিতামাতা জগৎপিতা জগন্মাতা। আশীর্ব্বাদ চাই যেন চিরদিন আপনাদের আজ্ঞাপালনে সমর্থ হই।

(প্রণাম)

মহারাণী—বাবা তুই চিরজীবী হয়ে সূর্য্যবংশের গৌরব রক্ষা কর। তুই গিয়ে তাকে একবার বল।

কুম্ভ—আচ্ছা মা আমি আজই আপনার আজ্ঞা পালন করবো।

মহারাণী—আমি আসি।

কুম্ভের প্রণাম, মহারাণীর গমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুম্ভ—মাতার আজ্ঞাপালন এখনই করবো। মীরার গিরিধারী মীরাকে রক্ষা করুন।

জনৈক সহচর রণজিতের প্রবেশ

রণজিত—কেমন আছ ভাই ?

কুম্ভ—ভালই আছি।

রণজিত—ভাল আছ বলছো মুখ তো তা বলছে না ?

কুম্ভ—মুখ কি বলছে ?

রণজিত—মুখ যেন কেমন কেমন। যাক্ একটা কথা বলবো বলবো মনে করি বলা হয় না।

কুম্ভ—কি কথা বলোনা ভাই !

রণজিত—কথাটা পারিবারিক কথা, হয়তো তোমার প্রাণে ব্যথা লাগবে।

কুম্ভ—এমন কি কথা ভাই যার জন্য তুমি অত সঙ্কুচিত হচ্ছ ? কোন চিন্তা নাই বল।

রণজিত—কথা এই কতকগুলো বোষ্টম নিয়ে যুবরাণীর দিবারাত্রি নর্ত্তনকুর্দ্দনে দেশে হৈ চৈ পড়ে গেছে। সকলে নিন্দা করছে—বাপ্পারাওয়ের কুলবধূর এ কি ব্যাপার! শুনেছি তুমিই তাকে এরূপ অবাধ অধিকার দিয়েছো।

কুম্ভ—মীরা ছেলেবেলা থেকেই সাধু সঙ্গে গিরিধারী গোপালের কাছে নাচগান করতো, এখানে আসার পর তা বন্ধ হওয়াতে অত্যন্ত ম্রিয়মাণা হয়ে পড়ে. সেইজন্য ব্যবস্থা করেছিলাম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রণজিত—যুবরাণী এখন বালিকা নন। দেখ ভাই কথার স্বভাব হল বেড়ে যাওয়া। ঘটনা যদি অতি ক্ষুদ্র হয় তাহলে সে ক্রমে পল্লবিত হয়ে বড় আকার ধারণ করে। আরও একটা কথা উঠেছে।

কুম্ভ—কি ?

রণজিত—যুবরাণী রাত্রে কোন পুরুষের সঙ্গে পাশা খেলেন, হাসেন, গল্প করেন, অনেকেই তা লক্ষ্য করেছে। অবশ্য আমরা তা বিশ্বাস করি না, সেই ভক্তিমতীকে দেবী বলেই জানি কিন্তু পাঁচজনে নানা রকম কথা তুলছে, তুমি এ সম্বন্ধে যুবরাণীকে সাবধান করে দাও।

কুম্ভ—উত্তম কথা, আমি মীরাকে বলবো।

রণজিত—কি বলবো ভাই লোকের মুখে অন্যকথা নাই কেবল যুবরাণীর আলোচনা। আরও শুনবে ? ওরে রামদাস, কালীদাস, তোরা শোন।

ভৃত্যদ্বয়ের প্রবেশ ও প্রণাম

উভয়ে—আমাদের ডাকছেন ?

রণজিত—হাঁ। সত্য কথা বলবি। এই যুবরাজের কাছে মিথ্যা কথা বললে ভাল হবে না।

উভয়ে—মিথ্যাকথা বলবো কেন ?

রণজিত—আচ্ছা আমি যখন তোদের কাছ দিয়ে এলাম—তখন তোরা কি বলাবলি করছিলি ?

পরস্পর পরস্পরের মুখপানে চাহিতে লাগিল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রণজিত—রাজা ভগবান, এঁর সুমুখে মিথ্যাকথা বললে নিস্তার পাবি না।

১ম—মিথ্যে কথা বলবো কেন? মীরামার কথা কচ্ছিলাম।

রণজিত—মীরামার কি কথা?

১ম—চারিদিকে আত্মীয়-স্বজন প্রজারা যার নিন্দে করছে সেই কথা বলছিলাম।

রণজিত—আচ্ছা, তোরা যা।

উভয়ে প্রণাম পূর্ব্বক গমন

রণজিত—শুনলে? লোকের আলোচনার অন্য বিষয় নাই। ছেলেবেলা থেকে একসঙ্গে প্রতিপালিত হয়েছি; তুমি যুবরাজ হলেও আমি তোমাকে ভ্রাতার মত ভালবাসি। লোকের অজস্র নিন্দাবাদ শুনে স্থির থাকতে না পেরে তোমায় শ্রুতিকটু কথাগুলো বলতে বাধ্য হলাম। আশা করি তুমি আমার উপর অসন্তুষ্ট হবে না।

কুম্ভ—তোমার উপর কেন অসন্তুষ্ট হবো ভাই, তুমি আমার হিতাকাঙ্ক্ষী বন্ধু। আচ্ছা, আজই আমি এর ব্যবস্থা করছি।

উভয়ের গমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয় দৃশ্য

মীরার কক্ষ—সিংহাসনে গিরিধারী

সম্মুখে আসন—ভোগের উপকরণ সজ্জিত

মীরা—আজ বৈকালে তোমার জন্য গরম গরম দুখানা লুচি করেছি, খাও—লুচি হাতে করে মীরার মুখপানে চেয়ে রইলে, মীরাকে তুমি কখনও দেখনি নয়? যাও দুষ্টুমি করতে হবে না, খেয়ে নাও। এঃ—তরকারীতে বেশী ঝাল দিয়ে মরেছি, একেবারে ঝালে সারা হয়ে গেলে। জল খাও, জল খাও। তোমার মত একটুখানি তরকারী করি, আন্দাজ করতে পারিনে। কোনদিন বেশী ঝাল দিই, কোনদিন একেবারে নুনে বিষ করে ফেলি—আচ্ছা এই সন্দেশটি খাও। বসে থাকলে আমি শুনবো না। মোটে ছোট ছোট চারখানা লুচি করেছি, কখন কোন সকালে ভাত খেয়েছো। ওঃ ক্ষিদে হয়নি বললে আমি শুনবো না। এই বসে রইলুম—তুমি কেমন না খেয়ে ওঠ দেখি। আচ্ছা অমন দুষ্টুমি হাসি কোথা থেকে শিখলে? আমি কিন্তু লুচি খাইয়ে দেবো। আচ্ছা ঐ ক্ষীরটুকু খেয়ে ফেল, একটুও পাতে রাখলে ভাল হবে না বলছি, এদিক ওদিক তাকাচ্ছ কেন? কে আসছেন, যুবরাজ? তা আসুন না কেন—তাঁকে তো আমি বলেছি—

"আজ কালকা নহি রাণাজী যব বহ ব্রহ্মাণ্ড ছায়া"—তুমি আমার আজকালকার পতি নও, ইহ জীবনের প্রাণেশ্বর নও, তুমি আমার অনন্ত জীবনের পতি। ব্রহ্মাণ্ডের সৃষ্টি থেকেই তোমাতে আমাতে পতি পত্নী সম্বন্ধ। ওমা, আমায় ভুলিয়ে উঠে গেলে, যা—

কুম্ভের প্রবেশ (গিরিধারীকে প্রণাম)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুম্ভ—মীরা!

মীরা—(প্রণাম করত) আসুন, এই আসনে বসুন।

আসন দান, কুম্ভের উপবেশন

কুম্ভ—মীরা, কেমন আছ?

মীরা—গিরিধারী ভালই রেখেছেন।

কুম্ভ—তোমার গিরিধারী কেমন আছেন?

মীরা—গিরিধারীকে জিজ্ঞাসা করুন।

কুম্ভ—গিরিধারীর কথা শোনবার মত সৌভাগ্য আমার হয় নাই। এ শুষ্ক কঠোর হৃদয়ে প্রেমের লেশমাত্র নাই। তুমিই বল গিরিধারী কেমন আছেন?

মীরা—গিরিধারী ভাল আছেন, এখন কোন অসুবিধা নাই। বৈষ্ণবেরা এসে নাম শোনায়, গিরিধারী আনন্দেই আছেন। আর গিরিধারীর আনন্দেই আমার আনন্দ।

কুম্ভ—অনেক দিন তোমার ভজন শুনিনি, একটি ভজন গাও।

মীরা—আপনি তো আসেন না, আমি গিরিধারীর সেবা নিয়েই ব্যস্ত থাকি, আপনার সেবা করতে পারি না। আপনি গিরিধারীর প্রসাদ গ্রহণ করুন।

কুম্ভ—দাও।

মীরার প্রসাদ দান, কুম্ভের প্রসাদ ভক্ষণ, হস্ত প্রক্ষালন

মীরা—বসুন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুম্ভ—(উপবিষ্ট হইলেন) একটি ভজন শোনাও।

মীরা—

সখিরে মৈঁ তো গিরিধরকে রঙ্গরাতি।
জিনকে পিয় পরদেশ বসন হৈঁ
লিখি লিখি ভেজত পাতী।
মেরে পিয়া মো মাঁ হি বসত হৈঁ
কহুন আতী জাতী।

"সখিরে গিরিধারী গোপালের হেরি সব লীলাখেলা
আমি আছি আনন্দে মগন।
পতি যার পরদেশে পত্র লিখি লিখি মরে
কিন্তু নাহি পায় দরশন।
কিন্তু গো আমার প্রিয় পরাণের বল্লভ
সদা করে মম হৃদে বাস।
সে তো কভু মোরে ছেড়ে নাহি যায় দেশান্তরে
আমি সদা রহি তার পাশ ॥"

নৃত্যগীত

কুম্ভ—তোমার গানে প্রাণটা ভরে গেল মীরা।

মীরা—আপনাকে দেখে গিরিধারী হাসছেন।

কুম্ভ—গিরিধারী হাসছেন কেন মীরা ?

মীরা—গিরিধারী বলছেন আপনি এখানে কি বলতে এসে কি করছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুম্ভ—গিরিধারীর হাসবার কথা বটে। সত্যই তোমায় কিছু বলতে চাই, আশা করি তুমি আমার কথা রাখবে।

মীরা—বলুন দাসীর সাধ্য যদি থাকে নিশ্চয় রাখবে।

কুম্ভ—বৈষ্ণবগণের সঙ্গে তোমার ভজন গান নৃত্য ইত্যাদিতে চিতোরে মহা হৈ চৈ পড়ে গেছে। সূর্য্যবংশের কুলবধূর এরূপ আচরণ কোনক্রমে শোভনীয় নয় এইভাবে সকলেই নিন্দা করছে। আমি বলছি তুমি যদি একাকী ভজন কর তাতে ক্ষতি কি ?

মীরা—আমার গিরিধারী ভক্ত ভিন্ন থাকতে পারেন না, চিরদিন ভক্ত সঙ্গে থাকা অভ্যাস।

কুম্ভ—বেশ বসে বসে ভজন করো, নৃত্য করোনা।

মীরা—গিরিধারীকে এ দেহ সমর্পণ করে দিয়েছি, ভজনকালে আমি স্ববশে থাকি না, ইচ্ছা করে নাচি না, গিরিধারী আমায় অবশ করে নাচান।

কুম্ভ—আর কি বলবো, গিরিধারীর মনে যা আছে তাই হোক।

নেপথ্যে চম্পা—মা

মীরা—কে চম্পা ? আয়।

পেটীকা হস্তে চম্পার প্রবেশ, পেটীকা রাখিয়া গিরিধারী ও কুম্ভকে প্রণাম,

কুম্ভের গমন

মীরা—চম্পা তোর হাতে কি মা ?

চম্পা—মহারাণা গিরিধারীকে ফুলের মালা দিয়েছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মীরা—মহারাণার চরণে কোটি কোটি প্রণাম, তিনি আমার গিরিধারীকে ফুলের মালা পাঠিয়েছেন। কি ভালবাসা তাঁর! দে দে—

চম্পার পেটিকা দান, মীরার গ্রহণ

মীরা—(পেটারী খুলিয়া মৃদু হাস্য) সুন্দর ফুলের মালা!

চম্পা –(দেখিয়া) ও মা এ যে গোখরো সাপ! ফেলে দাও, ফেলে দাও। ওগো আমি কি সর্ব্বনাশ করলাম গো!

মীরা—গিরিধারী, এ মালা তোমাকে আর দেবো না, আমি পরবো। এস তো মালা, তোমায় গলায় পরি।

(গলে সর্প ধারণ, সর্পের ফুলমালারূপে পরিণতি)

চম্পা—ও মা, সাপ যে ফুলের মালা হয়ে গেল, ওগো আর একটা সাপ!

মীরা—এস তো আমার গিরিধারীর কালীয় নাগ, তোমায় বুকে রাখি—

(সর্পকে বক্ষে রক্ষা, সর্প শালগ্রাম শিলা হইয়া গেল)

চম্পা—ও মা ও সাপটা শালগ্রাম হয়ে গেল!

মীরা—(শালগ্রাম লইয়া) নাও গিরিধারী তোমার খেলার সাথী।

চম্পা—ও মা, মহারাণা আর লোক পেলেন না—তোমাকে মারবার জন্য আমার হাত দিয়ে জোড়া সাপ পাঠিয়েছেন!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মীরা—সাপ কইরে—শালগ্রাম শিলা আর ফুলের মালা। বাবার আমার উপর কি স্নেহ! ঠাকুর ভালবাসি বলে ফুলের মালা আর শালগ্রাম পাঠিয়েছেন।

চম্পা—স্নেহ আর ধরছে না, যাই খবরটা দিয়ে আসি।

চম্পার গমন, জনৈক ছদ্মবেশী বৈষ্ণবের প্রবেশ

বৈষ্ণব—বাঈজী নমস্কার।

মীরা—(প্রণাম করত) আসুন আসুন।

বৈষ্ণব—বাঈজী আমি ভগবানের কাছে প্রত্যাদিষ্ট হয়ে এসেছি। আপনার কাছে আমার একটু গোপনে কথা আছে।

মীরা—এখানে মাত্র গিরিধারী আছেন, অতি নির্জ্জন স্থান, কি প্রত্যাদেশ বলুন।

বৈষ্ণব—গিরিধারী আমায় প্রত্যাদেশ করলেন—মীরা কখন পুরুষের অঙ্গস্পর্শের সুখ পায়নি, তাকে পুরুষের অঙ্গসঙ্গের সুখ দান করে এস।

মীরা—উত্তম কথা, সন্ধ্যা হয়ে এল, আরতি কীর্ত্তন হোক। আহারাদির পর রাত্রে আপনি গিরিধারীর আদেশ পালন করবেন। আসুন আপনার চরণ ধৌত করে দিই।

বৈষ্ণব—থাক থাক আমি ধুচ্ছি।

চম্পা ও চামেলীর জলপানি লইয়া প্রবেশ

মীরা—মা তোরা আরতির জোগাড় কর।

আরতির জোগাড়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

খোল করতাল সহ বৈষ্ণবগণের

জয় জয় গিরিধারী গোপাল
জয় জয় গিরিধারী গোপাল

গাহিতে গাহিতে প্রবেশ

১ম বৈষ্ণব—মা আপনি আরতি করুন।

মীরা আরতি করিতে লাগিলেন

বৈষ্ণবগণের খোল করতাল সহ গীত

জয় জয় গিরিধারী গোপাল
জয় জয় গিরিধারী গোপাল

আরতি শেষ হইলে সকলের প্রণাম

মীরা—বাবা আজ আপনারা সন্ধ্যাকীর্ত্তন করুন।

১ম বৈষ্ণব-মা, আপনার মুখে ভজন না শুনলে গিরিধারী প্রসন্ন হবেন না।

মীরা—

"পরাণ বল্লভ মোর
তোমা না নেহারি এক পল মোর
পরাণ না হয় থির।
আহার নিদ্রায় কিছু নাহি ভায়
নয়নে বহয়ে নীর।
জগতের লোক ভাবনা রহিত
আপন সুখেতে রয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আহার নিদ্রায় কাটে দিন রাত
না জাগে হৃদয়ে ভয়॥
আমার হিয়ার দারুণ যাতনা
কেহ ত জানে না হায়।
দিবস রজনী প্রাণ আনচান
কাঁদিতে নয়ন চায়॥
কে জানে রে সখী পীরিতি যে করে
সে জন জ্বলিয়ে মরে।
ঢেটড়া পিটিয়ে জানাও নগরে
কেহ না পীরিতি করে॥
দুখের বেদন কারে বা কহিব
কে বুঝিবে মোর দুখ।
মীরার বঁধুয়া মিলিবেরে কবে
নেহারি পাইব সুখ॥"

নৃত্যগীত

ছদ্ম বৈষ্ণব—বা বা বা বাঈজী বেশ নাচতে গাইতে পারেন।

১ম " —আপনি কি রকম বৈষ্ণব?

ছদ্ম " —কি রকম তাতো দেখতেই পাচ্ছেন, কোন অপরাধ করে ফেল্লুম নাকি?

১ম বৈষ্ণব—যাকে মা বলতে জানেন না, বাঈজী বলতে একটু সঙ্কোচ হল না আপনার?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছদ্ম বৈষ্ণব—ওটা ভুল হয়ে গেছে।

মীরা—(জলপানি নিবেদন করত) বাবা আপনারা প্রসাদ গ্রহণ করুন।

সকলে—দিন মা।

মীরার প্রসাদ দান সকলের গ্রহণ

মীরা—চামেলী, আমার খাট কম্বল বালিশ নিয়ে এসে এখানে বিছানা করতো।

চামেলীর গমন, খাট কম্বল বালিশ লইয়া শয্যা রচনা

মীরা—(ছদ্মবেশী বৈষ্ণবের প্রতি) আপনি আসুন, বিছানায় বসুন। আপনি ভগবানের আদেশ পালন করবেন। এ সময় ভয় লজ্জা করা উচিত নয়। গিরিধারী ও এই বৈষ্ণবমণ্ডলীর সুমুখেই অঙ্গ সঙ্গ দান করুন। গিরিধারীর আজ্ঞা সকলের উপর।

ছদ্মঃ বৈষ্ণবের ইতস্ততঃ দৃষ্টি নিক্ষেপ

মীরা—সঙ্কুচিত হচ্ছেন কেন? এ সব বাবারা গিরিধারীর অন্তরঙ্গ। ওদের কাছেই আপনার অঙ্গসঙ্গ দান করুন।

১ম বৈষ্ণব—আঃ মোলো বেটার স্পর্দ্ধা তো কম নয়।

ছদ্ম বৈষ্ণব থর থর করিয়া কাঁপিতে কাঁপিতে মীরার চরণে পতিত হইয়া

ছদ্ম বৈষ্ণব—মা মা, আমি অধম তনয় তোমার
কর ক্ষমা মোরে,
না জানিয়া অপার মহিমা তব
করিয়াছি মহা অপরাধ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গিরিধারী মোরে করেছেন প্রত্যাদেশ
আপনারে অঙ্গ সঙ্গ করিতে প্রদান
হেন মিথ্যাকথা বলিয়াছি আমি।
এই মহাপাপী দুরাচারী পশুর অধমে
কর মা কর মা ক্ষমা।

মীরা— গিরিধারীর চরণকমলে করহ প্রার্থনা,
তিনি করুন ক্ষমা অপরাধ তব।

ছদ্ম বৈষ্ণব—মা মা মা
(কাঁদিতে কাঁদিতে)
তুই ক্ষমা কর মাগো মোরে
তুই না করিলে ক্ষমা না পাব নিস্তার।
অনন্ত নরক হতে কর মা উদ্ধার।
ক্ষমা ক্ষমা ক্ষমা, দে গো শান্তি মোরে
একান্ত শরণাগত চরণে তোমার।

মীরা— ভয় নাই ওঠ
গিরিধারীর চরণ আশ্রয় করহ গ্রহণ।

ছদ্ম বৈষ্ণব—তুই একবার বল্ মাগো—করিলাম ক্ষমা।

মীরা— আচ্ছা আমি ক্ষমা করলাম।

সকলে— জয় গিরিধারীর জয়!
জয় গিরিধারীর জয়!
জয় গিরিধারীর জয়!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয় দৃশ্য

চিত্রকূট—কামদগিরি

তুলসীদাস

তুলসী— কই কোথা তুমি হে মোর অন্তর দেবতা,
পাতি পাতি করি চিত্রকূট পর্ব্বতের
সর্ব্বস্থানে করিতেছি অন্বেষণ হায়
ব্যর্থ মোর হইল প্রয়াস।
কতবার অনসূয়া গিরিশিরে করি আরোহণ
হেরিয়াছি চতুর্দ্দিক
স্ফটিক শিলায় শতবার করেছি গমন,
গুপ্ত গোদাবরী তন্ন তন্ন করি হেরিয়াছি বহুবার
তোমার দর্শন কোথা না পাইলাম আমি
সীতারসুই হনুমানধারা
কোন স্থানে না পূরিল আশা মোর।
তবে কি মিথ্যা হবে মহাবীরের বচন ?
নহে তা সম্ভব কভু।
হতে পারে কোনদিন পশ্চিম গগনে ভানুর উদয়
কিন্তু ভক্ত মারুতির কথা না হবে অন্যথা।
নাহিক সংশয়, রাম রাম দাও দরশন দাসে
রাম রাম দর্শন আশেতে ব্যাকুল হৃদয় মোর,
দাও দেখা দাও দেখা।
ধনজন সুখ শান্তি কিছু নাহি প্রয়োজন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মোর শুধু চাই শুধু চাই বারেক দর্শন।
নবদূর্ব্বাদল শ্যামকান্তি কন্দর্পের
গর্ব্ব খর্ব্ব-কারি হে রাম আমার
এসো ওগো এসো একবার
এসে মোরে দাও দরশন ;
নাহি মোর সাধন ভজন নাহি ভক্তি লেশ,
নাহি মোর আকুল আকাঙ্ক্ষা,
তবু তবু ডাকি
এস এস দয়াময় করুণার মহাপারাবার
একবার—ওগো একবার দাও দরশন
এস এস প্রিয় এস প্রিয়তম।
হায়রে দুরাশা—কোথা সেই অনন্ত ব্রহ্মাণ্ড পতি
পরব্রহ্ম রাম ?
কোথা মহাপাপী
দুরাচারী কামিনীকিঙ্কর
অধমের অধম আমি।
কেন কেন এ দুরাশা মোর কেন
কেন জাগাইলে মানসে আমার দরশ পিয়াসা।
যদি দেখা নাহি দিবে তবে কেন মোরে নয়ন
যুগল করিয়াছ দান।
যদি দেখা নাহি পাই তবে
ত্যাজিব পরাণ আমি
গিরিশির হতে হইয়া পতিত।
ওকি, কার পদশব্দ পশিছে শ্রবণে মোর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাই যাই ছুটে যাই
হৃদয়-রতনে হেরিবার তরে।
না না—কেহ কোথা নাই
ধূধূ করিতেছে শূন্য প্রান্তর
হা হা করিতেছে শূন্য কামদগিরি।

ধনুর্ব্বাণ হস্তে বেগে রাম লক্ষ্মণের প্রবেশ।

রাম—আরে কোনদিক দিয়ে হরিণটা পালিয়ে গেল ?

লক্ষ্মণ—ওই দিকে ওই-দিকে।

উভয়ের বেগে প্রস্থান

তুলসী— অতি রমণীয় রাজ-পুত্রদ্বয়,
দেখিলে রাম লক্ষ্মণ বলি ভ্রম হয়।
ওই ওই সঙ্গীত রব পশিছে শ্রবণে মোর,
দেখি দেখি কে এ গায়ক ?

(গমন)

দাস্য মধুরের প্রবেশ

দাস্য—মধুর আমার তুলসীদাসকে দেখলে ?

মধুর—দেখলাম বৈকি।

দাস্য—দেখ দেখি কি রকম আকুলতা। এঁর আকুল আকাঙ্ক্ষা দেখে ঠাকুর আর থাকতে পারলেন না, দর্শন দান করলেন।

মধুর—হাঁ দর্শন দিলেন বটে। ধনুক ধরে ছুটতে ছুটতে এলেন, ছুটতে ছুটতে চলে গেলেন। ইনি যে রাম তুলসীদাস বুঝতেও পারলেন না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দাস্য—দেখাতো হল।

মধুর—একে কি দেখা বলে? চলো আমার সঙ্গে মেবারে। দেখা কাকে বলে তোমায় দেখিয়ে দেবো। গিরিধারী মীরার হাতে আহার করেন, গিরিধারী মীরাকে বক্ষে ধারণ করেন, চল দেখবে চল।

দাস্য—সে দর্শন তো স্ফূর্ত্তিতে।

মধুর—এস না আমার সঙ্গে, চক্ষু কর্ণের বিবাদ ভঞ্জন করিয়ে দেবো।

উভয়ের প্রস্থান

তুলসীদাসের প্রবেশ

তুলসী—সুন্দর রামলীলা যাত্রা হচ্ছে। যেমন রাম তেমনি সীতা লক্ষ্মণ, সুগ্রীব ও হনূমান। দেখলে মনে হয় যেন সত্য সত্য রাম লক্ষ্মণ সীতা।

জনৈক সাধুর প্রবেশ

তুলসী—আপনি রামলীলা দেখতে গেছলেন?

সাধু—কোথায়?

তুলসী—ওই পাহাড়ের উপর।

সাধু—এখন আশ্বিন মাসে রামলীলা? আপনি কি বলছেন?

তুলসী—এই আমি দেখে এলাম, রামলীলা হচ্ছে।

সাধু—চলুন তো দেখাবেন কোথায় রামলীলা হচ্ছে?

উভয়ের গমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহাবীরের প্রবেশ

ছদ্মবেশে মহাবীর—তুলসীদাস দুবার দর্শন পেয়েও বুঝতে পারলে না।

উভয়ের পুনঃ প্রবেশ

সাধু—আপনার মাথার ছিট আছে নাকি, আশ্বিন মাসে রামলীলা দেখেছেন।

তুলসী—আমিতো কিছু বুঝতে পারছি না।

সাধু—বুঝবেন আর ছাই, চিকিৎসা করান, চিকিৎসা করান। (প্রস্থান)

তুলসী—কোথা মহাবীর একবার দেখা দিন। আমি বড় সংশয়াপন্ন।

মহাবীর—জয় রাম (লম্ফ প্রদান—বেশ পরিবর্ত্তন) কিসের সংশয়?

তুলসী—এই যে মহাবীর (প্রণাম পূর্ব্বক) আমি কি দেখলাম?

মহাবীর—রাজপুত্র বেশে রাম লক্ষ্মণকে দেখলে, রামলীলাতে সপরিবারে রামকে দেখলে।

তুলসী—এঁ্যা? আমি বালকদ্বয়কে রাজপুত্র ভাবলাম, রামলীলা দেখে রামলীলা অভিনয় হচ্ছে মনে করলাম। হা আমার দুর্ভাগ্য, আমি দেখা পেয়েও বুঝতে পারলাম না। ভক্তরাজ, আপনার কৃপায় দর্শন হল কিন্তু আশা পূর্ণ হলো না। শ্রীঅঙ্গ স্পর্শ করতে পারলাম না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহাবীর—ভক্তবর তোমার যথেষ্ট সৌভাগ্য, একবার নয় দুবার দর্শন করেছ। স্পর্শের কথা বলছো—আচ্ছা স্পর্শও পাবে। চিত্রকূটে রামঘাটে গিয়ে চন্দন ঘসে নিয়ে নিত্য বসে থাকবে। যে স্নান করে উঠবে তার কপালে তিলক দেবে, রাম লক্ষ্মণ এসে তিলক পরে যাবেন।

তুলসী—এমন সৌভাগ্য আমার হবে?

মহাবীর—নিশ্চয়ই হবে। তোমায় আমার বিশেষ প্রয়োজন আছে, আমার সঙ্গে এসো।

তুলসী—চলুন।

মহাবীরের গমন

শিবদুর্গার আবির্ভাব

তুলসী—একি, একি দেখছি, আমি নিদ্রিত না জাগরিত! জগৎপিতা জগন্মাতা এসেছেন।

পদতলে পতিত হইলেন

শিব—প্রিয় তুলসীদাস, তুমি নিদ্রিত নও, আমি তোমার ভক্তির আকর্ষণে এসেছি; তোমার মুখে রাম নাম শুনবো বলে ছুটে এলাম। এখানে রাম দর্শনের পর অযোধ্যায় গিয়ে ভাষায় রামায়ণ রচনা করবে।

তুলসী—প্রভো, আমি যে অতি মূর্খ!

শিব—আমি আশীর্ব্বাদ করছি তোমার কবিত্ব শক্তি লাভ হোক। আমার আশীর্ব্বাদে তোমার ভাষারামায়ণ সামবেদের মত যাবচ্চন্দ্র দিবাকর জগতে পূজিত হবে, সেই রামায়ণ অবলম্বন করে কোটি কোটি নরনারী ভবসাগর হতে অনায়াসে উত্তীর্ণ হয়ে যাবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুলসী—এ অহৈতুকী কৃপার প্রতিদান দিবার যে আমার কিছু নাই।

চরণে পতিত হইলেন

শিব—বৎস উঠ।

তুলসীদাস উঠিলেন

দুর্গা—তুলসীদাস আমায় চিনতে পারছো?

তুলসী—মা, তুমিই তো আমায় বাল্যে নিত্য আদর করে খেতে দিয়ে প্রাণ রক্ষা করেছিলে।

জয় গৌরীশঙ্করের জয়।
জয় গৌরীশঙ্করের জয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্থ দৃশ্য

শ্রীবৃন্দাবন

জীব—ভক্তিধর্ম্ম প্রচারের জন্য মোমজামে মুড়ে অমূল্য ভক্তি গ্রন্থরাজি শ্রীনিবাস প্রভৃতির সহিত বঙ্গদেশে পাঠালাম। গোযানের রক্ষক আটজন অস্ত্রধারী প্রহরী ছিল। বাঁকুড়া জেলায় বিষ্ণুপুরে সেই গ্রন্থ সকল অপহৃত হওয়ায় শ্রীনিবাস 'আমি গ্রন্থ না পেলে ফিরবো না' বলে সেখানে আছে। শ্যামানন্দ ও নরোত্তমকে দেশে পাঠিয়ে দিয়েছে। গোশকট-চালক সে সংবাদ দেওয়া মাত্র শ্রীচৈতন্য-চরিতামৃতকার কবিরাজ গোস্বামী আপনার গ্রন্থের শোকে রাধাকুণ্ডে দেহ বিসর্জ্জন দিলেন।

আমার হৃদয় হতে গ্রন্থ পুনঃপ্রাপ্তির আশা দূর হয় নাই। আমি প্রতি মুহূর্ত্তেই অপহৃত গ্রন্থ পাওয়া গেছে এ সংবাদ শোনবার জন্য উৎকর্ণ হয়ে আছি। হে মহাপ্রভো, আপনার প্রেম-প্রচার করবার জন্যই আমাদের এ প্রয়াস—তা কি ব্যর্থ হয়ে যাবে? আপনার জন্মস্থান পবিত্র বঙ্গদেশ—বঙ্গদেশবাসী কি আপনার মধুর রস আস্বাদনে মধুরভাবে ভজনে বঞ্চিত হবে? হে মদনমোহন, হে গোবিন্দ, তোমার লীলাপুস্তকগুলি দস্যুর কবল হতে উদ্ধার করে দাও।

কৃষ্ণদাসের প্রবেশ

কৃষ্ণদাস—(প্রণাম পূর্ব্বক) বাবা, শ্রীপাদ জীব গোস্বামী কোথায় থাকেন?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীব—তুমি কোথা থেকে আসছো বাবা ? কি নাম তোমার ?

কৃষ্ণদাস—আমার নাম কৃষ্ণদাস ভট্টাচার্য্য, আসছি বনবিষ্ণুপুর থেকে।

জীব—(সাগ্রহে) বনবিষ্ণুপুর থেকে ?

কৃষ্ণ—আজ্ঞে হাঁ, শ্রীপাদ শ্রীনিবাস আচার্য্য মশাই আমাকে তাঁর কাছে পাঠিয়েছেন।

জীব—আমারই নাম জীব গোস্বামী। শ্রীনিবাস পাঠিয়েছেন—কি সংবাদ, কি সংবাদ ?

কৃষ্ণদাস—অপহৃত সেই সমস্ত গ্রন্থ পাওয়া গেছে।

জীব—জয় দয়াল গৌরহরি কী জয়, জয় মদনমোহন জীউ কী জয়—বল, বল—কি করে গ্রন্থ পাওয়া গেল ?

কৃষ্ণদাস—বনবিষ্ণুপুরের রাজা বীর হাম্বির। তাঁর অধীনস্থ দস্যুগণ পুস্তকের পেঁটরা ধনে পূর্ণ মনে করে লুণ্ঠন করে, তা রাজার কোষাগারে রক্ষিত থাকে। শ্রীনিবাস আচার্য্যের সঙ্গে আমার পরিচয় হয়, আমি তাঁকে রাজসভায় নিয়ে যাই। সেখানে তখন ভাগবত পাঠ হচ্ছিল—সভাপণ্ডিত ভাগবত ভুল ব্যাখ্যা করছিলেন, শ্রীনিবাস আচার্য্য মশাই সে কথা বলেন। ছিন্নবস্ত্র পরিহিত একজনের মুখে তা শুনে রাজপণ্ডিত গ্রাহ্য করেন না, পুনরায় তিনি প্রতিবাদ করাতে রাজপণ্ডিত ক্রুদ্ধ হয়ে বলেন—তুই কেরে আমার ব্যাখ্যা ভুল বলছিস। রাজা তাঁকে ব্যাখ্যা করতে বললে তিনি ব্যাখ্যা করেন। ব্যাখ্যা শুনে সকলে মোহিত হয়ে যান। রাজা ক্রন্দন করতে আরম্ভ করেন, রাজপণ্ডিত ক্ষমা চান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীব—জয় গৌরহরি! তারপর—তারপর?

কৃষ্ণদাস—রাজা আচার্য্য মহাশয়ের পরিচয় এবং কি নিমিত্ত এখানে এসেছেন জিজ্ঞাসা করলে তিনি পরিচয় দিয়ে দস্যুগণ কর্ত্তৃক গ্রন্থপূর্ণ পেঁটরা অপহরণের কথা বললেন। তখন রাজা কাঁদতে কাঁদতে তাঁর চরণে পতিত হয়ে বললেন—আমিই সেই দস্যু। আপনার একখানি গ্রন্থও নষ্ট হয়নি। তারপর যে ঘরে গ্রন্থপূর্ণ পেঁটরাটি ছিল আচার্য্য মশাইকে সে ঘরে নিয়ে গিয়ে দেখালেন। তিনি অশ্রু বিগলিত নয়নে সেই গ্রন্থরাজিকে প্রণাম করলেন।

জীব—জয় গৌরহরি! জয় গৌরহরি!—তারপর?

কৃষ্ণদাস—সস্ত্রীক রাজা তাঁর কাছে দীক্ষা নিয়েছেন। আপনার কাছে সংবাদ পাঠাবার জন্য লোক অন্বেষণ করছিলেন। শ্রীবৃন্দাবন ও আপনাকে দর্শন করবার জন্য আমি বল্লাম—আমিই বৃন্দাবন যাবো। আপনার শ্রীচরণ দর্শন করে আমি কৃতার্থ হলাম।

জীব—বাবা তুমি আমায় যে শুভ সংবাদ দিলে তার প্রতিদান দেবার আমার কিছু নাই। গৌরহরির চরণে প্রার্থনা করি তোমার কৃষ্ণভক্তি লাভ হোক। এস তুমি আমার বক্ষে এস। (কৃষ্ণদাসকে আলিঙ্গন)

কৃষ্ণদাস—(প্রণামান্তে করজোড়ে) আমি ধন্য আমি কৃতার্থ, আজ আমার জন্ম সার্থক হল।

জীব—যাও বাবা, যমুনায় স্নান করে এস।

কৃষ্ণদাসের গমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীত গাহিতে গাহিতে দাস্য ও মধুরের প্রবেশ

ব্রজ নন্দকী নন্দন নীলমণি।
হরি চন্দন তিলক ভালে বণি॥
শিখি পুচ্ছক বন্ধনী বামে টলি।
ফুলদাম নেহারিতে কাম ঢলি॥
অতি কুঞ্চিত কুণ্ডল লম্বীচূলি।
মুখ নীল সরোরুহ বেঢ়ি অলি॥
ভুজ দণ্ডে বিখণ্ডিত হেম মণি।
নব বারিদ বিদ্যুত স্থির জনি॥
অতি চঞ্চল লম্বিত পীত ধটি।
কলকিঙ্কিনী সংযত পীত কটি॥
পদ নূপুর বাজত পঞ্চ স্বরং।
কর বাদন নর্ত্তন গীত বরং॥
পদনূপুর বাজত পঞ্চ রসে।
কিবা বেণু বেয়াপিত দিগ্ দশে॥

শ্রীজীবগোস্বামীকে প্রদক্ষিণ পূর্ব্বক উভয়ের নৃত্যগীত

জীব—কে তোমরা?

দাস্য—আমার নাম দাস্য।

মধুর—আমার নাম মধুর।

জীব—কোথা থেকে আসছো?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দাস্য—আমাদের থাকবার নির্দ্দিষ্ট স্থান নেই, এখন চিত্রকূট থেকে আপনার কাছে আসছি।

জীব—আমার কাছে কোন প্রয়োজন আছে ?

দাস্য—হাঁ, আপনাকে একটি মীমাংসা করে দিতে হবে। বলনা মধুর !

মধুর—দাস্য ও মধুর আমাদের মধ্যে কে শ্রেষ্ঠ ?

জীব—তাই তো, তোমরা আমায় সঙ্কটে ফেললে। আমি মধুর রসের উপাসক, মধুর রসকেই শ্রেষ্ঠ প্রতিপাদন করি, কিন্তু তোমাদের কাছে তা তো বলতে পাচ্ছি না। সেই রসময়ের দাস্যের মহিমা বিশেষরূপে আমি অবগত নই। না, মীমাংসা আমার দ্বারা হবে না, তোমরা মহাবীরজীর কাছে যাও।

দাস্য—আমরা তাঁর কাছে গেছলাম, তিনি মীমাংসা করতে না পেরে বলেছেন—একদিন আমাদের নিয়ে ভগবানের কাছে যাবেন।

জীব—উত্তম কথা, যাঁর রস সেই রসময় না হ'লে ঠিক মীমাংসা হবে না। তোমরা শ্রীমন্দিরে এস।

উভয়ে—চলুন।

সকলের গমন ·

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চম দৃশ্য

মেবার—কুম্ভের গৃহ

কুম্ভ—বাবা মা চলে গেলেন, এতদিন পর্ব্বতের অন্তরালে ছিলাম, কোনদিন কিছু দেখিনি ভাবিনি, একবারে গুরুভার স্কন্ধে পতিত হ'ল। বাপ্পারাওয়ের পবিত্র বংশের মর্য্যাদা কি করে রক্ষিত হবে, আমি যে এ বংশের সম্পূর্ণ অযোগ্য সন্তান। মীরার সম্বন্ধে এতদিন আমি উদাসীন ছিলাম। পিতৃদেবই তীক্ষ্ণ দৃষ্টি রেখেছিলেন। মীরার ভজন ও নৃত্যের আলোচনা দিন দিন বেড়ে চলেছে, শুনলাম প্রজাগণ এতে খুব অসন্তুষ্ট।

উদাবাঈ-এর প্রবেশ

উদা—দাদা, আমায় ডেকেছেন ?

কুম্ভ—হাঁ।

উদা—কেন ?

কুম্ভ—দেখ উদা, মীরার ভজনের আলোচনা খুব বেশী হচ্ছে, তুমি মীরার উপর বিশেষ লক্ষ্য রাখবে।

উদা—দাদা, সেই দেবী ভগবৎ-প্রেমে উন্মাদিনী, মালিন্যের লেশমাত্র তাতে নেই। তিনি এখানকার নন দাদা, তাঁর চোখ মুখ ভাষা নৃত্যগীত সমস্তই এ লোকের নয়, গোলোকের।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুম্ভ—দেখ উদা, সে আমি বুঝি, তুমি বোঝ, কিন্তু সাধারণে তো তা বুঝতে পারছে না। মীরার উপরে যে দোষারোপ কচ্ছে, যাক্ তুমি চামেলী চম্পা সব সময় তার কাছে থেকো।

উদা—আমরা নিয়ত তার কাছেই থাকি, তবে আসি।

প্রণাম পূর্ব্বক গমন

কুম্ভ—মীরা যে এখানকার নয় তাকি আমি বুঝি না. সে গিরিধারী নিয়েই আত্মহারা। কোন দিন তার চিত্তে যৌবনোচিত কোন ভোগেচ্ছা জাগলো না। আমার রূপ যৌবন ভালবাসা অর্থ সম্পদ কোনদিন তার হৃদয়ে তরঙ্গ তুলতে পারলে না। এ পর্য্যন্ত আমি তার অঙ্গস্পর্শ করিনি, দূরে দূরে থাকি তবু তাকে আমি প্রাণের চেয়েও ভালবাসি। আমি জানি আমার মীরা—

সহচর রণজিতের প্রবেশ

রণজিৎ—কেমন আছ ?

কুম্ভ—ভাল।

রণজিৎ—আমি তোমার অপ্রিয় হয়ে পড়লাম।

কুম্ভ—কেন ভাই এ কথা বলছো ?

রণজিৎ—কেবল মহারাণীর সম্বন্ধে অপ্রিয় সংবাদই দিই।

কুম্ভ—না ভাই, তুমি আমার কল্যাণকামী। লোকে যা আলোচনা করে তুমি আমাকে সাবধান করবার জন্য তা বল। এতে তোমার কি দোষ ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রণজিৎ—হাঁ আজ আসবার সময় তুজন সম্ভ্রান্ত বংশীয় লোককে মহারাণীর মন্দিরের দিকে যেতে দেখলাম। তাঁরা ছদ্মবেশী, তাঁদের মুসলমান বলে সন্দেহ হ'ল। তুমি একবার স্বয়ং গিয়ে সংবাদটা নাও।

কুম্ভ—মুসলমান!

রণজিৎ—হাঁ মুসলমান, কিন্তু তাঁরা সামান্য লোক নন। খুব উঁচুদরের লোক বলে মনে হল, ছদ্মবেশ হলেও আমার চোখে ধূলো দিতে পারেন নাই। তুমি ব্যাপারটা কি দেখো।

কুম্ভ—আচ্ছা, এস ভাই।

উভয়ের গমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ষষ্ঠ দৃশ্য

মেবার—মীরার মন্দির

সিংহাসনে গিরিধারী

মীরা—তোমার যত্নের অমি কি জানি? জানতেন যশোদা মা, জানতেন ব্রজগোপীগন। আমার কাছে এসে তোমার কষ্টের শেষ নাই। না হয় সময়ে খাওয়া, না হয় সময়ে শোওয়া। দিন দিন যেন কেমন হয়ে যাচ্ছি। খেতে দিতে ভুলে যাই, খেতে দিয়ে খাও বলতে মনে থাকে না। তুমি তো আর না সাধলে খাবে না—কত কষ্ট হচ্ছে। কোন কোন দিন আরতি করতে গিয়ে সব জমে যায়, হাতের পঞ্চপ্রদীপ ঘণ্টা হাতে থাকে, শরীর কেমন অবশ হয়ে যায়। এ সব তোমার দুষ্টুমি, ও রকম করে যদি আমায় অবশ করে দাও তাহলে সেবা করবো কি করে। একে তো সেবা জানিনে, তার উপর যদি তুমি এ রকম অবশ করে দাও—তাহলে কে তোমার সেবা করবে? ওমা, ওমা—গিরিধারী কৈ—ও চম্পা, ও চামেলী—

চম্পা, চামেলীর প্রবেশ

উভয়ে— কি মা?

মীরা—ওরে দেখ, দেখ—গিরিধারী কোথা চলে গেছে—সিংহাসনে নেই। দেখ, দেখ—আমি যত্ন জানিনে বলে আমার গিরিধারী আমায় ত্যাগ করে চলে গেছে।

চম্পা—ঐ যে মা তোমার গিরিধারী সিংহাসনে রয়েছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মীরা—কই, আমি যে দেখতে পাচ্ছি না—ও চামেলী, তুই গিরিধারীকে দেখতে পাচ্ছিস্ ?

চামেলী—হাঁ মা, ওই যে তোমার গিরিধারী সিংহাসনে রয়েছেন।

উদাবাঈয়ের প্রবেশ

মীরা—ও ভাই, গিরিধারী আমার সঙ্গে লুকোচুরি খেলছেন। আমি গিরিধারীকে সিংহাসনে দেখতে পাচ্ছি না, চম্পা চামেলী বলছে গিরিধারী রয়েছেন।

উদা—ঐ তো তোমার গিরিধারী তোমার দিকে চেয়ে আছেন দিদি !

মীরা—তোমরা সবাই বলছো দেখি কাছে গিয়ে দেখি। ও মা, তাই তো, আমার সঙ্গে লুকোচুরি ? ও দুষ্টু নীলমাণিক, তোমার এত দুষ্টুমি, একবার হাসির ঘটা দেখ দিদি !

উদা—দিদি, সে সৌভাগ্য কি করেছি যে গিরিধারীর হাসি দেখতে পাবো ? তবে তুমি যদি কোন দিন দয়া করে দেখাও তবে আশা পূর্ণ হয়।

চম্পা, চামেলী—মা তোমার দুটি পায়ে পড়ি, একদিন গিরিধারীকে দেখাও।

মীরা—(গিরিধারীর দিকে তাকাইয়া) শুনলে তো এদের কথা, এরা যে দেখতে চাচ্ছে। একদিন দেখা দাও। আচ্ছা, আচ্ছা, হবে ভাই—গিরিধারী তোমাদের দেখা দেবেন বললেন।

উদা—কবে আমাদের সে ভাগ্যি হবে ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মীরা—কবে? (গিরিধারীকে জিজ্ঞাসা) গিরিধারী বললেন শীগগির।

বৈষ্ণববেশে আকবর ও তানসেনের প্রবেশ, গিরিধারীকে প্রণাম

আকবর—মা আমার প্রণাম গ্রহণ করুন।

উভয়ের মীরাকে প্রণাম, মীরার প্রতিপ্রণাম

মীরা—চামেলী বাবাদের হাত পা ধোবার জল এনে দে। বাবা, আপনারা এই আসনে বসুন।

চামেলীর গমন

আকবর—মা আমরা বহুদূর থেকে আসছি। আপনার ভজন আমাদের এখানে আকর্ষণ করে এনেছে। শ্রীমুখে একটি ভজন শুনতে চাই।

মীরা—আরতির সময় হয়েছে, আরতির পর ভজন করবো। চম্পা তুই আরতির জোগাড় কর।

চামেলীর ঘটী লইয়া প্রবেশ

মীরা—আসুন বাবা, আপনাদের চরণ ধুইয়ে দিই।

আকবর—সে কি মা, আপনি যে মা, আমরা আপনার সন্তান, ও কথা বলতে নাই, আমরা পা ধুচ্ছি।

আরতির আয়োজন হইল

খোল করতাল সহ বৈষ্ণবগণের গাহিতে গাহিতে প্রবেশ

জয় জয় গিরিধারী গোপাল
জয় জয় গিরিধারী গোপাল

মীরার আরতি, আরত্রিকের বাজনা বাজিতে লাগিল—মীরার আরতি শেষ হইলে সকলে গিরিধারীকে প্রণাম করিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আকবর—মা, এইবার ভজন হোক।

মীরা—আপনারা পথশ্রান্ত, কিছু প্রসাদ গ্রহণ করুন।

আকবর—এখন নয় মা, ভজনের পর।

মীরা (নৃত্যগীত)

জবসে মোহি নন্দ নন্দন দৃষ্টি পড়্যো মাই
তবসে পরলোক লোক কছু না সোহাই॥
মোরনকী চন্দ্রকলা সীস মুকুটে সোহে।
কেশরকো তিলক ভাল তিন লোক মোহে॥
কুণ্ডলকী অলক ঝলক কপোলোনপর ছাই।
মনোমীন সরোবর ত্যজি মকর মিলন আই॥
কুটিল ভ্রূকুটি তিলক ভাল চিত বনমে টোনা।
খঞ্জন অরু মধুপ মীন ভুলে মৃগ ছৌনা॥
সুন্দর অতি নাসিকা সুগ্রীব তিন রেখা।
নরবর প্রভু ভেষ ধরে রূপ অতি বিশেষা॥
অধর বিম্ব অরুণ নৈন মধুর বিম্ব হাঁসি।
দশন দমক দাড়িমদ্যুতি চমকে চপলাসী॥
ক্ষুদ্র ঘণ্টা কিঙ্কিনী অনুপ ধ্বনি সোহাই।
গিরিধারী অঙ্গ অঙ্গ মীরা বলি যাই॥

আকবর—আমি কৃতার্থ হলাম, এমন ভজন আর কখন শুনিনি।

মীরা—(জলপানি নিবেদন) বাবা, আপনারা প্রসাদ নিন।

সকলের প্রসাদ গ্রহণ, হস্ত প্রক্ষালন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৈষ্ণবগণ—মা, আমরা আসি।

গিরিধারীকে প্রণাম পূর্ব্বক গমন

আকবর—মা, আমার একটি প্রার্থনা আছে, আপনাকে পূর্ণ করতে হবে।

মীরা—কি প্রার্থনা বলুন বাবা?

আকবর—এই হারগাছটি গিরিধারী গোপালের জন্য এনেছি, গিরিধারীকে পরিয়ে দিন।

মীরা—গিরিধারীর তো হার রয়েছে বাবা।

আকবর—গিরিধারীর কিছু অভাব নাই তা জানি মা, তথাপি অধমের এই ক্ষুদ্র উপহার যদি গ্রহণ না করেন আমি অত্যন্ত মর্ম্মাহত হবো।

মীরা—তাইতো বাবা—

উদা—উনি ঠাকুরকে দিচ্ছেন নাও, না নিলে ওঁর মনে কষ্ট হবে। নাও, নিয়ে ঠাকুরকে পরিয়ে দাও।

আকবর—(হার লইয়া) গ্রহণ করুন মা।

মীরা হার গ্রহণ করিয়া গিরিধারীকে পরাইয়া দিলেন

আকবর—সুন্দর হয়েছে।

গিরিধারী ও মীরাকে প্রণাম

আসি মা!

মীরা—আসুন বাবা।

উভয়ের প্রস্থান

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উদা—দিদি, আজ রাত্রে গিরিধারীর খাবার আমি তৈরী করবো ?

মীরা—কর।

উদা—আয় চম্পা চামেলী, ঠাকুরের ভোগের ব্যবস্থা করিগে।

উদা, চম্পা ও চামেলীর গমন

কুম্ভের প্রবেশ—গিরিধারীকে প্রণাম

কুম্ভ—মীরা, দুজন নতুন সম্ভ্রান্ত বৈষ্ণব এসেছিলেন, ওঁরা কে ? কোথায় বাড়ী ?

মীরা—তাতো আমি জানি না, কারও পরিচয় কখন জিজ্ঞাসা করি না। কত লোক আসেন, কত লোক যান।

কুম্ভ—ওঁরা প্রকৃত বৈষ্ণব নন, ছদ্মবেশী মুসলমান।

মীরা - তা হবে।

কুম্ভ—তা হবে! গিরিধারীর শ্রীমন্দিরে বিদেশী মুসলমান পর্য্যন্ত এসে তোমার নাচ গান দেখতে আরম্ভ করলে মীরা! তাদের সঙ্গে কোন কথা হয় নাই ?

মীরা—কথার মধ্যে তাঁরা ভজন শুনতে চাইলেন। যেমন নিত্য আরতির পর ভজন করি সেই রকম ভজন করলাম, প্রসাদ দিলাম। হাঁ, তাদের মধ্যে একজন গিরিধারীকে একগাছি হার দিতে চাইলেন। আমি অস্বীকার করলাম। তিনি পুনঃ পুনঃ প্রার্থনা করায় দিদি নিতে বলে। আমি নিয়ে গিরিধারীর গলায় পরিয়ে দিয়েছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুম্ভ—দেখি হার দেখি।

মীরা গিরিধারীর গলা হইতে হার লইয়া কুম্ভকে দিলেন

কুম্ভ—(হার লইয়া দেখিয়া) এ যে বহুমূল্য হার, অনেক বৃহৎ বৃহৎ হীরক রয়েছে। ছদ্মবেশী বৈষ্ণব তো সামান্য লোক নন। (আলোর কাছে ধরিয়া) এ কি! (উচ্চৈঃস্বরে) আকবর লেখা রয়েছে। এঁ্যা, দিল্লীর সম্রাট আকবর এসেছিলেন? একা না সসৈন্যে? মেবার আক্রমণ করতে এসেছেন কি না বুঝতে পাচ্ছি না। প্রহরী—প্রহরী—

প্রহরী—(নেপথ্যে) কি আদেশ মহারাণা?

কুম্ভ—শত্রু, শত্রু, সেনাপতিকে সংবাদ দাও। তূর্য্যধ্বনি কর—মেবারের চিরশত্রু আকবর এসেছে।

(নেপথ্যে তূর্য্যধ্বনি)

শত্রু, শত্রু—নগরে মুসলমান প্রবেশ করেছে। সেনাপতি, নগর দ্বার রোধ কর—সৈন্যগণ প্রস্তুত হও—

(নেপথ্যে—বহুকণ্ঠে)

হর হর মহাদেও! হর হর মহাদেও! হর হর মহাদেও!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্থ অঙ্ক

প্রথম দৃশ্য

৺কাশীধাম—তুলসীদাসের আশ্রম

তুলসী—রাম রাম রাম—সবই মহাবীরের কৃপা। রাম দর্শন একবার নয়, তিনবার। শেষবার চিত্রকূটে রামঘাটে চন্দন ঘসে নিয়ে বসেছিলাম, ঠাকুর আমার লক্ষ্মণ লালার সঙ্গে এসে চন্দন চাইলেন। কপালে যেমন চন্দন পরিয়ে দিলাম, আমার আর বাহ্যজ্ঞান রইলো না। মহাবীর এসে চৈতন্য করান। তারপর ভগবান শঙ্কর পার্ব্বতী মাতার সহিত দর্শন দান করে হিন্দি ভাষায় রামায়ণ প্রণয়ন করতে বললেন। তাঁর আজ্ঞায় হিন্দি ভাষায় রামায়ণ লিখতে আরম্ভ করলাম। দু' বছর সাতমাস ছাব্বিশ দিনে রামায়ণ লেখা শেষ হ'লো। মহাবীর শুনে খুব আনন্দ করলেন।

মহাবীরের প্রবেশ—তুলসীদাস প্রণাম করিলেন

মহাবীর—তুলসীদাস তোমার রামায়ণ কোথায়?

তুলসী—এই যে প্রভো!

মহাবীর—তোমার রামায়ণ থেকে কিছু রামনাম শোনাও।

তুলসী—(রামায়ণ পাঠ)

বর্ণানামর্থসঙ্ঘানাং রসানাং ছন্দসামপি।
বন্দৌঁ রামনাম রঘুবরকে
হেতু কৃশানু ভানু হিমকরকে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিধি হরিহরময় বেদ প্রাণ সো।
অগুণ অনুপম গুণনিধান সো॥
অগ্নিসূর্য্যশশধর এ তিনের হেতু কর
পরাৎপর সার রামনাম।
বিধি হরিহরময় সদা যাহে বেদাশ্রয়
তাতে মোর সতত প্রণাম॥
প্রণবে ত্রিবর্ণময় বিধিবিষ্ণুশিব হয়
একাক্ষরে বেদের পরাণী।
অগুণ সে রামনাম অনুপম গুণধাম
অভেদ সে রঘুবরে নমি॥

মহাবীর—সুন্দর, সুন্দর, আরো বল—

তুলসী—

রামনাম মণিদীপধরু জীহ দেহরী দ্বার।
তুলসী ভিতর বাহিরৌ জো চাহসি উজিয়ার॥
রসনার দীপাধারে বসাইয়া যত্নভরে
রামনাম মণিদীপধীর।
ভিতর বাহির ঘর প্রকাশিতে দ্বারপর
ধর সদা বাণী তুলসীর॥

মহাবীর—উত্তম উত্তম, আরো আরো—

তুলসী—

রাম রাম দিসি লষণজি দাহিনী ওর।
ধ্যান সকল কল্যাণময় সুরতরু তুলসী তোর॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রামনামকো অঙ্কহৈ সব সাধন হৈঁ সুন।
অঙ্ক গয়ে কছু হাত নহিঁ অঙ্ক রহে দশগুণ॥
রামনামকো কল্পতরু কলিকল্যাণ নিবাস।
জো সুমিরত ভয়োভাগতে তুলসী তুলসীদাস॥
রামনাম জপিজীহজন ভয়ে সুকৃত সুখশালী।
তুলসী যাহা যো আলসী গয়ো আজ কী কালি॥
রামনাম সুমিরত সুযস ভাজন ভয়ো কুজাত।
কুতরু কুসুর পুররাজমগ লহত ভুবন বিখ্যাত॥
রামনাম অবলম্ববিনু পরমার্থকী আস।
বরসত বারিদ বুন্দগহি চাহত চড়ন অবকাশ॥
রামনাম সবধর্ম্মময় জানত তুলসীদাস।
যথা ভূমি বস বীজ মেঁ নখত নিবাস আকাশ॥
রামনাম নিত কহত হর গাবত বেদ পুরাণ।
হরণ অমঙ্গল অখিল, করত সকল কল্যাণ॥
রামনাম রতি রামনাম গতি রামনাম বিশ্বাস।
সুমিরত শুভমঙ্গল কুসল চহুদিসি তুলসীদাস॥
নাম ললিত লীলা ললিত ললিতরূপ রঘুনাথ।
ললিত বসন ভূষণ ললিত ললিত অনুজ শিশুসাথ॥
রাম ভরত লছমণ ললিত সত্রুসমনশুভনাম।
সুমিরত দশরথ সুবনসব পূজহি সবমনকাম॥

মহাবীর— প্রাণ পূর্ণ হোলো করিয়া শ্রবণ নামের মহিমা।
বহুদিন শুনি নাই হেন রামগুণ গান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাল্মীকির অবতার হে তুলসীদাস
কলিহত জীবকুল আকুল পীড়নে
তাহাদের করিবারে ত্রাণ, যে রামায়ণ সুধা
তুমি করিলে প্রদান, এ অমৃত
পানে ধন্য হবে
কলিহত যতেক মানব মানবী।
ধনী দরিদ্র মূর্খ বিদ্বান সকলে
এ ভাষারামায়ণ পাঠে হইবে কৃতার্থ—
সুরম্য রাজহর্ম্যে
জীর্ণ সাধুর কুটীরে সমভাবে পাবে
পূজা রামচরিত মানস।
যতদিন চন্দ্রসূর্য্য রহিবে গগনে
ততদিন তোমার এই রামায়ণ মহাপোতে
আরোহণ করি
গোষ্পদ সম ভব-পারাবার
হইবে উত্তীর্ণ যত ভকতমণ্ডলী।
তোমার কল্যাণে দিবানিশি
লোকমুখে শুনিব শ্রবণে রামগুণ গান।
অতীব সন্তুষ্ট আমি শুনিয়া এ রামায়ণ
বর মাগ প্রেমিক প্রধান!

তুলসী— প্রভো, রুদ্র অবতার!
আপনার আদেশেতে রামায়ণ করিয়া রচনা
আপনারে দিয়ে উপহার হয়েছি কৃতার্থ আমি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একমাত্র প্রার্থনা আমার, যেন রামপদে
অনন্যা ভকতি মোর থাকে চিরদিন
জিহ্বা যেন অবিরাম জপে রাম রাম।

মহাবীর— তথাস্তু, আমি রহিলাম তব সাথে সাথে
যখনি দেখিবার হইবে বাসনা
করিও প্রার্থনা—দিব দরশন।

তুলসী— প্রভো! পুনঃ রাম দরশন
অভিলাষ জেগেছে অন্তরে।

মহাবীর— চিত্রকূটে পাবে দরশন।

(অন্তর্হিত হইলেন)

তুলসী— রাম রাম রাম! কত সুধা দিয়ে
গড়েছেন বিধাতা বসিয়া
নির্জ্জনে 'রাম' এ দুটী অক্ষরে।
অমৃতের মহা উৎস এ দুটী অক্ষর
'রাম' নাম। যত জপি নাম, তত বাড়ে
বাসনা আমার রামনাম জপিবার তরে।
রাম রাম রাম—যত বলি ততই মধুর,
রাম রাম রাম—ওরে কে আছ কোথায়
তাপিত তৃষিত সংসার-মরুর মাঝে পিপাসা আকুল
এস এস, লও লও, গাও গাও—রাম রাম রাম।
অমৃতের স্বাদ পাবে রসনায়।
আলোকে ভরিয়া যাবে অন্তর বাহির।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দিবানিশি অলৌকিক মধুময় গানে
হবে আত্মহারা। ক্ষুদ্র এই সংসারের হাসিকান্না
দলিয়া চরণে পরম আনন্দে রবে চিরদিন।

(নেপথ্যে—রাম রাম, আমি গোহত্যাকারী মহাপাপী)

জনৈক ব্রাহ্মণের প্রবেশ

তুলসী - কে তুমি ?

ব্রাহ্মণ—রাম রাম রাম, গোহত্যাকারী মহাপাপী ব্রাহ্মণ, আমি অনেক তীর্থ ভ্রমণ করে এলাম, পাপ এখনও নষ্ট হলো না। রাম রাম রাম।

তুলসী—বাবা তুমি অবিরাম রাম রাম করছো এবং বলছো মহাপাপী। রাম রাম উচ্চারণ করলে আর কি পাপ থাকতে পারে ? তুমি নিষ্পাপ।

ব্রাহ্মণ—রাম রাম, আমি নিষ্পাপ বাবা ?

তুলসী—নিশ্চয়ই নিষ্পাপ—

কৃতৈশ্চ ক্রিয়মানৈশ্চ ভবিষ্যদ্ভিশ্চ পাতকৈঃ।
রামেতিদ্ব্যক্ষরং নাম সকৃজ্জপ্ত্বা বিশুধ্যতি ॥

—কাত্যায়ণস্মৃতিঃ।

যে পাপ করা হয়েছে, যে পাপ করা হচ্ছে, যে পাপ করা হবে, সে সমস্ত পাপ হতে 'রাম' এই দুটী অক্ষর একবার জপ করে মানুষ পবিত্র হয়। তুমি অবিরাম রামনাম জপ করছো—তোমার পাপ থাকতে পারে ? যাও স্নান করে এসো, আমার সঙ্গে একসঙ্গে প্রসাদ পাবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রাহ্মণ—জয় জয় রাম রাম রাম—তবে আমি নিষ্পাপ ?

তুলসী—হাঁ, যাও স্নান করে এস। (ব্রাহ্মণের গমন) কি ভ্রম, একবার অবশভাবে নামে কোটীজন্মকৃত পাপ নষ্ট হয়। আর এ ব্রাহ্মণ অনুক্ষণ রাম রাম জপ করে আপনাকে পাপী মনে করছে !

কাশীবাসী ব্রাহ্মণদ্বয়ের প্রবেশ

প্রথম—গোঁসাইজী আপনাকে আমরা যথেষ্ট শ্রদ্ধা করি। আপনি গোহত্যাকারীকে কি বলেছেন ?

তুলসী—বলেছি, তুমি নিষ্পাপ—স্নান করে এস, একসঙ্গে প্রসাদ পাবো।

দ্বিতীয়—এ কোনও প্রায়শ্চিত্ত করলে না অমনি শুদ্ধ হয়ে গেল ! এরূপ অশাস্ত্রীয় ব্যবস্থা দেওয়া কি আপনার উচিত হয়েছে ?

তুলসী—আপনারা শাস্ত্র মানেন তো ?

উভয়ে—নিশ্চয়ই মানি।

তুলসী—

কোটিশঃ মনুজানাং যদ্দূরিতং সমুপস্থিতম্।
রাম রামেতি সঙ্কীর্ত্ত্য তন্নাশয়তি মানবঃ॥

মানবগণের যদি কোটী কোটী পাপ উপস্থিত হয়, রাম রাম এই নাম কীর্ত্তনে তা নাশ হয়।

শ্রীরাম রাম রামেতি যে বদন্ত্যপিপাপিনঃ।
পাপকোটি সহস্রেভ্যস্তেষামুদ্ধরণংক্ষণাৎ॥

—বশিষ্ঠস্মৃতি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাপীগণ যদি শ্রীরাম রাম রাম নাম উচ্চারণ করে কোটি সহস্র পাপ হতে ক্ষণমাত্রে উদ্ধার হয়।

সর্ব্বদা সর্ব্বকালেষু যে চ কুর্ব্বন্তি পাতকম্।
রাম নাম জপং কৃত্বা যান্তি ধামসনাতনম্॥

নান্দিপুরাণ।

সর্ব্বদা সমস্তকালে যারা পাপ করে রামনাম জপ করত সনাতনধামে গমন করে থাকে। এগুলি কি শাস্ত্রবাণী নয়?

প্রথম—হাঁ, শাস্ত্রের কথা বটে!

তুলসী—এ যদি শাস্ত্রের কথা মানেন তা হলে আমাকে কেন অশাস্ত্রীয় ব্যবস্থা দিয়েছি বললেন? একবার নাম করলে কোটী জন্মকৃত পাপ নাশ হয়। আর এই ব্রাহ্মণ অবিরাম রাম রাম করছেন —এঁর কখনও পাপ থাকতে পারে?

দ্বিতীয়—দেখুন গোঁসাইজী আপনার সঙ্গে তর্ক করা আমাদের উচিত নয়—মোট কথা এর যে রামনাম করে পাপ ক্ষয় হয়েছে তা বিশ্বাস করতে পারছি না।

তুলসী—ইনি নিষ্পাপ এ সম্বন্ধে আপনারা কি প্রমাণ চান বলুন?

প্রথম—যদি বাবা বিশ্বনাথের পাথরের নাদিয়া ষণ্ড এর হাতে ঘাস খায় তাহলে আমরা বুঝবো ইনি নিষ্পাপ।

তুলসী—উত্তম কথা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাম রাম রাম করিতে করিতে গোহত্যাকারী ব্রাহ্মণের প্রবেশ

ব্রাহ্মণ—রাম রাম রাম—

তুলসী—(ব্রাহ্মণের প্রতি) বাবা তুমি আমাদের সঙ্গে এসতো।

সকলের গমন

দাস্য ও মধুরের প্রবেশ

দাস্য—মধুর, রামায়ণ শুনলে ?

মধুর—শুনলাম বৈ কি !

দাস্য—এখানে আহা উহু প্রাণনাথ গেলুম মলুম নেই। একবারে রাম রাম করতে করতে ইহলোকে আনন্দ-সাগরে সাঁতার দিতে দিতে একেবারে নিত্যধাম। হা হুতাশ নেই, দীর্ঘ-নিঃশ্বাসও নেই। দাস্যের মহিমা বেশ করে বুঝে নাও।

মধুর—আরে গোঁসাইজীর রামায়ণের কথা বলছো—আমার মীরার ভজন পাঁচ বছরের ছেলে পর্য্যন্ত গাইছে—

মীরা কহে বিনা প্রেমসে
না মিলে নন্দলালা।

ভগবৎপ্রাপ্তি কাকে বলে জান কি ? চল আজই চল, মেবারে তোমায় দেখিয়ে দেবো।

দাস্য—আচ্ছা চল।

উভয়ের গমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুলসীদাস, ব্রাহ্মণদ্বয় ও রামনানকারী ব্রাহ্মণের প্রবেশ

প্রথম—আশ্চর্য্য ব্যাপার! ইনি যদি নিষ্পাপ হন তা হলে বৃষরাজ তুমি এই প্রসাদ ও ঘাস খাও, গোঁসাইজী বলা মাত্র সেই পাথরের ষাঁড় সব খেয়ে ফেল্লে—

উভয়ে—গোঁসাইজী, আপনি আমাদের ক্ষমা করুন। (প্রণাম) আমরা অতি মূর্খ, নামের মহিমা কিছুই জানি না। আমাদের উপর কৃপাদৃষ্টি করে নামে রুচি দিন।

তুলসী—নামের কৃপায় নামে আপনাদের অনন্য অনুরাগ হোক। রাম রাম রাম রাম রাম।

পটক্ষেপ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয় দৃশ্য

মেবার—গিরিধারীর মন্দির

মীরা—আজ যে মুখে হাসি ধরছে না, কি ব্যাপার! দিন দিন নব নব লীলা আরম্ভ করলে তোমাকে তো বিশ্বাস নেই। কাঁদান স্বভাব তোমার—যে ভালবেসেছে তারই চোখে জল সার হয়েছে; তার সাক্ষী ব্রজগোপিগণ। তুমি যাই কর আর যাই বল, জীবনে মরণে মীরা তোমার চরণের দাসী। আমায় বৃন্দাবনে নিয়ে চল।

হে গিরিধারী গোপাল! তুমি আমায় চাকর রাখ। আমি তোমার চাকর হয়ে থাকবো, চাকর হয়ে তোমার বাগান তৈরী করবো, নিত্য প্রভাতে উঠে তোমার দর্শন লাভ করবো। আর বৃন্দাবনের প্রতি কুঞ্জে প্রতি পথে তোমার লীলাগান করবো। আমার এই চাকুরীতে তোমার দরশন পাবো। তোমার শরণ আমার বেতন হবে। আর ভাব ভক্তি হবে জাগিরী—এই তিনই আমার পরম লাভ। তোমার মাথায় ময়ূর মুকুট, পরিধানে পীতবাস আর তোমার গলায় বৈজয়ন্তী মালা শোভা পায়। তুমি বৃন্দাবনে ধেনু চরাও, বেণু বাজিয়ে সকলকে আনন্দ দাও। বড় বড় বাগান বাড়ী নির্ম্মাণ করবো তার মাঝখানে সরোবর খনন করবো। হে শ্যামসুন্দর আমি কুসমিত শাড়ী পরে রোজ রোজ তোমায় দেখবো। তোমার বৃন্দাবনে যোগ করবার জন্য যোগী আগমন করেন, তপস্যার জন্য সন্ন্যাসী ও হরি ভজনের জন্য সাধুরা আসেন—এইরূপে তাঁরা বৃন্দাবনে বাস করেন। হে প্রভো! তুমি গভীর ও গম্ভীর। দাসী মীরাকে তোমার প্রকৃত দাসী করে নাও। কথা ক'চ্ছ না যে? কেবল মুখ টিপে টিপে হাসি। আজ দিদিকে চামেলীকে দেখা দিতে হবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তারা তোমার বড় ভক্ত তোমার সেবায় আত্মহারা। তাদের বলেছি—তুমি আজ তাদের দেখা দেবে। দিদি তোমার জন্য আজ ভাল করে খাবার তৈয়ারী করছে।

চম্পার প্রবেশ

চম্পা—মা খাবার হয়ে গেছে।

মীরা—তুই আসন পেতে জলের গ্লাস দিয়ে দিদিকে খাবার আনতে বল।

চম্পার আসন পাতিয়া জল দিয়া গমন। উদাবাঈয়ের খাবার লইয়া প্রবেশ এবং আসনের নিকট রক্ষা।

মীরা—দিদি, তোমরা হাত পা ধুয়ে এখানে এস।

উদাবাঈয়ের গমন

চম্পা, চামেলী ও উদাবাঈয়ের প্রবেশ

মীরা খাবার হইতে একটু দূরে উদাবাঈকে এবং বামদিকে চম্পা চামেলীকে বসিতে বলিলেন—তারা উপবেশন করিল।

মীরা—যাই দ্বারটা বন্ধ করে আসি।

গমন ও প্রত্যাগমন:

গিরিধারীর দিকে সম্মুখ করিয়া মীরার গীত

প্রভুজী! তুঁহু হামারি প্রাণ তুঁহু গৃৎজ তুঁহু আশমান্
তুঁ হামারি আঁখে কি শশী তুঁহু হামারি মুরলী বংশী
তুঁহু হামারি প্রেম কি প্রীতম্ তুঁহু হামারি গান।
তুঁ হামারি জ্ঞান কি বাতি তুঁ হামারি হিয়া কি ছাতি
তুঁ হামারি দুখ কি শান্তি দাসী মীরা কে ধ্যান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গিরিধারীর আবির্ভাব

গিরিধারী—মীরা!

মীরা উঠিয়া বামপার্শ্বে দণ্ডায়মান হইলেন

উদা, চম্পা, চামেলী—আহা, আহা, কি সুন্দর—কি সুন্দর—

জ্ঞানশূন্য হইয়া গেলেন

মীরা—কত ডাকছি, এত দেরি করলে আসতে ?

গিরিধারী—কৈ দেরি করলাম—তুমি ডেকেছ আর আমি এসেছি।

মীরা—খাও।

গিরিধারী বসিয়া আহার করিতে লাগিলেন

মীরা—দিদি কেমন তরকারী করেছে ?

গিরিধারী—খুব ভাল।

মীরা—আমার রান্নাতো নয় যে খারাপ হবে। আমি কোন দিন ঝালে বিষ করি, কোন দিন বা নুনে পুড়িয়ে দিই।

গিরিধারী—কেন ? তুমিতো বেশ রাঁধ। তোমার রান্না আমার বেশ ভাল লাগে।

মীরা—তুমি ভালবাস বলে ভাল লাগে। আমাকে ভুলিয়ে উঠে গেলে হবে না, সব খেতে হবে। ওই তো কখানি লুচি, খেয়ে ফেল, খেয়ে ফেল, সন্দেশ দিয়ে খাও।

গিরিধারী—আমার পেট ভরে গেছে—এসো তুমি খাবে এস।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মীরা—আজ দিদিরা রয়েছে আজ নয়। এদের এমন দেখা দিলে যে দেখা মাত্রই জ্ঞান হারালো।

গিরিধারী—এরা আমার অতি প্রিয়া, এদের আমি খুব ভালবাসি।

গিরিধারী উঠিলেন

মীরা—যা, না খেয়ে উঠে পড়লে?

গিরিধারী—খাওয়া হয়ে গেছে।

মীরার জল দান—গিরিধারীর হস্ত প্রক্ষালন। মীরা পান দিলেন—গিরিধারীর গ্রহণ

গিরিধারী—আজ পাশা খেলতে ইচ্ছা করছে।

মীরা—উত্তম, এদের জাগিয়ে দাও।

গিরিধারী—না, তা হলে আনন্দ হবে না।

মীরা ছক পাতিলেন। উভয়ে মুখোমুখি বসিয়া খেলা আরম্ভ করিলেন।

গিরিধারী—(পাশা ক্ষেপন) এই যা, আঠার হয়ে গেলো।

মীরা—বেশ হয়েছে। তোমার তো হাত খুললো না (পাশা চালন) ছ তিন নয়। এই দেখ আমার হাত খুলে গেছে। (ঘুটী চালন)।

গিরিধারী—(পাশা চালন) এই যা বারো যে!

মীরা—বেশ হয়েছে, বেশ হয়েছে, হাত খোলেনি। (পাশা চালন) এই, বার পঞ্জা সতেরো (ঘুটী চালন)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গিরিধারী—ও, তুমি খুব দান ফেলছো (পাশা চালন) ওই যা, তিনটী।

মীরা—বসে থাকো, বসে থাকো (পাশা চালন) দশ ছয় ষোল।

অলক্ষ্যে দাস্থ ও মধুরের প্রবেশ—মধুর দাস্থকে ইঙ্গিত করিয়া দেখাইল—দাস্থ ঘাড় নাড়িয়া সায় দিল—উভয়ের প্রস্থান।

গিরিধারী—(পাশা চালন) এই, বার পঞ্জা সতেরো। হাত খুলেছে, হাত খুলেছে।

দ্বারে জোরে করাঘাত

কুম্ভ—মীরা—মীরা, দরজা খোলো।

গিরিধারীর অন্তর্দ্ধান। মীরা দ্বার খুলিয়া দিলেন। উন্মুক্ত তরবারী হস্তে কুম্ভের প্রবেশ

কুম্ভ—(দৃঢ়স্বরে) মীরা!

মীরা—(সহাস্যে) কেন?

কুম্ভ—তুমি কার সঙ্গে পাশা খেলছিলে?

মীরা—গিরিধারীর সঙ্গে।

কুম্ভ—গিরিধারীর সঙ্গে! (চিৎকার করত) নিশ্চয় তোমার ঘরে পুরুষ আছে।

উদাবাঈ, চম্পা, চামেলী সংজ্ঞালাভ করিলেন

মীরা—(সহাস্যে) পুরুষ তো আপনার সুমুখেই দাঁড়িয়ে আছেন—আমার চিরসাথী গিরিধারী গোপাল।

কুম্ভ—না, অন্য কোন পুরুষ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উদাবাঈ—ঘরে আর তো কেউ আসেনি দাদা।

কুম্ভ—আমি স্বকর্ণে পুরুষের কণ্ঠস্বর শুনেছি।

মীরা—বেশ তো ঘর খুঁজে দেখুন।

কুম্ভ গৃহের চতুর্দ্দিক অন্বেষণ করিলেন

কুম্ভ—তাই তো—কেউ তো নেই। আমি যে স্বকর্ণে কণ্ঠস্বর শুনলাম!

একটা ভীষণ মূর্ত্তির আবির্ভাব

কুম্ভ—ও কি—ও কি—কি ভয়ঙ্কর মূর্ত্তি! মীরা—মীরা—

কুম্ভ কাঁপিতে কাঁপিতে মূর্চ্ছিত হইয়া পড়িলেন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয় দৃশ্য

কাশীধাম—তুলসীদাসের আশ্রম

১ম ভক্ত—বাবা আমি অতি অধম। শ্রদ্ধা ভক্তি কিছু নাই। আমার কি গতি হবে বাবা ?

তুলসী—কলিযুগে গতির জন্য কোন চিন্তা নাই।

রাম নাম কলি কামতরু সকল সুমঙ্গল কন্দ।
সুমিরত করতল সিদ্ধি সব পগ পগ পরমানন্দ॥
রাম নাম কলি কামতরু রাম ভক্তি সুরধেনু।
সকল সুমঙ্গল মূল জগ, গুরুপদপঙ্কজ রেনু॥

২য়—বাবা, নামে রতি গুরুপদে ভক্তি—কিছুই নাই যে বাবা, আমার কি গতি হবে ?

তুলসী—রতি থাক আর না থাক, কেবল জপ কর। উঠতে বসতে খেতে শুতে নাম কর—নামের কৃপা অবশ্যই পাবে।

৩য়—যেমন তেমন করে নাম করলেও কৃপা পাবো বাবা ?

তুলসী—পাবে, অবশ্যই পাবে। নাম কিছুরই অপেক্ষা রাখে না। যে কোন প্রকারে নাম শুনলে বললে মানুষ কৃতার্থ হয়। তোমরা আমার রামায়ণ নিত্য পড় তো ?

৪র্থ—তা পড়ি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুলসী—ব্যস, ওই রামায়ণ অবলম্বন করে থেকো—তিনিই তোমাদের সংসার-সাগরের পারে নিয়ে যাবেন। নবাহ্নিক পাঠের চেষ্টা করবে।

১ম—আমি মাঝে মাঝে নবাহ্নিক পাঠ করি।

তুলসী—বেশ।

সুখপাল নামক জনৈক ব্রাহ্মণের প্রবেশ ও প্রণাম

তুলসী—(প্রতিপ্রণাম পূর্ব্বক) কোথা থেকে আসছ বাবা ?

সুখপাল—মেবার থেকে।

তুলসী—মেবার থেকে, তোমার নামটী কি বাবা ?

সুখপাল—সুখপাল মিশ্র।

তুলসী—আমার কাছে কোনও প্রয়োজন আছে ?

সুখপাল—মেবারের মহারাণী মীরাবাঈ আপনাকে একখানি পত্র দিয়েছেন।

তুলসী—মহারাণী মীরাবাঈ-এর নাম শুনেছি—পরম ভক্তিমতী তিনি। কৈ পত্র দাও।

সুখপালের পত্র প্রদান—তুলসীদাসের গ্রহণ

তুলসী -(পত্র পাঠ)

শ্রীশ্রীগিরিধারী শরণম্

শ্রীচরণকমলেষু

স্বস্তি তুলসীদাস গোঁসাইজী, আপনি বহুগুণভূষণ এবং বিবিধ দোষের হরণকর্ত্তা; আমি আপনাকে বহুবার প্রণাম করিতেছি;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আপনি আমার শোক সমুদয় নষ্ট করুন। আমার ঘরের স্বজন আমার বড় উৎপাত বৃদ্ধি করিতেছে। আমি যে সাধুসঙ্গ করি এবং ভজন করি ইহাতে ইহারা আমায় বহু ক্লেশ দিতেছে : এক গিরিধারী লালই আমার মিত্র। আমি তাঁহার পাদপদ্মে মনস্থির রাখিয়াছি। আপনি আমার মাতাপিতার তুল্য এবং ভক্তগণের সুখদায়ক। এ অবস্থায় আমার এখন কি করা কর্ত্তব্য আপনি তাহা আমাকে বুঝাইয়া লিখিবেন। ইতি—

শ্রীচরণসেবিকা
মীরা দাসী

সুখপাল—আপনি পত্রের উত্তর লিখে দিন। আমি এখনি যাব।

তুলসী—পত্রের উত্তর আমি লিখছি, এখন তুমি যাবে কোথায় ? স্নান করে বিশ্বনাথ দর্শন কর। প্রসাদ পেয়ে ২।১ দিন থেকে ক্লান্তি দূর করে তারপর যেও।

সুখপাল—আমায় আজই যেতে হবে।

তুলসী—আজ বিশ্রাম করে কাল ভোরে যেও। (জনৈক ভক্তের প্রতি) বাবা কাগজ কলম আনতো।

ভক্তের গমন। কাগজ কলম লইয়া আসিলেন--তুলসীদাস পত্র লিখিলেন।

১ম ভক্ত—কি লিখলেন ?

তুলসী—(পত্রপাঠ)

শ্রীরাম শরণং মম

স্বস্তি শ্রীমতী মীরাবাঈ তোমার পত্র পেলাম। যে ব্যক্তি ভগবদ্-বিদ্বেষী সে যতই নিকটবর্ত্তী আত্মীয় হউক না কেন সে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সহস্রবার শত্রুর ন্যায় পরিত্যজ্য। প্রহ্লাদ বিষ্ণুদ্বেষী পিতাকে, বিভীষণ রামদ্বেষী রাবণকে, ভরত রামচন্দ্র বিদ্বেষিণী কৈকেয়ীকে পরিত্যাগ করিয়াছিলেন। বলিরাজ বামনদেব বিদ্বেষী স্বীয় উপদেষ্টা গুরু শুক্রের উপদেশ শ্রবণ করেন নাই। গোপীগণ বন্ধু বান্ধব আত্মীয় স্বজন, এমন কি স্বামীকে পর্য্যন্ত কৃষ্ণ সঙ্গ লাভের জন্য ত্যাগ করিয়াছিলেন। তাঁহাদের এই ব্যবহার জগতের পক্ষে মঙ্গলজনক হইয়াছিল। ভগবানের সঙ্গে যে আত্মজনের আত্মীয়তা না থাকে তাঁহার সঙ্গে কোন সম্বন্ধ রাখা অকর্ত্তব্য। যে অঞ্জন চক্ষুর পীড়াদায়ক হয়, সে অঞ্জন কে ব্যবহার করে? তিনিই প্রকৃত আত্মীয় এবং আপনার হতেও আপনার এবং অতীব আদরের পাত্র ও বন্ধু যিনি ভগবানের সহিত ঘনিষ্ঠ সম্বন্ধে সম্বন্ধ করিয়া দিতে পারেন। ইতি—

শিবার্থি
শ্রীতুলসীদাস

তুলসীদাস পত্র পাঠান্তে সুখপালকে দিলেন

তুলসী—যাও নেয়ে এস।

সুখপালের গমন

(নেপথ্যে—মা আপনি সত্বর আসবেন। আমাদের সব ঠিক হয়েছে।)

(নেপথ্যে—আমি প্রণাম করেই যাচ্ছি।)

জনৈকা ব্রাহ্মণীর প্রবেশ—তুলসীদাসজীকে প্রণাম

তুলসী—সৌভাগ্যবতী ভব।

ব্রাহ্মণী—বাবা, আমাকে ও কি আশীর্ব্বাদ করলেন? আমার স্বামী মারা গেছেন। চিতা প্রস্তুত—আমি সহমৃতা হতে যাচ্ছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুলসী—সহমৃতা হবে কেন মা ?

ব্রাহ্মণী—স্বামী চলে গেলেন—এ জীবনে আর প্রয়োজন কি ? সহমৃতা হয়ে তাঁর সঙ্গে স্বর্গভোগ করবো।

তুলসী—স্বর্গভোগের তো ক্ষয় আছে মা—আবার সংসারে দুঃখ ভোগ করতে হবে। যাতে যাতায়াত চিরদিনের জন্য মিটে যায় তাই করা উচিত নয় কি ?

ব্রাহ্মণী—তবে আমি কি করবো বাবা ?

তুলসী—ভগবানের শরণাপন্ন হয়ে কেবল রাম নাম জপ করো।

ব্রাহ্মণী—রাম রাম রাম—আহা কি মিষ্টি নাম। রাম রাম রাম (তুলসীদাসের পদে পতিত হইয়া) বাবা আপনি ঈশ্বরজানিত মহাপুরুষ; মহাভক্ত—আপনার আশীর্ব্বাদ কখনও মিথ্যা হবে না। আমি নিশ্চয়ই সৌভাগ্যবতী হবো। আমার স্বামীকে বাঁচিয়ে দিতে হবে।

তুলসী—বাঁচামরার হাত সব সীতারামের।

ব্রাহ্মণী—সীতারামের শক্তিতেই সীতারামের দাসেরা শক্তিমান্, আপনি আসুন বাবা !

তুলসী—আমায় যেতে হবে ? চল, (ভক্তদের প্রতি) তোমরাও এসো।

সকলের গমন

দাস্য ও মধুরের প্রবেশ

মধুর—দেখলে তো দাস্য একবারে গিরিধারী এসে মীরাকে বুকে করে নিলেন, খাবার খেলেন, পাশা খেললেন। তুমি বেরসিক, এ রস পাবে কোথায় ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দাস্য—তারপর বল।

মধুর—তারপর আবার কি ?

দাস্য—খোলা তলোয়ার হাতে কুম্ভের গর্জ্জন, গিরিধারীর পলায়ন। একবারে মধুর থেকে বীভৎস রসের সৃষ্টি।

(নেপথ্যে—জয় জয় তুলসীদাস মহারাজের জয়—জয় তুলসীদাস মহারাজের জয়—জয় তুলসীদাস মহারাজের জয়—ওরে মরা মানুষ বাঁচিয়ে দিলেন।)

মধুর—এস দাস্য।

গমন

তুলসীদাস ভক্তগণ ব্রাহ্মণী তাহার স্বামী ও অন্যান্য ভক্তগণ
ব্রাহ্মণ ও ব্রাহ্মণপত্নী তুলসীদাসের চরণে পতিত হইয়া

উভয়ে—বাবা আপনার অসীম কৃপায় আমরা দুজনেই প্রাণ পেলাম।

তুলসী—আমি অতি ক্ষুদ্র অধম, আমার কৃপায় নয়, রাম নামের কৃপায় প্রাণ পেয়েছ। এবার অবিরাম রাম রাম জপ করে জীবন সার্থক কর। বল বল ভাই সব—

সকলে—জয় সীতাপতি রামচন্দ্রের জয় !
জয় সীতাপতি রামচন্দ্রের জয় !
জয় সীতাপতি রামচন্দ্রের জয় !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্থ দৃশ্য

মেবার—মহারাণা কুম্ভের কক্ষ

কুম্ভ— এ অপূর্ব্ব প্রহেলিকা না পারি বুঝিতে—
নিজ কর্ণে শুনিলাম
মীরার মন্দিরে পুরুষের কণ্ঠস্বর,
পাশা খেলিবার শব্দ পশিল শ্রবণে,
গৃহ মধ্যে প্রবেশিয়া
দেখি—নাই অন্য কেহ, আছেন কেবল
গিরিধারী গোপাল। সত্যই পাষাণ
প্রতিমা সচল হইয়ে
খেলেন মীরার সনে, এও কি সম্ভব!
মীরা মোর উন্মাদিনী গিরিধারী প্রেমে,
তীক্ষ্ণ তরবারি হেরিয়া আমার করে
মীরার হৃদয়ে হলো নাকো
বিন্দুমাত্র ভীতির সঞ্চার,
রূঢ়স্বরে বলিলাম কত কথা, সহাস্য বদনে মীরা
দিল প্রত্যুত্তর। হে গোবিন্দ! আমি
তব ভক্ত নই—তথাপি অনেক মন্দির
তব করিয়া নির্ম্মাণ, তাহে
স্থাপিয়া মোহন মূরতি তোমার
করিয়াছি পূজার বিধান। এ ভক্তাধমে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কৃপা কর কৃপাময়, এ রহস্য যবনিকা
কর অপসৃত। সত্যই কি মীরা সনে
কর তুমি প্রেম অভিনয়? সত্যই কি
মীরা তব পায় দরশন?

রণজিতের প্রবেশ

রণজিৎ—কি ভাবছো?

কুম্ভ—বল দেখি কি ভাবছি?

রণজিৎ—মহারাণীর কথা।

কুম্ভ—তুমি দেখছি অন্তর্যামী হয়ে পড়লে।

রণজিৎ—আমি অন্তর্যামী নই। তোমার মুখ চোখ বলে দিল তুমি মহারাণীর কথা ভাবছো।

কুম্ভ—এ প্রহেলিকার কোন মীমাংসা করতে পাচ্ছি না। সে দিন বাইরে থেকে পুরুষের কণ্ঠস্বর ও পাশা খেলার শব্দ শুনে ভিতরে প্রবেশ করে দেখলাম—মন্দিরে গিরিধারী আছেন। উদা চম্পা চামেলী আছে—পুরুষের কোন চিহ্ন নাই, মন্দিরের দ্বিতীয় দ্বার নাই।

রণজিৎ—তুমি কি একবারে খোলা তলোয়ার নিয়ে প্রবেশ করেছিলে না কি?

কুম্ভ—হাঁ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রণজিৎ—তোমায় দেখে মহারাণী ভীতা হলেন ?

কুম্ভ—মোটেই নয়। পুরুষের কথা জিজ্ঞাসা করলাম—মীরা সহাস্য বদনে বললে, আপনার সুমুখে গিরিধারী রয়েছেন। এ যে কি ব্যাপার বুঝি না!

রণজিৎ—মহারাণী পরম ভক্তিমতী, ওরূপ প্রেমময়ী মহা-ভক্তিমতী রমণী রাজস্থানে আর জন্মগ্রহণ করেন নাই, এ কথা খুব সত্য। তাঁর প্রেমপাশে গিরিধারী বন্দী এ কথা আমি মনে প্রাণে বিশ্বাস করি। কিন্তু ভাই, প্রজামণ্ডলীর মধ্যে দিন দিন তাঁর ভজন ও নৃত্যের আলোচনা বেড়েই চলেছে। আরও এক ব্যাপার আরম্ভ হয়েছে। সাধু বৈষ্ণবগণের কাছে ভজন ও নৃত্য করেন তাতে কিছু আসে যায় না। কতকগুলো দুশ্চরিত্র লোক সন্ধ্যা আরতির পর ভজনের সময় গিয়ে নানা প্রকার অঙ্গভঙ্গি করে। কথাটা কানে আসতে কাল আমি আরতির সময় গিয়ে দেখলাম—সত্যই কজন দুষ্ট লোক তাঁর নৃত্য দেখে তাঁর দিকে কুদৃষ্টিতে চেয়ে আছে। আমার অনুরোধ তুমি আজ ছদ্মবেশে আরতির সময় সেই লম্পটগুলার ব্যাপার দেখে এসো; শুধু দেখে এলে হবে না এর প্রতিবিধান করতে হবে। তুমি চিতোরের মহারাণা, লক্ষ লক্ষ প্রজা তোমার আদর্শ গ্রহণ করে তাদের জীবন গঠন করবে, সকলে তোমার দিকে চেয়ে আছে। তোমাকে কঠিন হতে হবে। মহারাণীকে শাসন করার প্রয়োজন আর উপেক্ষা করা উচিত নয়। সাধু বৈষ্ণবের সঙ্গে যদি মাতাল দুশ্চরিত্রগণ মন্দিরে প্রবেশ করে তাহলে প্রজারা তোমার প্রতি কি করে শ্রদ্ধা রাখবে? মহারাণীকে তুমি প্রাণের চেয়ে ভালবাস জানি কিন্তু তুমি মেবারের মহারাণা—যে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূর্য্যবংশের রাজা রামচন্দ্র বহ্নিপূতা সীতাকে বিশুদ্ধা জেনেও প্রজারঞ্জনের জন্য ত্যাগ করেছিলেন। তোমার সেই সূর্য্যবংশে জন্ম শুধু এই কথাটি মনে রেখে আজ প্রতিবিধান করবে। আশা করি তুমি আমার কথায় অসন্তুষ্ট হবে না।

কুম্ভ—না ভাই, তুমি আমার চির হিতাকাঙ্ক্ষী তা আমি বেশ জানি—আচ্ছা আজই এর ব্যবস্থা করছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চম দৃশ্য

মেবার—গিরিধারীর মন্দির

গিরিধারী বিগ্রহ—মীরা

মীরা—মুখে আজ আর হাসি ধরছে না। এত হাসি কেন? কথা নেই বার্ত্তা নেই, সেই দুষ্টু দুষ্টু হাসি। ও আমার প্রাণেশ্বর, ও আমার প্রাণনাথ, ও আমার নয়নের তারা, ও আমার প্রাণের প্রাণ, ও আমার দুষ্টু নীলমাণিক চুপ করে রয়েছো, কথা কইছো না যে, কথা না কইলে ভাল হবে না কিন্তু দেখবে আমি রাগ করবো। (অন্য দিকে মুখ ফিরাইয়া কিছুক্ষণ দাঁড়াইয়া থাকিয়া) আর চুপ করে থাকবে? (নিকটে আসিয়া) কেমন, হয়েছে তো, আমিও কথা কবো না।

(নেপথ্যে—মা!)

মীরা—আসুন বাবা।

সুখপালের প্রবেশ—মীরা প্রণাম করিলেন

সুখপাল—এই নিন মা গোঁসাইজী পত্র দিয়েছেন।

মীরা—তিনি কি বললেন?

সুখপাল—ঐ পত্রেই সব লিখে দিয়েছেন।

মীরা—আপনি যে উপকার করলেন এর প্রতিদান দিবার আমার কিছু নাই। (গলার হার খুলিয়া) এই হার গাছটী আপনি গ্রহণ করুন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুখপাল—না মা, আমি মায়ের গায়ের গহনা নেবো না। ও হার আপনি গলায় দিন।

মীরা—আচ্ছা, এই মোহরটী নিন।

সুখপালের চরণের নিকটে মোহর রাখিয়া প্রণাম—সুখপালের গমন। পত্রপাঠ

চম্পা ও চামেলীর প্রবেশ

চম্পা—মা, গিরিধারীর আরতির সময় হয়েছে।

মীরা—আরতির যোগাড় কর।

চম্পা আরতির প্রদীপ সাজাইল

গিরিধারীর জলপানি লইয়া উদাবাঈ-এর প্রবেশ

মীরা—দিদি, তোমার মুখটা ও রকম দুঃখ দুঃখ কেন? কি হয়েছে দিদি?

উদা—কি যে হয়েছে তা বুঝতে পাচ্ছি না, ডান চোখটা নাচছে ডান অঙ্গটা মাঝে মাঝে স্পন্দিত হচ্ছে, প্রাণটা যেন হাহাকার কচ্ছে। কে যেন মনের ভেতর বলছে—উদা, মীরা আর মেবারে থাকবে না।

(ক্রন্দন)

মীরা—ও কি দিদি? ছেলে মানুষের মত কাঁদতে আরম্ভ করলে? মীরার মেবার ছাড়া আর যাবার জায়গা আছে কি? চুপ কর, চুপ কর।

অঞ্চল দ্বারা নয়ন মুছাইয়া দিলেন

চামেলী—আমারও যেন কেমন সব শূন্য শূন্য বোধ হচ্ছে।

মীরা—ও কিছু নয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

খোল করতাল সহ বৈষ্ণবগণের গাহিতে গাহিতে প্রবেশ

জয় জয় গিরিধারী গোপাল।
জয় জয় গিরিধারী গোপাল ॥

১ম বৈষ্ণব—মা, আরতি করুন।

মীরা আরতি করিতে লাগিলেন

বৈষ্ণবগণ—

জয় জয় গিরিধারী গোপাল।
জয় জয় গিরিধারী গোপাল ॥

আরতি শেষ হইলে সকলের গিরিধারীকে প্রণাম

১ম বৈষ্ণব—মা, আপনি ভজন গান করুন।

(কয়েকজন লোকের প্রবেশ, মীরার দিকে চাহিয়া অঙ্গভঙ্গী। কুম্ভের প্রবেশ ও সকলের ভাব দর্শন।)

সাধন কর্‌না চাহিয়ে মনোয়াঁ ভজন কর্‌না চাই।
প্রেম লাগান চাহিয়ে মনোয়াঁ প্রীত কর্‌না চাই ॥
নিত্‌ নাহন্‌সে হরি মিলে তো জল জন্তু হ্যায়।
ফলমূল খাকে হরি মিলে তো বাহুর বাঁদরায় ॥
তুলসী পূজন্‌সে হরি মিলে তো ম্যঁায় পূঁজু তুলসী ঝাড়।
পাথর পূজনসে হরি মিলে তো মঁয় পূঁজু পাহাড় ॥
তিরণ ভখন্‌সে হরি মিলে তো বহুৎ মৃগী অজা।
স্ত্রী ছোড়ন্‌সে হরি মিলে তো বহুৎ রহে হ্যায় খোজা ॥
দুধ পিনে সে হরি মিলে তো বহুৎ বৎস বালা।
মীরা কহে বিনা প্রেম্‌সে মিলে নহীঁ নন্দলালা ॥

নৃত্যগীত শেষ হইল—কুম্ভ ও আগন্তুকগণের প্রহার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মীরা—(গিরিধারীকে জলপানি নিবেদন) বাবা, আপনারা গিরিধারীর প্রসাদ নিন।

বৈষ্ণবগণ—দিন মা।

মীরার প্রসাদ দান, বৈষ্ণবগণের গ্রহণ—প্রসাদ ভোজন ও হস্ত প্রক্ষালন

মীরা—বাবা, আমি আপনাদের সেবা নিজ হাতে করতে পারি না—কোন অসুবিধা হচ্ছে না তো ?

১ম বৈষ্ণব—না মা, এই মায়েরা আমাদের খুব যত্ন করেন—কোন অসুবিধা নাই। আচ্ছা এখন আসি মা।

মীরা—(প্রণাম পূর্ব্বক) আসুন বাবা।

জয় জয় গিরিধারী গোপাল।
জয় জয় গিরিধারী গোপাল॥

গাহিতে গাহিতে বৈষ্ণবগণের প্রস্থান

উদা—দিদি, গিরিধারীর খাবার করিগে, আয় চম্পা, আয় চামেলী।

তিনজনের গমন

দুঃখে, অবমাননায়, ক্রোধে ম্লানবদনে ধীর পদবিক্ষেপ কুম্ভের প্রবেশ

কুম্ভ—মীরাবাঈ, মহারাণী মীরাবাঈ!

মীরা—কি বলছেন ?

কুম্ভ—তুমি কোন্ বংশের কুলবধূ তা জান ?

মীরা—কেন এ কথা বলছেন ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুম্ভ—কেন এ কথা বলছি? আমাদের সূর্য্যবংশে জন্ম, চন্দ্র সূর্য্য পর্য্যন্ত চিতোরের মহারাণীর মুখ দেখতে পায় না—তুমি সেই বংশের কুলবধূ মহারাণী। মীরাবাঈ তোমার এ কি আচরণ? কতকগুলো দুষ্ট লোকের মাঝখানে প্রেমে গলে ওরূপ অঙ্গভঙ্গী করে নৃত্য করতে তোমার লজ্জা হয় না? একবারও মনে হয় না যে তুমি চিতোরের মহারাণী—আজ আমি স্বচক্ষে প্রত্যক্ষ করেছি, তুমি নৃত্য করছো আর দুষ্ট লোকেরা তোমার দিকে কুদৃষ্টিতে চেয়ে আছে। সাধারণ স্ত্রীলোকে যা পারে না তুমি চিতোরের মহারাণী হয়ে সেই নির্লজ্জতার পরাকাষ্ঠা দেখাচ্ছ। বাপ্পারাওয়ের নির্ম্মল বংশে তোমার মত কেউ আর কালিমা লেপন করে নাই। তুমি যে এরূপ আচরণ করতে পারো আমি তা কখন স্বপ্নেও কল্পনা করিনি—আর কি বলবো! (ক্রোধে ক্ষোভে) চিতোরের মহারাণী মীরাবাঈ—বহু লোকের মাঝখানে নৃত্যগীত—(কুম্ভের কণ্ঠ রুদ্ধ হইল, তিনি ক্রুদ্ধ দৃষ্টিতে মীরার দিকে চাহিয়া) ছি ছি, চিতোরের মহারাণী মীরাবাঈ —তোমার এই নির্লজ্জ আচরণ? কুলবধূ তো দূরের কথা, বাজারের বেশ্যারাও করতে পারে কি না সন্দেহ—ছি ছি ছি!

মীরা—(স্তম্ভিত হইয়া কিয়ৎক্ষণ অবস্থান) মহারাণা, মীরার ক্ষত্রিয় বংশে জন্ম; আত্মসম্মান কাকে বলে সে তা জানে। জীবনে মীরা কখন কোন অন্যায় কাজ করে নাই, মহারাণা তাও আপনার অবিদিত নাই। আমি কখনও স্বপ্নেও ভাবিনি যে আপনি এরূপ মহাপাপজনক চিন্তা মনে স্থান দিতে পারেন। আপনার মুখ থেকে এরূপ কথা কখন উচ্চারিত হতে পারে তা আমি কখন মনে করিনি। যদি আমার দ্বারা চিতোরের রাজবংশের মর্য্যাদা ক্ষুণ্ণ হয়ে থাকে তাহলে আমি এখনই তার প্রতিবিধান করছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মীরার গমন ও পরে কুম্ভের গমন

শ্বেতবস্ত্র পরিধানপূর্ব্বক মীরার প্রবেশ

মীরা—গিরিধারী আর কেন? এইবার তোমার বৃন্দাবনে নিয়ে চল।

একে একে অনন্ত বলয় হার ইত্যাদি অলঙ্কার উন্মোচনপূর্ব্বক গিরিধারীর চরণতলে রক্ষা করত গিরিধারীর চরণে প্রণাম পূর্ব্বক—

এস, জয় গিরিধারী গোপাল!

প্রস্থান

(নেপথ্যে—মীরা, মীরা!)

কুম্ভ—কৈ, মীরা তো এখানে নাই, মীরা—মীরা কোথায় গেল? মীরা, মীরা—

চম্পার প্রবেশ

চম্পা, মীরা কোথায়?

চম্পা—মা এই ঘরেই ছিলেন।

কুম্ভ—দেখ দেখি মীরা কোথায় গেল।

উদা ও চামেলীর প্রবেশ

উদা—কি হয়েছে দাদা?

কুম্ভ—মীরা কোথায়?

উদা—দিদি তো এই মন্দিরেই ছিলেন।

কুম্ভ—চম্পা চামেলী তোমরা একবার খুঁজে দেখতো মীরা কোথা গেল।

উভয়ের গমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উদা—আপনি কেন ব্যস্তভাবে তাঁকে খুঁজছেন ?

মীরার বস্ত্র হস্তে চামেলীর প্রবেশ

চামেলী—এই যে মার কাপড় ছাড়া রয়েছে। মা কোথায় গেলেন ? ও কি ! মার গায়ের গহনা সব গিরিধারীর কাছে খোলা রয়েছে।

কুম্ভ—(সত্বর গহনাগুলি হাতে তুলিয়া লইলেন) এ সব তো মীরারই অলঙ্কার।

উদা—দিদিরই তো, এ কি ব্যাপার ! ভাল কাপড় গহনা সব ত্যাগ করে দিদি কোথায় গেল ?

কুম্ভ—চামেলী, যাও যাও—তোমরা আলো ও অন্য দাসীদের নিয়ে বেশ করে রাজভবনের সব জায়গা খুঁজে দেখ।

চামেলীর গমন

উদা—দাদা, আমি তো কিছু বুঝতে পাচ্ছি না, কি ব্যাপার ?

কুম্ভ—আজ সন্ধ্যার পর যখন ভজন হয় তখন ছদ্মবেশে এসেছিলাম। মীরা যখন প্রেমোন্মত্ত হয়ে নাচছে তখন কতকগুলা দুষ্ট লোক তাকে কুদৃষ্টিতে দেখছে দেখে আমার অপমান, ক্রোধ ও দুঃখ হ'ল। আমি সেই কথা মীরাকে এসে রূঢ়ভাবে বলি। ক্রোধের বশে অকথ্য কথা বলে ফেলেছিলাম।

উদা—দাদা দাদা ! কি সর্ব্বনাশ করলেন—মেবারের রাজলক্ষ্মীকে গৃহ হতে দূর করে দিলেন, আপনার মঙ্গলঘট পদাঘাতে চূর্ণ করলেন ? দিদি তো এখানকার নন, দিদি যে গোলোকের দাদা, হায় হায় কি সর্ব্বনাশ হোলো, এই শীতের রাত্রি একাকিনী কোথায় যাবেন ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কখন মন্দির থেকে বাইরে বেরুতেন না, পথ চেনেন না। হায় হায়, কি হ'লো! এই সর্ব্বনাশ হবে বলেই আমার ডান চোখ ডান অঙ্গ নাচছিলো। (কাঁদিতে কাঁদিতে) গিরিধারী! গিরিধারী! তোমার মীরাকে রক্ষা কর, গিরিধারী, মীরাকে ফিরিয়ে নিয়ে এস গিরিধারী!

(কুম্ভ দুই করে চক্ষু মুছিতে লাগিলেন)

চম্পা ও চামেলীর প্রবেশ

চম্পা—আমরা ১০।১৫ জন মিলে আলো নিয়ে রাজবাড়ীর সমস্ত জায়গা দেখেছি, মাকে দেখতে পেলাম না।

উদা—অভিমানিনী দেবী অভিমানে হয় তো প্রাণ বিসর্জ্জন করেছেন।

কুম্ভ—মীরা, মীরা, মীরা—

বহির্দ্দেশে গমন

(নেপথ্যে কুম্ভ—পঞ্চাশজন প্রহরী মশাল নিয়ে মেবারের সমস্ত পথ অন্বেষণ কর।)

(নেপথ্যে—আমরা এখনি যাচ্ছি, মশাল মশাল—)

উদা—হা গিরিধারী! কি করলে গিরিধারী? এই অন্ধকার রাত্রি, অচেনা পথ, কি হবে—গিরিধারী, তোমার মীরাকে তুমি রক্ষা কর।

চম্পা ও চামেলী—মা গো কি করলি মা, আমাদের ছেড়ে কোথায় গেলি মা!

ক্রন্দন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ষষ্ঠ দৃশ্য

দিল্লী রাজসভা

আকবর, তানসেন, উজীর (মন্ত্রী) ও জনৈক ওমরাহ

আকবর—ওস্তাদজী, সে দিনের মীরা মায়ের ভজন এখনও কর্ণে প্রতিধ্বনিত হচ্ছে—

জবসে মোহি নন্দনন্দন দৃষ্টি পড়্যো মাই।
তবসে পরলোক লোক কছু না সোহাই॥

প্রত্যেক কথাটি যেন সুধা দিয়ে তৈরী। কি মধুর পদ রচনা, ততোধিক মধুর অপূর্ব্ব ভজন। আকুলতায় সুরে প্রেমে সব যেন এক হয়ে মিশে গিয়ে কি এক অনির্ব্বচনীয় ভাবের সৃষ্টি করেছিল।

তানসেন—জাঁহাপনা, মীরাবাঈ মানবী নহেন।

আকবর—সত্যই তিনি মানবী নহেন। কোন ব্রজবালা শাপ ভ্রষ্টা হয়ে মেবারের মহারাণী মীরাবাঈরূপে অবতীর্ণ হয়েছেন।

তানসেন—অনেকেই এ কথা বলেন।

আকবর—আপনার গুরুজীর গানেরও তুলনা হয় না।

তানসেন—মীরাবাঈ বা আমার গুরুজী তো গান মানুষকে শোনান না। তাঁদের গানের শ্রোতা স্বয়ং ভগবান। কাজেকাজেই সে গানের সঙ্গে আমাদের মত সাধারণ গায়কের গানের তুলনা হতে পারে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আকবর—উজীর, ৺কাশীধামে লোক পাঠান হয়েছে ?

উজীর—হাঁ হুজুর।

আকবর—(তানসেনের প্রতি) এক অপূর্ব্ব সংবাদ শুনলাম—তুলসীদাস গোস্বামী এক মৃত মনুষ্যকে জীবিত করেছেন, এ কথা আর কখন শুনি নাই। তাঁকে আনতে লোক পাঠান হয়েছে।

তানসেন—তিনি কি আসবেন ?

আকবর—উপযুক্ত লোক পাঠিয়েছি, আসারই সম্ভব বেশী।

(নেপথ্যে তুলসীদাস—রাম, রাম, রাম—)

তুলসীদাসের প্রবেশ, সকলের অগ্রগমন ও নমস্কার—তুলসীদাস প্রতিনমস্কার করিলেন

আকবর—আসুন আসুন, আজ আমার পরম সৌভাগ্য আপনার মত মহাপুরুষের চরণ দর্শন করলাম।

তুলসী—রাম রাম রাম—এ দীন অতি অধম, মহাপুরুষ আমাকে বলবেন না।

আকবর—যিনি মৃত মানুষকে জীবিত করতে পারেন তাঁকে সাধারণ মানুষ কি করে বলি ? এরূপ ঘটনা আমি আর শুনি নাই।

তুলসী—আমাকে কেন আহ্বান করেছেন ?

আকবর—আপনি সিদ্ধপুরুষ, আপনার কৃপায় মৃত ব্যক্তিও জীবন লাভ করেছে—আমাকে কিছু চমৎকার দেখাতে হবে।

তুলসী—সম্রাট, আমার একমাত্র রামনাম ভিন্ন অন্য কিছু তো সিদ্ধাই নেই। আমার সম্বল রাম এবং রামনাম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আকবর—উত্তম কথা, আপনার রামকে দেখান।

তুলসী—আমি ইচ্ছা করলেই তো রামকে দেখাতে পারি না। দেখা দেওয়া না দেওয়া তো তাঁর কৃপা।

আকবর—আপনি তো পরম ভক্ত। আপনি ইচ্ছা করলে অবশ্যই রামকে দেখাতে পারবেন। আপনি যদি প্রার্থনা করেন তাহলে আমায় দর্শন না দিয়ে থাকতে পারবেন না।

তুলসী—সম্রাট, রামকে দর্শন করাবার শক্তি আমার নাই।

আকবর—আমায় ক্ষমা করবেন—আপনি যতক্ষণ রামকে না দেখাবেন ততক্ষণ আপনাকে বন্দী থাকতে হবে।

তুলসী—যা আমার সাধ্যাতীত আমি তা কি করে দেখাই বলুন?

আকবর—প্রহরী!

প্রহরীর প্রবেশ

প্রহরী—(সেলাম করত) জাঁহাপনা!

আকবর—এই গোঁসাইজীকে বন্দী করে কয়েদখানায় রাখো, যতদিন না ইনি রামকে দেখাবেন ততদিন বন্দী থাকতে হবে।

প্রহরী—আসুন।

তুলসীদাস ও প্রহরীর প্রস্থান

তানসেন—ইনি একজন ভক্ত, বিনা অপরাধে বন্দী করাটা—

আকবর—ওস্তাদজী, আমি গোঁসাইজীর কোন সম্মানের হানি করিনি। উনি ভক্ত, ভগবান ভক্তকে চিরদিন রক্ষা করেন। নিশ্চয়ই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এঁর উদ্ধারের জন্য কোন ব্যবস্থা করবেন। আমরা তাঁর মহিমা দর্শনে ধন্য হবো। আপনি চিন্তিত হবেন না। রামচন্দ্র নীরবে থাকবেন না, সত্বরই এঁর উদ্ধারের উপায় করবেন। আপনি একটি গান করুন।

তানসেন তানপুরা বাঁধিয়া লইয়া গাহিলেন

মাধব মধুসূদন মুকুন্দ মুরারে,
কেশব কমললোচন ব্রজ বনোয়ারী।
জনার্দ্দন জগত গর্ব্ব খর্ব্বকারী,
অসুরনাশন কংসাসুরহারী॥
বিষ্ণু বৈকুণ্ঠ বিরাট বামন
বিরিঞ্চি বন্দন বিশ্ববিহারী।
কহে মিঞা তানসেন তুমহো ত্রিগুণগুণী,
গোপাল গিরিধর গোবর্দ্ধনধারী॥

বাহিরে বহুকণ্ঠে—ওগো কোথা যাই গো।
বানরদল—উপ্ উপ্ থ্যাকোর থ্যাক্।
নেপথ্যে—ওরে বাবারে মেরে ফেল্লেরে, মেরে ফেল্লেরে।

আকবর—কি ব্যাপার?

প্রহরীর প্রবেশ

প্রহরী—(সেলাম পূর্ব্বক) জাঁহাপনা, হাজার হাজার বানরে রাজপ্রাসাদ ভর্ত্তি হয়ে গেলো। অন্তঃপুরে বেগমদের কাপড় ছিঁড়ে একাকার করছে। বানরের দল কারুর হাত ধরে টানছে, কাউকে পা ধরে ফেলে দিচ্ছে, ছাদে ঘরে গাছে পালায় বানরে ছেয়ে গেছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বর্ষাকালে যেমন বান আসে সেই বানের মত রাশি রাশি বানর এসে দিল্লী আক্রমণ করেছে। অনেককেই উলঙ্গ করে দিচ্ছে।

নেপথ্যে—উপ্ উপ্ খ্যাকোর খ্যাক্।

ঐ শুনুন জাঁহাপনা বানরদের বিকট শব্দ!

নেপথ্যে বহুকণ্ঠে—উপ্ উপ্ খ্যাকোর খ্যাক্।

গেলুমরে মলুমরে বাবারে, ওরে ন্যাংটো করে দিল রে।

আকবর—এ কি ব্যাপার ?

তানসেন—ব্যাপার আর কি, গোঁসাইজীকে মুক্ত করবার জন্য হনুমানজী সৈন্য পাঠিয়েছেন।

উপ্ উপ্ খ্যাকোর খ্যাক্ করিতে করিতে লম্ফ প্রদান পুর্ব্বক বানর চতুষ্টয়ের প্রবেশ

বানরগণ—উপ্ উপ্ খ্যাকোর খ্যাক্, খ্যাক্ খ্যাক্ খ্যাক্।

আকবরের বস্ত্র আকর্ষণ। উজিরকে ধাক্কা প্রদান। তানসেনকে ধাক্কা প্রদান।

বানরগণ—(তানপুরা লইয়া) উপ্ উপ্ খ্যাকোর খ্যাক্।

আকবর—(বানরগণের প্রতি) তোমরা ক্ষান্ত হও, আমি এখনি গোঁসাইজীকে মুক্তিদান করছি। প্রহরী, সসম্মানে গোঁসাই-জীকে এখানে নিয়ে এস।

প্রহরীর গমন

বানরগণ—উপ্ উপ্ খ্যাকোর খ্যাক্, খ্যাক্ খ্যাক্ খ্যাক্।

তানপুরা বিপরীতভাবে ধরিয়া বাজাবার চেষ্টা

তানসেন—বাবা মহাবীর, তানপুরাটী ভেঙ্গোনা বাবা!

বানরগণ—উপ্ উপ্ খ্যাকোর খ্যাক্, উপ্ উপ্ খ্যাকোর খ্যাক্।

লম্ফ প্রদান

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গোঁসাইজীকে লইয়া প্রহরীর প্রবেশ

আকবর—(গোঁসাইজীর পাদমূলে পতিত হইয়া) ভক্তপ্রবর! আমার অপরাধ ক্ষমা করুন।

তুলসী—(তাঁহাকে উত্তোলন পূর্ব্বক) আমি দীন ভিখারী, আমাকে ওরূপ বলা সাজেনা।

আকবর—আপনি যে রামচন্দ্রের পরম ভক্ত তা বুঝেছি।

বানরগণ—উপ্ উপ্ খ্যাকোর খ্যাক্, উপ্ উপ্ খ্যাকোর খ্যাক্—

উজিরকে ধাক্কা প্রদান—তানপুরা উঁচু করিয়া

উপ্ উপ্ খ্যাকোর খ্যাক্।

তানসেন—ভেঙ্গোনা বাবা!

আকবর—অগণ্য বানরসেনা দিল্লী আক্রমণ করেছে। আপনি কৃপা করে আমাদের রক্ষা করুন। আজ হতে এ রাজভবন আমি ত্যাগ করলাম—আপনার রঘুনাথের হ'ল।

তুলসী—(কৃতাঞ্জলিপুটে)

গোষ্পদীকৃতবারীশং মশকীকৃতরাক্ষসং
রামায়ণ মহামালা রত্নং বন্দেঽনিলাত্মজম্।
অঞ্জনানন্দনং বীরং জানকী শোকনাশনং
কপীশ মক্ষহন্তারং বন্দে লঙ্কা ভয়ঙ্করম্॥

হে মহাবীর! আপনি কৃপা করে দিল্লী রক্ষা করুন।

নেপথ্যে ভীষণ হুঙ্কার

বানরগণ—উপ্ উপ্ খ্যাকোর খ্যাক্, উপ্ উপ্ খ্যাকোর খ্যাক্।

বানরগণের পলায়ন চেষ্টা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চম অঙ্ক

প্রথম দৃশ্য

যমুনাতীর—গোপীগণের নৃত্যগীত

রিণি ঝিণি রিণি ঝিণি মঞ্জীর বাজে,
বাজে, বাজে, বাজে মন-মাঝে।
বহে যমুনা উজান গাহে কল কল গান
'মীরা'কে চিতচোর গিরিধারী নাগর
নাচত অঙ্গন-মাঝে।
শুনি মুরলী-ধ্বনি মধু মাধবী রাতে
ঝরে প্রেমের সলিল মম নয়ন পাতে,
মম চিত্তের বান গাহে আনন্দ গান
হৃদি-যমুনা তীরে শুনি কল কল তান।
এস কৃষ্ণ-মুরারি, সুন্দর গিরিধারি,
(এস) মীরাকে হৃদয় মাঝে॥

গমন

কৃষ্ণের প্রবেশ

কৃষ্ণ— আহা, মীরা মোর গৃহ পরিহরি
উন্মাদিনী প্রায় আসিতেছে বৃন্দাবনে
আমার দর্শন আশে।
আসিবার কালে নদীগর্ভে পড়ে ঝাঁপাইয়া
অলক্ষিতে তারে পরপারে আনি
রাখাল বালকরূপে দেখালাম পথ।
মীরা মোর জানে শুধু গিরিধারী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমিও আমারে হারায়েছি মীরা-প্রেম-পারাবারে।
এত প্রেম মানবীতে কভু না সম্ভবে—
মীরা মোর ব্রজগোপী-অবতার।
সমস্ত বন্ধন তার করিয়া ছেদন
আনিয়াছি বৃন্দাবনে।
এইবার নিভৃতে রহিব নিয়ত মীরার সাথে
ঐ—ঐ—আসে মীরা মোর।

গমন

মীরার প্রবেশ

মীরা— কই, কোথা তুমি প্রিয়তম ?
এই তো তোমার শ্রীবৃন্দাবন ধাম।
সুনীলা যমুনা ওই কুলু-কুলু-স্বরে
গাহিতেছে প্রেমের সঙ্গীত।
কুসুমিত তরুলতা—সুগন্ধ কুসুম
গন্ধে আমোদিত চতুর্দ্দিক,
বসি বৃক্ষশাখে পক্ষীকুল গাহিছে
আপন মনে তোমার বিজয় গীতি।
মরি মরি, কি সুন্দর শ্রীবৃন্দাবন।
এতদিন কেন আন নাই মোরে এই মধু বৃন্দাবনে
আমার চিরসাথী গিরিধারী করি পরিত্যাগ
উন্মাদিনী সম হইলাম গৃহের বাহির।
কে করিবে তাঁর নিত্য নিয়মিত সেবা ?
বাল্যকাল হতে নিজ করে
চিরদিন করিয়াছি সেবা তাঁর
আমার অভাবে না জানি গিরিধারীর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কত কষ্ট হইতেছে প্রতিদিন।
না—দিদি চম্পা শিখিয়াছে সেবা পরিপাটি,
তাদের সেবায় গিরিধারী ভুলে যাবেন আমারে।
বৃন্দাবন আসিবার সাধ্য কি আমার
তাঁরই ইচ্ছায় আসিয়াছি বৃন্দাবন।
কই, কোথা মোর শ্যামসুন্দর
দাও—দেখা দাও, প্রাণেশ্বর
তব তরে আসিয়াছি তব বৃন্দাবনে।
এসো—এসো, দাও দেখা
হে বংশীবাদন, ত্রিভঙ্গমুরারি শ্যাম নটবর
আর কিছু চাহিনাকো আমি,
দরশন মাগি বারেকের তরে,
দাও দেখা মোরে প্রিয়তম।
তোমা বিনা শূন্য বৃন্দাবন
এস তুমি দাও দেখা হে প্রাণবল্লভ
দাও দেখা প্রাণসখা মীরার প্রাণের প্রাণ।

কদম্বতরুমূলে কৃষ্ণ বংশী লইয়া ত্রিভঙ্গ মুরতি হইয়া দাঁড়াইলেন

ওই না, ওই না—কদম্বতরুমূলে
নবীন নাগর বাজাইছে মোহন মুরলী—
মরি মরি কি সুন্দর—কি সুন্দর,
যাই যাই ছুটে যাই
নাও—নাও প্রিয়তম—মীরারে তোমার—

কৃষ্ণের অঙ্গে ঝাঁপাইয়া পড়িলেন—কৃষ্ণের বক্ষে ধারণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয় দৃশ্য

চিত্রকূট—তুলসীদাসের কুটীর

জনৈক চোরের প্রবেশ

চোর—আজ এক আধ দিন নয়, তিন দিন ধরে দেখছি ধনুর্ব্বাণ নিয়ে একটি শ্যামবর্ণ বালক পাহারা দেয়। রাত্রে ৪।৫ বার আসি, দেখি সেই একভাবেই পাহারা দিচ্ছে। সে দিন এক রাজা গোঁসাই-জীকে সোনার থালা ঘটি দিয়ে গেছে, তাই চুরি করবার জন্য আজ তিন দিন ঘুরে বেড়াচ্ছি। থালা ঘটি তো চুরি করতে পারলাম না, উল্টে সেই শ্যামল সেপাই আমার মনটাকে চুরি করে নিলে। সেই সেপাইকে না দেখলে তো আমি বাঁচবো না। ভোর হলে গোঁসাইজীর কাছে গিয়ে একবার সেপাইকে দেখবার কথা বলবো।

গমন

ধনুর্ব্বাণ করে রামের প্রবেশ

রাম—যে নিজের ভার নিজে লয় তার জন্য আমায় ভাবতে হয় না। যারা সব ভার আমার উপর দিয়ে নিশ্চিন্ত হয়েছে তাদের যোগক্ষেম আমাকে বহন করতে হয়। যারা অনন্যভাবে আমার চিন্তা করবে তাদের যা নেই তা আমি এনে দিব, যা আছে আমি রক্ষা করবো। দেখি চোর কোন দিকে গেল। (প্রস্থান)

মহাবীর ও দাস্য মধুরের প্রবেশ

দাস্য—কই হনুমান দাদা, রাম কই ?

মহাবীর—দাঁড়া এইখানে দেখা হবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দাস্য—মধুর, তোমার মীরার অবস্থা জান তো ?

মধুর—খুব জানি।

দাস্য—গৃহ-দ্বার আত্মীয়-স্বজন ত্যাগ করে হা গোবিন্দ হা গোবিন্দ করতে করতে জলে ঝাঁপিয়ে পড়ে শীতে কাঁপতে কাঁপতে অনাহারে অনিদ্রায় বৃন্দাবনে এসেছেন। মরি মরি, মধুর তোমার বালাই নিয়ে মরি !

মধুর—শেষটুকু বল। যমুনাতীরে কুসুমিত কাননে কদম্বতরু-মূলে সেই মোহনমুরলীধারী প্রেমময় মীরাকে বক্ষে গ্রহণ করলেন। এ দাস্য নয় যে চরণে লোটাবে, আমার মীরার স্থান গোবিন্দের বুকে, বুঝলে বেরসিক দাস্য ?

দাস্য—এ নয়নজলের মহাপ্লাবনকে যদি তুমি মধুর বল তাহলে আমি নাচার।

মহাবীর—ঘরে ঘরে বিবাদে আর কাজ নেই, এসো আমার সঙ্গে এখনই এর মীমাংসা হয়ে যাবে।

মহাবীর, দাস্য মধুরের গমন

প্রভাতীতে শ্রীরাম জয় রাম জয় জয় রাম গান করিতে করিতে তুলসীদাসের প্রবেশ

তুলসী—মহাবীরজী বলেছিলেন চিত্রকূটে রাম দর্শন পাবো, কই তা তো পেলাম না। হে রঘুনাথ, কবে তুমি দর্শন দান করবে ?

চোরের প্রবেশ

চোর—গোঁসাইজী !

তুলসী—কেন বাবা ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চোর—তোমার সেই শ্যামল সেপাই কোথা ?

তুলসী—শ্যামল সেপাই কে বাবা আমি তো তাকে জানি না, তুমি তাকে কোথায় দেখলে ?

চোর—আমি চোর। আজ তিন দিন ধরে তোমার সোনার বর্ত্তনগুলা চুরি করবার জন্য আসছি। রাত্রে যখনি চুরি করতে যাই দেখি না এক নতুন দুর্ব্বোঘাসের মত রং সেপাই হাতে ধনুক নিয়ে পাহারা দিচ্ছে। সমস্ত রাত্রি চারবার পাঁচবার এসে দেখি ঠিক সে পাহারা দিচ্ছে। তিন দিন ধরে তাকে দেখে আমার মনটা যেন কেমন হয়ে গেছে। চুরি করবার আর ইচ্ছে নেই, কেবল তাকে দেখতে ইচ্ছে করছে। গোঁসাইজী! একবার তাকে দেখাও গোঁসাইজী!

তুলসী—ওরে তোর কি সৌভাগ্য রে তুই তাঁর দর্শন পেলি। হায় হায় দয়াময় আমার তুচ্ছ থালাঘটি রক্ষা করবার জন্য তুমি রাত্রে এসে কুটিরে পাহারা দাও (বেগে গমন, থালা ঘটি লইয়া প্রবেশ) এই নে বাবা থালাঘটি নে।

চোর—গোঁসাইজী, আমার থালাঘটিতে দরকার নেই, তুমি আমায় সেই শ্যামল সেপাই দেখাও।

তুলসী—বাবা, তাঁকে দেখাবার সাধ্য আমার নাই। তোর জন্মজন্মান্তরের তপস্যা ছিল, তাই তিন দিন তাঁকে দেখতে পেয়েছিস্। যা থালাঘটি নিয়ে যা—

চোর—আমার থালাঘটিতে কাজ নাই তোমার পায়ের তলায় একটু স্থান দাও তাহলে কোনদিন না কোনদিন সেই শ্যামল সেপাইকে দেখতে পাবো।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুলসী—আচ্ছা পরে ব্যবস্থা করবো।

চোর—পরে নয়, এখুনি আমায় দয়া করো।

তুলসী—যা, স্নান করে আয়গে যা—

চোরের গমন—তুলসীদাসের গমন

রামচন্দ্রের প্রবেশ

রাম—এখানকার কাজ শেষ, চোর তুলসীদাসের আশ্রয় নিয়েছে, তার বহুজন্মের সাধনা ছিল তাই আমার দেখা পেয়েছে।

মহাবীর ও দাস্য মধুরের প্রবেশ ও প্রণাম

দাস্য মধুর আকুল নয়নে শ্রীরামচন্দ্রের মুখপানে চাহিয়া রহিল

মহাবীর—এইবার যা তোমাদের বলবার বল, মীমাংসা হয়ে যাবে।

দাস্য মধুর নীরবে চাহিয়া রহিল

রাম—কিসের মীমাংসা ?

মহাবীর—দাস্য বড় কি মধুর বড়, এদের এই বিবাদ উপস্থিত হয়েছে। আমাকে মধ্যস্থ মানে, আমি কিছু ঠিক করতে না পেরে আপনার কাছে এনেছি।

রাম— দাস্য মধুর আমার কাছে আয়।

উভয়ে নিকটস্থ হইল—তাহাদের গাত্রে মস্তক হস্তাবমর্দন করত

ওরে দাস্য মধুর,
আমি এক অদ্বিতীয় রসময়,
রসের আধার রসতম
এক ভিন্ন দুই কিছু নাহি এ সংসারে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমারে আমি আস্বাদিব বলে
শান্ত দাস্য সখ্য বাৎসল্য মধুর
রূপ করিয়া ধারণ
করিতেছি লীলা অহর্দিন।
আমারি মূরতি তোরা।
এ বিরাট ব্রহ্মাণ্ডে এক আমি
সব সেজে করি অভিনয়।
শ্রেষ্ঠ নিকৃষ্ট উত্তম অধম কিছু নাই হেথা,
আছি মাত্র আমি বহুরূপে। যাহারে যেভাবে লইতে
হয় বাসনা আমার, সেই রস
রূপে তাহার হৃদয় করি অধিকার,
আত্মসাৎ করে লই চিরতরে।
আমি সর্ব্বরস রসের আধার রসতম আমি।

দাস্য মধুর প্রণাম করিল

নেপথ্যে তুলসীদাস—মহাবীর একবার—ওগো একবার আমার রামকে দেখাও।

মহাবীর—এস এস ভকতপ্রধান!

তুলসীদাসের প্রবেশ

তুলসী— এই যে এই যে নবদূর্ব্বাদলশ্যাম
মরি মরি, দাও দেব দাও নাথ চরণে আশ্রয়।

পদতলে পতিত হইলেন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয় দৃশ্য

বৃন্দাবন—শ্রীজীবগোস্বামীর দেবালয়ের বহির্ভাগ

মীরার প্রবেশ

মীরা— গিরিধারী মোর,
বিশ্বের সৌন্দর্য্য সব করি সম্মিলিত
সজ্জিত করেছেন তাঁর
শ্রীবৃন্দাবন।
যে দিকে ফিরাই আঁখি, ফিরে
নাহি আসে নয়ন আমার
সেইরূপ সিন্ধুনীরে হয়
নিমজ্জিত,
নীলবসন করি পরিধান যমুনা
সুন্দরী ইন্দ্রনীল মণি সম সুনীল
সলিল ছটায় কুলুকুলু রবে
বহিছে নিয়ত,
মরি মরি, কি সুন্দর যমুনা
আর যমুনা পুলিন বিহারী কারে হেরি
না পারি বুঝিতে
কুসুমিত বৃক্ষরাজি ধ্যানমগ্ন
যোগী সম নীরবে
করে অবস্থান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গন্ধবহ গন্ধভার করিয়া
গ্রহণ ধাইছে চৌদিকে,
পক্ষীকুল বসি বৃক্ষশাখে
গাহিছে মধুর স্বরে
মধুময় গীতি। ময়ূর ময়ূরী
হেরিয়া যমুনা, মেঘভ্রমে নাচিছে
মনের আনন্দে, বৃন্দাবনের
কুঞ্জে কুঞ্জে পথে পথে করি
তব গুণগান
ধন্যা, শতধন্যা আমি এত সুখ
ঘটিবে আমার ভালে কভু
করি নাই মনে, সব কৃপা তব
হে গোবিন্দ—

গীত

মনরে পরশি হরিকে চরণ।
সুভগ শীতল কমল কোমল ত্রিবিধ জ্বালা হরণ॥
জিন চরণ প্রহ্লাদ পরশে ইন্দ্রপদবী ধরণ।
জিন চরণ ধ্রুব অটল কোনে হো রাখি আপনে শরণ॥
জিন চরণ ব্রহ্মাণ্ড ভেট্যো নখ শিখ শিরী ধারণ।
জিন চরণ প্রভুকে পরশিয়ে লিনো তরি গৌতম ঘরণ॥
জিন চরণ কালীনাগ নাথ্যো, গোপলীলা করণ;
জিন চরণ ধর্য্যো গোবর্দ্ধন, মঘবা গরব হরণ॥
দাসী মীরা লাল গিরিধর অগমতারণ কারণ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জনৈক বৈষ্ণবের প্রবেশ—মীরাকে প্রণাম

বৈষ্ণব—মা এখানে কেন।

মীরা—বাবা তুমি এসেছো ভালই হয়েছে। একবার শ্রীপাদ গোস্বামী প্রভুর কাছে গিয়ে বলগে দাসী মীরা তাঁর চরণ দর্শন প্রার্থিনী।

বৈষ্ণব—তাইতো মা তিনি তো কোন স্ত্রীলোকের সঙ্গে দেখা করেন না।

মীরা—তুমি গিয়ে আমার নিবেদন জানাও, তিনি কি বলেন এসে ব'ল।

বৈষ্ণবের গমন

এমন দুর্ভাগ্য প্রেমময় গৌরাঙ্গদেব প্রেমের প্লাবনে জগৎ ভাসালেন, সে সময় আমার জন্ম হলোনা—প্রেমময়ের শ্রীমূর্ত্তি দেখতে পেলাম না। শ্রীপাদ জীবগোস্বামী তাঁরই অন্তরঙ্গ সেবক একবার তাঁকে দর্শন করে ধন্যা হই।

বৈষ্ণবের প্রবেশ

মীরা—কি সংবাদ।

বৈষ্ণব—তিনি বললেন বাঈজী সুশিক্ষিতা ও সাধুচরিত্রা তা আমি জানি কিন্তু আমি গৃহত্যাগী বৈষ্ণব; প্রকৃতি দর্শন ও তাঁদের সঙ্গে সম্ভাষণ আমাদের নিয়ম বিরুদ্ধ।

মীরা—বাবা তুমি আর একবার তাঁর কাছে গিয়ে বল যে মীরা দাসী জানে জগতে শ্রীগোবিন্দই একমাত্র পুরুষ আর সকলেই প্রকৃতি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীবৃন্দাবনে এখন যে শ্রীগোবিন্দের অদ্বিতীয় পুরুষত্বের প্রতিদ্বন্দ্বী আর একটি পুরুষ এসেছেন একথা এই নূতন শুনলাম—শুনে খুব আশ্চর্য্যান্বিতা হলাম।

বৈষ্ণবের গমন

গোবিন্দ প্রকৃতি বলে কি তোমার ভক্ত দর্শনে বঞ্চিত হব ?

শ্রীপাদ জীব গোস্বামীর প্রবেশ (চরণে পতিত হইলেন)

শ্রীজীব—মা আমি আপনার অতুলনীয়া ভক্তির কথা শুনেছি, আজ আপনাকে দর্শন করে যথেষ্ট আনন্দিত হলাম—আসুন মা শ্রীবিগ্রহ দর্শন করবেন।

সকলের গমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্থ দৃশ্য

মেবার—রাজভবন

কুম্ভ

কুম্ভ — মীরা, মীরা, কোথা মীরা মোর ?
এক মীরার বিহনে শূন্য রাজভবন
শূন্য মেবার, যেন কেহ কোথা নাই।
কোথা গেলে প্রিয়তমে ফেলিয়া আমারে,
গোবিন্দ মন্দির শূন্য,
পড়ে আছে গোবিন্দ পূজার দ্রব্য সমুদয়,
নাহি মীরা মোর।
মীরার সুকোমল কর-শোভি
করতাল পড়ে আছে অনাদরে।
আর না গোবিন্দ মন্দির হতে উঠে সেই
হৃদয় উন্মাদকারি ভজন সঙ্গীত।
শূন্য কুসুম উদ্যানে মর্ম্মর বেদিকা,
যাতে মীরা সহ বসি শুনিতাম
মীরা মুখে, গোবিন্দের মধুগীতি,
সব শূন্য, সব শূন্য।
হায় আপনার হৃদপিণ্ড উপাড়িয়া
স্বীয় করে ফেলিয়াছি অগ্নিকুণ্ড মাঝে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দিন যায় রাত্রি আসে,
আমার আঁধার রাতি হলোনাকো অবসান।
কত দিকে কত লোক করিনু প্রেরণ,
কেহ নারিল আনিতে মীরার বারতা,
আহা অভিমানিনী প্রিয়া,
মোর বাক্যবাণে হইয়া ব্যথিতা
ত্যজেছে পরাণ তটিনী-সলিলে।
না—না—গোবিন্দের
প্রিয় সহচরী মীরা আত্মহত্যা করে নাই,
আছে সে জীবিতা,
কভু তার পাইব সন্ধান।
মীরা, মীরা—এস ফিরে দেবি
আর কভু কোন কথা বলিব না প্রিয়তমে।
মীরা, মীরা—দিবস রজনী শুধু
জপি মীরা নাম মহামন্ত্র,
মীরার সাথে সাথে চলে গেছে নিদ্রা মোর
নয়ন হইতে, কোনরূপে দিবাভাগ করিয়া যাপন
সারা নিশি এক মনে জপি শুধু
মীরা—মীরা—মীরা—

নেপথ্যে গীত—

সখিরে মৈঁ তো গিরিধরকে রঙ্গরাতি।
জিনকে পিয় পরদেশ বসন হৈঁ
লিখি লিখি ভেজত পাতি॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মেরে পিয়া মো মা হি বসত হৈঁ
কছু না আতী জাতী ॥

ঐ—ঐ—গাহিছে আমার প্রিয়ার
মধুমাখা ভজন সঙ্গীত।
মরি মরি, কি সুন্দর
কি মনোহর বচনবিন্যাস।

জিনকে পিয়া পরদেশ বসন হৈঁ
লিখি লিখি ভেজত পাতি।

হায় প্রিয়া, কোথা তুমি!
আছে সব, নাহি প্রিয়া মোর।
মীরা মাখা গোবিন্দ মন্দির,
গৃহদ্বার কুসুম উদ্যান,
কই মীরা কোথা তুমি?

নেপথ্যে গীত—

ঘড়ী এক নাহিঁ আবড়ে দরশন বিন মোয়।
তুম্ হি মোর প্রাণজী কাঁসু জীবন হোয় ॥

হায় প্রিয়া তোমারে না হেরে
এক পল নাহি স্থির হয় হৃদয় আমার।
কি করি, কোথা যাই—
কে এনে দেবে মোর মীরার সন্ধান?
মীরা—মীরা—মীরা—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নেপথ্যে গীত—

অবমে শরণ তুহারি জো মোহি রাখ
কৃপানিধান।
অজামিল অপরাধী তারে
তারে নীচ সদান॥
কছু লাগি কছু গিনত নহি
আবৈ আকি রহে বেদ পুরাণ।
মীরা কঁহৈ মে শরণরাবলী
সুনিয়ো দোনো কান॥

আহা মীরা তব মধুগীতি
ধ্বনিছে সতত ঘাটে মাঠে পথে গৃহস্থ ভবনে।
বালক বৃদ্ধ যুবক যুবতী
তোমার ভজন গানে সবে আত্মহারা।

নেপথ্যে গীত—

নিত্ নাহন্সে হরি মিলে তো জল জন্তু হ্যায়।
মীরা কহে বিনা প্রেম্সে মিলে নহীঁ নন্দলালা॥

ঐ—ঐ—গাহিছে গায়ক বর সেই
পুরাতন গীত। কই কই
কোথা মীরা মোর ?

উদাবাঈয়ের প্রবেশ

উদা—দাদা, দিদির কোন সংবাদ পেলেন ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুম্ভ—না ভগ্নি, বহু স্থানে লোক পাঠিয়েছিলাম সকলে ফিরে এসেছে, মীরার কোন সংবাদ দিতে পারেনি। যাক, মীরা চলে গেলো, তার গিরিধারীর সেবার ভার তোমার উপর দিয়ে গেছে। চম্পা চামেলীকে নিয়ে তার গিরিধারীর সেবা করবে, যেন গিরিধারীর কোন কষ্ট না হয়।

উদা—দাদা, গিরিধারীর সেবার আমরা তো কিছু জানি না, গিরিধারীর সেবা দিদিই জানতো। তার গিরিধারীর আদর কি আমরা করতে পারি? তবে সাধ্যমত করছি।

কুম্ভ—মীরা—

উদা—দাদা, আপনি দিদির জন্য আহার নিদ্রা সব ত্যাগ করলেন, শরীর কি করে থাকবে?

কুম্ভ—শরীরের প্রয়োজন ফুরিয়ে গেছে উদা।

উদা—ও কথা বলতে নেই, নিশ্চিতই দিদির সন্ধান পাওয়া যাবে। গিরিধারী কি এমন করবেন যে আর তাঁর কোন খবর পাওয়া যাবে না?

কুম্ভ—দেখ উদা, গিরিধারী সকলকে ক্ষমা করেন কিন্তু যে ভক্তদ্বেষী তাকে তিনি ক্ষমা করেন না। আমি যে তাঁর প্রেমের প্রতিমা মীরার অপমানকারী, তিনি আমায় কখন ক্ষমা করবেন না।

রণজিতের প্রবেশ

উদা যাই গিরিধারীর পুজার জোগাড় করিগে।

গমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রণজিৎ—মহারাণীর কোন সংবাদ পেলে ?

কুম্ভ—না ভাই।

রণজিৎ—বৃন্দাবন কিংবা দ্বারকায় কি কোন লোক পাঠিয়েছিলে ?

কুম্ভ—না, বৃন্দাবন বা দ্বারকায় তো কোন লোক পাঠাই নাই।

রণজিৎ—আমার দৃঢ় বিশ্বাস মহারাণী নিশ্চয়ই শ্রীবৃন্দাবনধামে আছেন।

কুম্ভ—আজই বৃন্দাবনে লোক পাঠাব।

রণজিৎ—ভাই একটা কথা বলবো ?

কুম্ভ—কি বলবে বল।

রণজিৎ—ভাই তুমি মেবারের মহারাণা, বহু প্রজা তোমার মুখপানে চেয়ে আছে। তুমি সদা সর্ব্বদা এরূপ বিমর্ষ হয়ে থাকায় প্রজারা চিন্তিত হয়ে উঠেছে। তোমার শরীরের অবস্থা দেখে মনে হচ্ছে তুমি আহার নিদ্রা ত্যাগ করেছো। তোমার দেহের দিকে একটু লক্ষ্য দেওয়া প্রয়োজন।

কুম্ভ—খাবো কি—কিছুই যে খেতে ইচ্ছে করে না, ভাল লাগে না, রাত্রে কিছুতেই ঘুম আসে না। যদি বা কোন দিন একটু এল দেখি মীরা বলছে, মহারাণা আমি ক্ষত্রিয়া রমণী, আমি চরিত্রের মর্য্যাদা যথেষ্ট জানি। চমক ভেঙ্গে দেখি কেউ কোথাও নেই।

রণজিৎ—মহারাণীকে তোমায় ভুলতে হবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুম্ভ—ভাই, তুমি আমার চির সহচর, তোমার কথা আমি চিরদিন পালন করে এসেছি কিন্তু মীরাকে ভোলার কথা যা বলছো তা তো আমার সাধ্যের মধ্যে নেই ভাই। আমার মনোমন্দিরে মীরার মোহন মূরতি একেবারে চির অঙ্কিত হয়ে রয়েছে, আমার রক্তমাংস অস্থিমজ্জা তাও মীরাময়, আমার শরীরে শিরায় শিরায় রক্ত সঞ্চারিত হয় মীরা মীরা শব্দ করতে করতে, শ্বাস প্রশ্বাস জপ করে মীরা মীরা। যতদিন দেহ থাকবে ততদিন মীরাকে ভুলতে পারবো না ভাই।

রণজিৎ—তুমি ক্ষত্রিয় বীর তোমার মুখে কি এ কথা শোভা পায়?

কুম্ভ—ভাই, আমার এ ভালবাসায় রূপজমোহ বা কামগন্ধ নাই, আমি কোন দিন মীরার অঙ্গ স্পর্শ করিনি, সে গোবিন্দ-প্রিয়া, গোবিন্দ-প্রেমে উন্মাদিনী, আমি তাই তাকে ভালবাসি। এ ভালবাসার কারণ কি তা আমি জানি না, গোবিন্দই জানেন। তবে এটুকু দৃঢ় বিশ্বাস রাখি, মীরাকে এখানে আর দেখতে না পেলেও গোবিন্দচরণে আমি তার সঙ্গে নিশ্চিত মিলিত হবো। মীরার স্মরণ আমায় গোবিন্দচরণে নিয়ে যাবেই।

রণজিৎ—তুমি যে গোবিন্দচরণে এরূপভাবে আত্মসমর্পণ করেছো আমি এতদিন ঠিক তা বুঝিনি। মহারাণীর বিরহ তোমার পত্নীবিরহ নয়, ধর্ম্মসঙ্গিনী বিরহ তা আজ বুঝলাম। যাক্ তিনি মঙ্গলময় মঙ্গল করুন। আচ্ছা আজ আসি ভাই।

কুম্ভ—এস। রণজিতের গমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নেপথ্যে গীত—জনৈক বৈষ্ণব

ভজ মন চরণ কমল অবিনাশী।
জেতাই দীসে ধরণী গগন তেতাই সব উঠি যাসী
কাঁহাভয়ো তীরহ ব্রত কীহ্নে কাঁহালিয়ে করবত কাসী
ইস দেহকী গরব না করলা মাটিমে মিল জাসী।

কুম্ভ—প্রহরী!

নেপথ্যে প্রহরী—মহারাণা!

কুম্ভ—ঐ বৈষ্ণবটীকে আমার কাছে পাঠিয়ে দাও।

নেপথ্যে প্রহরী—যে আজ্ঞা। বাবাজী মহারাজ, আপনাকে মহারাণা ডাকছেন—এই পথ দিয়ে যান।

(বৈষ্ণবের এ বেশ)

কুম্ভ—(নমস্কার করত) বাবা, আপনি যে গানটি পথে গাইছিলেন সেই গানটি আমায় একবার শোনান। বড় সুন্দর গান।

বৈষ্ণব—

ভজ মন চরণকমল অবিনাশী।
জেতাই দীসে ধরণী গগন তেতাই সব উঠি যাসী
কাঁহাভয়ো তীরহ ব্রত কীহ্নে কাঁহালিয়ে করবত কাশী
ইস দেহকী গরব না করলা মাটিমে মিল জাসী।
যো সংসার চহরকী বাজী সাঁঝ পড়্যাঁ উবি জাসী,
কহা ভয়া হৈ ভগবা পহর্যাঁ ঘর ত্যজ ভয়ে সন্ন্যাসী।
যোগী হোয় যুগতি নাহি জানি উলটি জনমি ফির আসি
অরজ কঁরো অবলা করজোরে শ্যাম তুম্‌হারি দাসী।
মীরাকে প্রভু গিরিধারী নাগর কাটো যমকী ফাসী॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুম্ভ—(চক্ষু মুছিয়া) আপনি এ গান কোথায় শিখেছেন ?

বৈষ্ণব—শ্রীধাম বৃন্দাবনে একটি গোপীর মুখে এই গানটি শুনি, তিনি তাঁর গোবিন্দের কাছে আপন মনে গাচ্ছিলেন। আমার বড় ভাল লাগলো, আমি তখনই গাইতে গাইতে গানটি কণ্ঠস্থ করে ফেলি। তাঁকে দেখলে মানুষ বলে মনে হয় না, লোকের কাছে পরিচয় জিজ্ঞাসা করলাম, তারা বললো, আমরা ঠিক জানি না এই শ্রীগোবিন্দ মন্দির এঁর নিজের। তাঁর গোবিন্দের প্রতি প্রেমভাব দেখে মনে হ'ল ইনি রাধারাণীর কোন সখী হবেন। জীবের মঙ্গলের জন্য কোন রাজরাজড়ার ঘরে জন্মেছেন। তাঁর সৌন্দর্য্য দেখলে মনে হয় তিনি বড় ঘরের মেয়ে তাঁর নাম মীরাবাঈ। মেয়েটিকে দেখলে ব্রজগোপীর অবতার বলে মনে হয়। তিনি নিজে রচনা করে ভজন করেন। মহারাণা, গানটি ভাল লাগলো ?

কুম্ভ—(মস্তক নত করত চক্ষু মুছিলেন) বেশ গান বাবা, আপনি গোবিন্দের মন্দিরে প্রসাদ পাবেন। (কয়েকটি স্বর্ণ ও রৌপ্য মুদ্রা লইয়া) এই সামান্য অর্থ আপনার গানের পারিতোষিক নয়, তবুও যৎকিঞ্চিৎ প্রণামী নিন। (বৈষ্ণবকে মুদ্রা দান, বৈষ্ণবের গ্রহণ) আপনি গোবিন্দ মন্দিরে যান।

কুম্ভের নমস্কার—বৈষ্ণবের গমন

গোবিন্দ এতদিনে আমায় চিতোরের রাজ্যভার হতে মুক্তি দিলেন। এ ব্রজগোপী মীরাবাঈ আর কেহ নয়—আমার মীরা। আজই রাজ্যের সমস্ত ব্যবস্থা করে কাল ভোরে গোবিন্দকে স্মরণ ক রত বৃন্দাবনধাম যাত্রা করবো। হে গিরিধারী, আমি যেন মীরাকে দেখতে পাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উদার প্রবেশ

উদা—দাদা, আপনি—

কুম্ভ—উদা, মীরার সংবাদ পাওয়া গেছে।

উদা—কোথা কোথা ?

কুম্ভ—শ্রীধাম বৃন্দাবনে শ্রীগোবিন্দজীর একটী মন্দির তৈরী করে শ্রীগোবিন্দের সেবা করছে।

উদা—কার মুখে শুনলেন ?

কুম্ভ—শ্রীবৃন্দাবন হতে আগত একজন বৈষ্ণবের মুখে।

উদা—হে গিরিধারী, তোমার অপার করুণা। আমার দিদি যে প্রাণে বেঁচে আছেন এই আমাদের পরম লাভ। দাদা আপনি বৃন্দাবন যাবেন ?

কুম্ভ—কালই বৃন্দাবন যাবো।

উদা—তাঁকে মেবারে আনতে হবে। আসুন গোবিন্দের ভোগ হয়ে গেছে।

কুম্ভ—চল।

উভয়ের গমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চম দৃশ্য

শ্রীবৃন্দাবনধাম—মীরাবাঈয়ের গোবিন্দ মন্দির

মীরা

মীরা—গিরিধারী তুমি আমায় ডাকছো, আজ তোমার নিত্য বৃন্দাবনধামে যেতে হবে। আমি তো প্রস্তুত হয়েই আছি, নিয়ে চল। আমার হাত ধরে তোমার সেই নিত্য বৃন্দাবনধামে নিয়ে চল। মীরার আসা যাওয়ায় তো কোন হাত নেই, তোমার চির চরণ সেবিকাকে এখানে লীলা করাবার জন্য এনেছিলে, এখানকার লীলা শেষ হয়েছে তো নিয়ে চল।

দুইজন ব্রজগোপীর প্রবেশ ও মীরাকে প্রণাম

আয় মা, দেখ মা আমার গোবিন্দের সেবার ভার আজ হতে তোদের দিলাম, তোরা আমার গোবিন্দের সেবা করবি।

১মা—তুমি কোথা যাবে মা ?

মীরা—আমায় গোবিন্দ আর এক দেশে নিয়ে যাবেন।

২য়া—কোথায় মা, কোথায় ?

মীরা—যে দেশে গেলে মানুষ আর ফিরে আসে না।

১মা—ওমা, ও অলক্ষুণে কথা বলতে নেই, তুমি গেলে আমরা কেমন করে থাকবো মা ?

মীরা—গোবিন্দের নাম করে গোনা দিনকটা কাটিয়ে দিবি।

২য়া—এমন কথা তো তুমি বল না, এ সব কেন বলছ মা ?

মীরা—ঐ, ঐ—গোবিন্দ আমায় ডাকছেন—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিয়ে চল নিয়ে চল নিয়ে চল সেইখানে।
তোমাতে আমাতে রব এক সাথে জীবনে মরণে॥
স্বর আলোকে যে দেশ গড়া
স্বর আলোক যেথায় ভরা
ঝরিছে স্বর আলোক ধারা
গগনে পবনে॥
আনন্দ যেথা ধরিয়া মূরতি
করিছে খেলা দিবস রাতি
(ঘন) আনন্দে গতি আনন্দে স্থিতি
সেই সে আনন্দ কাননে॥

মীরার নিশ্চলভাবে অবস্থান

বৈষ্ণবগণের প্রবেশ

১ম বৈষ্ণব—আজ গোবিন্দ মন্দির নীরব কেন, মা যে ভজন করছেন না?

১মা গোপী—গান করতে করতে স্থির হয়ে বসে আছেন, এ রকম তো কোন দিন থাকেন না।

২য় বৈষ্ণব—তাই তো, কিছু বোঝা যাচ্ছে না তো।

২য়া গোপী—আমাদের বললেন, তোমাদের উপর গোবিন্দের সেবার ভার দিলাম, গোবিন্দ আমায় ডাকছেন আমি তাঁর নিত্য বৃন্দাবনে যাবো—বলে গান করার পর থেকে কেমন হয়ে রয়েছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২য় বৈষ্ণব—বুকে হাত দিয়ে দেখ দেখি বুকের ক্রিয়া হচ্ছে কি না ?

১মা গোপী—(দেখিয়া) অতি সামান্য—ওই যা, বন্ধ হয়ে গেল।

২য় বৈষ্ণব—চক্ষু স্থির হয়ে রয়েছে।

তুলসীদাসের প্রবেশ

তুলসী—এই কি মীরাবাঈয়ের মন্দির ?

১ম বৈষ্ণব—আজ্ঞে হাঁ।

তুলসী—তিনি কোথায় ?

২য় বৈষ্ণব—তিনি যে কোথায় আমরা ঠিক বুঝতে পারছি না, আপনি দেখুন দেখি।

তুলসী—(নিকটস্থ হইয়া) এ তো মহাসমাধি বলে মনে হচ্ছে। কতক্ষণ এরূপে আছেন ?

১ম বৈষ্ণব—তা অনেকক্ষণ আছেন।

তুলসী—আচ্ছা সকলে নাম করুন।

গোবিন্দ গোপাল জয় গিরিধারী গোপাল।
গোবিন্দ গোপাল জয় গিরিধারী গোপাল॥
গোবিন্দ গোপাল জয় গিরিধারী গোপাল।
গোবিন্দ গোপাল জয় গিরিধারী গোপাল॥

নেপথ্যে মহারাণা কুম্ভ—এইটী কি মীরাবাঈয়ের গোবিন্দমন্দির ?

১ম বৈষ্ণব—আজ্ঞে হাঁ, আসুন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুম্ভের প্রবেশ

কুম্ভ— মীরা, মীরা, কই—কই—
চিতোরের অধীশ্বরী—মেবার কুসুম
মহারাণী মীরাবাঈ, জীবন সঙ্গিনী
স্বর্ণ প্রতিমা মোর ?

তুলসী— এ কি !
এ যে চিতোরের অধিপতি মহারাণা কুম্ভ !

কুম্ভ— (নিকটস্থ হইয়া) মীরা, মীরা—
এখনও কি যায় নাই অভিমান তব ?
দাও—দাও—কথার উত্তর।

তুলসী— মহারাণা, গোবিন্দের প্রিয় সহচরী চলে গেছে
নিত্য বৃন্দাবনে, কে দিবে কথার উত্তর ?

কুম্ভ— না—না, মীরা মোর সমাহিতা গোবিন্দের ধ্যানে।
মীরা—মীরা—সত্যই কি চলে গেলি
রে পাষাণী নিত্য বৃন্দাবনে ?
হায়, কত আশা করে মেবার হইতে উন্মাদের মত
ছুটিতে ছুটিতে আসিলাম হেথা
আর তুই রে পাষাণী সকল কামনা মোর দলিয়া চরণে
চলে গেলি গোবিন্দের পাশে ?
মীরা—মীরা—মীরা !
গোবিন্দ, কর হে গ্রহণ, তোমার কিঙ্করে—

মূর্চ্ছা

যবনিকা পতন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশ্রীঠাকুর—রচিত পুস্তকাবলী

শ্রীশ্রীগুরুমহিমামৃত—১॥০
শ্রীশ্রীনামমহিমামৃত—১॥০
ক্ষেপার ঝুলি (১ম খণ্ড)—১॥০
শ্রীশ্রীতুলসীমহিমামৃত—১॥০
ক্ষেপার ঝুলি (২য় খণ্ড)—১॥০
মহারসায়ন ৩য় সংস্করণ—১৲
পাগলের খেয়াল ৩য় সংস্করণ—১।০
শ্রীশ্রীগুরুগীতা ২য় সংস্করণ—১৲
শ্রীশ্রীনামরসায়ণ ২য় সংস্করণ—১৲
পুষ্পচন্দন—॥০
চোখের জলে মায়ের পূজা—১৲
বর্ণাশ্রমবিপ্লব—॥০
সুধার ধারা ২য় সংস্করণ—॥০
শ্রীরামনাম-লিখন মহিমা—।০
ত্রৈকালিক স্তবমালা ৩য় সংস্করণ—।০
শ্রীশ্রীনামামৃতলহরী—১৷৵০
অভয়বাণী—।৴০
শাণ্ডিল্য সূত্র—১।০

সম্প্রদায়ের অন্যান্য পুস্তক

অনুবাদ—ইংরাজী এস্, শীল কৃত—

A short Biography of Sri Sitaramdas Omkarnath—।০

মহারসায়ন—১॥০ ক্ষেপার ঝুলি ১ম খণ্ড—১॥০ বর্ণাশ্রমবিপ্লব—৷৶০

মহারসায়ন (হিন্দী)—অধ্যাপক সুশীলকুমার বাজপেয়ী এম, এ কৃত—১৲

মহারসায়ন (তেলেগু)—শ্রীমৎ দাসশেষজী কৃত—১৲

ক্ষেপার ঝুলি (তেলেগু)—-শ্রীযুক্ত বুলুসু সূর্য্যপ্রকাশ শাস্ত্রী—(যন্ত্রস্থ)

শ্রীপ্রণবানন্দ কিঙ্কর রচিত—ছয় রাগ ছত্রিশ রাগিণী—১॥০

কিঙ্কর গোবিন্দদাস রচিত—দাক্ষিণাত্যে শ্রীশ্রীঠাকুরের নাম প্রচার-পত্রাবলী—৷৵০ বাণীমালা—॥৶০ —লীলা ১ম খণ্ড—৷৵০

শ্রীমৎ সীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্ত্তিত

মাসিক পত্রিকা— **দেবযান** বার্ষিক সডাক—৪৲
(৭ম বর্ষ)

প্রাপ্তিস্থান—১। শ্রীরামাশ্রম—পোঃ ডুমুরদহ, হুগলী
২। দেবযান কার্য্যালয়—পোঃ মগরা, হুগলী ৩। গ্রন্থনিকেতন—চুঁচুড়া
৪। মহেশ লাইব্রেরী—কলি ১২ ৫। সংস্কৃত পুস্তক ভাণ্ডার—কলি ৬
৬। শ্রীপদ্মলোচন মুখোপাধ্যায়—"কেদার ভবন" বালী, হাওড়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অপ্রকাশিত গ্রন্থ

শ্রীগীতা (বড়)—(প্রণব প্রেমপীযুষাখ্য ব্যাখ্যা সহ)

শ্রীচণ্ডী (বড়)—(ওঙ্কারমূলক ব্যাখ্যা)

ঈশকেনোপনিষৎ—(ওঙ্কারমূলক ব্যাখ্যা

কঠাংশ— ঐ

গঙ্গামহিমামৃত

নারদ ভক্তিসূত্র

আলবার লীলামৃত

শ্রীবৈষ্ণব আচার্য্য চরিতামৃত

শ্রীরামানুজ লীলামৃত

শ্রীশ্রীভক্তলীলামৃত

প্রপন্ন পথিক (২য় খণ্ড)

শ্রীসন্তলীলালহরী

কথা রামায়ণ (উত্তরার্দ্ধ)

ক্ষেপার ঝুলি (৩য় খণ্ড)

শ্রীশ্রীনামামৃত লহরী (২।৩।৪।৫।৬ভাগ)

অষ্টবক্রসংহিতা (অন্বয় মুখে ব্যাখ্যা—পদ্যানুবাদ সহ)

পাতঞ্জলদর্শন—ভোজবৃত্তির বঙ্গানুবাদ

প্রকাশিত গ্রন্থ

উড়িয়া—অচ্যুতানন্দের ভবিষ্যদ্‌বাণী—।০

তেলেগু—মহামন্ত্র কল্পতরু (দাশ-শেষজী অনূদিত) ॥০, মহামন্ত্র সংকীর্ত্তন (ঐ) ।০, শ্রেষ্ঠধর্ম্ম (ঐ) ।০, অভয়বাণী (ঐ) ।০

গুজরাটী—মহারসায়ন (যন্ত্রস্থ)

হিন্দী—মহামন্ত্র কল্পতরু (যন্ত্রস্থ) (হরিনন্দন ঝাঁ অনূদিত)

মহামন্ত্র সংকীর্ত্তন (যন্ত্রস্থ) ঐ

বাণীমালা (যন্ত্রস্থ)

আঁধারে আলো (যন্ত্রস্থ)

দিব্যজীবন (যন্ত্রস্থ)

গুরুগীতা (যন্ত্রস্থ)

নাটক

নদীয়া নাগর, ভক্তলীলা, গুরুপূজা, বিজনে বিজয়া, মিলন যজ্ঞ, শিব বিবাহ, শ্রীজগদ্‌গুরু রামানন্দ, তাপস হবির।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Srj Anandamayee Ashram Collection, Varanasi